দাম : ৫ টাকা

কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 39 ■ Issue No. 42 ■ 17th October, 2026 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

পি.এস.সি ক্লার্কশিপ - ২০২৪ খুঁটিনাটি

- যোগ্যতা : মাধ্যমিক পাশ ● বয়স : ১৮ থেকে ৪৫ বছর
- শূন্যপদ : প্রায় ৬,০০০ ● পরীক্ষা হবে দু'টি ধাপে ● পার্ট-। পরীক্ষা ডিসেম্বরে
- দরখাস্ত নেওয়া শুরু হয়েছে ৬ অক্টোবর থেকে, চলবে ২৬ অক্টোবর পর্যন্ত

PSC'র ক্লার্কশিপ পরীক্ষার মাধ্যমে রাজ্যে ৬,০০০ ক্লার্ক

মাধ্যমিক পাশ পশ্চিমবঙ্গর ছেলেমেয়েদের জন্য এই সরকারি চাকরির পরীক্ষা এবছরের ডিসেম্বরেই

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : পশ্চিমবঙ্গ সরকারের সেক্রেটারিয়েট, ডিরেক্টরেট, জেলা অফিস, রিজিওন্যাল অফিস ও অন্যান্য আঞ্চলিক অফিসে কাজের জন্য 'লোয়ার ডিভিশন ক্লার্ক' পদে প্রায় ৬,০০০ শূন্যপদের জন্য অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হয়েছে ৬ অক্টোবর থেকে। চলবে ২৬ অক্টোবর পর্যন্ত।

মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট বা, পোস্ট গ্র্যাজুয়েট ছেলেমেয়েরাও আবেদনের যোগ্য। কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকতে হবে। কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ২০টি কিংবা বাংলা টাইপিংয়ে মিনিটে অন্তত ১০টি শব্দ তোলার গতি থাকতে হবে। এজন্য দরখাস্ত করার সময় নির্দিষ্ট অপশন'এ টিক চিহ্ন দিতে হবে। যাঁরা কম্পিউটার জানেন না, তাঁদের টাইপিং টেস্টের আগেই শিখে নিতে হবে।

বয়স হতে হবে ১-১-২০২৪'এর হিসাবে ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৭৯ থেকে ১-১-২০০৬'র মধ্যে। তপশিলী সম্প্রদায়ের প্রার্থীরা ৫ বছর, অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, দৈহিক প্রতিবন্ধীরা (৪০% ও তার বেশি হলে) ৪৫ বছর বয়স পর্যন্ত ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরাও যথারীতি বয়সের ছাড় পাবেন। পশ্চিমবঙ্গের বাইরের প্রার্থীরা 'জেনারেল কাস্ট'এর প্রার্থী হিসাবে আবেদন করতে পারবেন।

মূল মাইনে : ২২,৭০০-৫৮,৫০০ টাকা। শুরুতে মোট মাইনে মাসে প্রায় ৩০,০০০ টাকা। বাংলা ভাষায় লিখতে, ☞ এরপর ১০ পাতায়

রেলে ৩,৫৪৮ ক্লার্ক, গার্ড, টাইপিস্ট

গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : ভারতীয় রেলের বিভিন্ন ডিভিশন ও জোনে কাজের জন্য নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরিতে গ্র্যাজুয়েট যোগ্যতায় গুডস ট্রেন ম্যানেজার, চিফ কমার্শিয়াল কাম টিকিট সুপারভাইজর, জুনিয়র অ্যাকাউন্ট অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট ও সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে ৩,৫৪৮টি শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া শুরু হয়েছে ৮ অক্টোবর থেকে। চলবে ৬ নভেম্বর পর্যন্ত। এই পদের বিজ্ঞপ্তি নং ৬/২০২৬। কারা কোন পদের জন্য যোগ্য :

ক্যাটেগরি নং ১ : চিফ কমার্শিয়াল কাম টিকিট সুপারভাইজর : যে কোনো শাখার গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার B-2. বেসিক পে ৩৫,৪০০ টাকা। শূন্যপদ : ১২৭টি।

ক্যাটেগরি নং ২ : গুডস ট্রেন ম্যানেজার : যে কোনো শাখার গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি ☞ এরপর ৫ পাতায়

কলকাতার ১০২টি আইটি কোম্পানিতে

৩১,৩৭৪ GenAI বেসড UI/UX ডিজাইনার ও প্রোডাক্ট ডিজাইনার

প্রমা দাস, সল্টলেক : কলকাতার ১০২টি আইটি ও সফটওয়্যার রিলেটেড সার্ভিসেস কোম্পানিতে ১১,০৭৪ 'GenAI বেসড UI/UX ডিজাইনার' ও ২০,৩০০ 'GenAI বেসড প্রোডাক্ট ডিজাইনার' ছেলেমেয়ে লাগবে।

পদ : GenAI বেসড UI/UX ডিজাইনার। যেকোনো শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও, যেকোনো শাখার গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে ☞ এরপর ১০ পাতায়

ঢাকে পড়ল কাঠি

দুর্গাপুজো উপলক্ষ্যে পাঠক, বিজ্ঞাপনদাতা, পত্রিকা বিক্রেতাদের জানাই শুভেচ্ছা ১৭-২১ অক্টোবর বন্ধ থাকবে আমাদের কার্যালয়। পরের সংখ্যা যথারীতি ২৭ অক্টোবর বেরোবে।

আমরা অপারক

গত ২ বছরে ধাপে-ধাপে বেড়ে আজ নিউজপ্রিন্টের দাম প্রায় দেড় গুণ হয়েছে। সেইসঙ্গে প্লেট ও কালির দামও বেড়েছে। তাই পত্রিকার দাম মাত্র ১ টাকা বাড়াতে বাধ্য হচ্ছি। আশা করি পাঠক-পাঠিকারা সহযোগিতা করবেন। ৭ নভেম্বর সংখ্যা থেকে **কর্মসংস্থান** পত্রিকার দাম হচ্ছে ৬ টাকা।

কোস্ট গার্ডে ৫৬৫ নাবিক

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : ভারতীয় উপকূলরক্ষী বাহিনী (ইন্ডিয়ান কোস্ট গার্ড) 'নাবিক ডোমেস্টিক ব্রাঞ্চ', 'নাবিক (জেনারেল ডিউটি)', 'নাবিক (হাইজেনিস্ট-।)' ও 'যান্ত্রিক' পদে ৫৬৫ জন ছেলেমেয়ে নিচেছ। এবার থেকে এই পদে প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। কারা কোন পদের জন্য যোগ্য :

নাবিক (জেনারেল ডিউটি) : অঙ্ক ও ফিজিক্স বিষয় নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ১-১১-২০০৫ থেকে ১-৫-২০০৯'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া ভালো চোখে ৬/৬ ও খারাপ ☞ এরপর ৩ পাতায়

GSCE Ad for Karmasangsthaan Oct '26 15×7 cm

লক্ষাধিক সরকারি চাকরিতে নিয়োগ আগামী ৮ মাসের মধ্যেই

PSC ক্লার্ক, রেল NTPC, Police, Staff Selection সহ একাধিক নিয়োগের ফর্ম ফিলাপ চলছে

COURSES
- WBCS
- Regular Combined Course
- Smart Combined Course
- GSCE Digital

GSCE-র ৫০ হাজারেরও বেশি সফল ছাত্রছাত্রী বর্তমানে বিভিন্ন কেন্দ্রীয় ও রাজ্য সরকারি দপ্তরে কর্মরত

আপনার সাফল্যই আমাদের অঙ্গীকার

প্রতিযোগিতার এই যুগে এগিয়ে থাকুন সবার আগে

GSCE কেন সেরা
- ✓ আপডেটেড স্টাডি মেটিরিয়াল
- ✓ এক্সপার্ট এবং এক্সপিরিয়েন্সড ফ্যাকাল্টি
- ✓ পরিকল্পিত ও উন্নতমানের মকটেস্ট
- ✓ অনলাইন ও অফলাইন ক্লাসের সুবিধা
- ✓ মডার্ন লাইব্রেরির সুবিধা
- ✓ রেগুলার অ্যাসেসমেন্ট, মান্থলি ও উইকলি টেস্ট
- ✓ চাকরির পরীক্ষার ফর্ম ফিল-আপে সম্পূর্ণ সহযোগিতা
- ✓ রেকর্ডেড ও পরীক্ষাভিত্তিক ক্লাস
- ✓ মক ইন্টারভিউ সেশন
- ✓ ইন্ডিভিজ্যুয়াল গাইডেন্স

George School of Competitive Exams
— A Unit of The George Telegraph Group —
GSCE
পড়লেই সরকারি চাকরি

Offline ও Online উভয় পদ্ধতিতে Admission চলছে

SEALDAH (H.O) ✆ 96740 87465 / 90510 40306

• Krishnanagar : 9230195930	• Siliguri : 8101287877
• Berhampore : 9674087471	• Contai : 7908140150
• Coochbehar : 9830277023	• Ranaghat : 7501722388
• Kalyani : 8336022555	• Bagnan : 9230195925

Website : www.gsceindia.org | Helpline : 98302 77100

বিমা সংস্থায় ৩২১ অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : কেন্দ্রীয় সরকারের অধীন সংস্থা, ন্যাশনাল ইনসিওরেন্স কোম্পানি লিমিটেড 'অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার স্কেল-।' পদে ৩২১ জন ছেলেমেয়ে নিচেছ। কারা কোন পদে যোগ্য :

জেনারেলিস্ট : যে কোনো শাখার গ্র্যাজুয়েট বা, পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ২০০টি (জেনাঃ ৮০, ও.বি.সি. ৫৫, তঃজাঃ ৩০, ☞ এরপর ২ পাতায়

CSIR-UGC NET- Dec 2026 পরীক্ষার মাধ্যমে

কয়েকশো অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, জুনিয়র রিসার্চ ফেলো, পিএইচ.ডি

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : পশ্চিমবঙ্গ-সহ সারা ভারতের কলেজগুলির 'অ্যাসিস্ট্যান্ট প্রফেসর/ লেকচারারশিপ' পদে চাকরি ও 'জুনিয়র রিসার্চ ফেলোশিপ' আর 'পিএইচ.ডি.' কোর্সে ভরতির জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন আর বৈজ্ঞানিক ও শিল্প সংক্রান্ত গবেষণা সংসদ 'ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট বা, (CSIR-UGC NET December-2026) পরীক্ষার দরখাস্ত নিচেছ। ☞ এরপর ৩ পাতায়

ভিলাই স্টিল প্লান্টে ৭১০ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা, ভিলাই : ভিলাই স্টিল প্লান্ট ৭১০ জন 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস' ও 'ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস' নিচ্ছে। কারা কোন ক্ষেত্রে যোগ্য:

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস : সেরামিক টেকনোলজি, কেমিক্যাল, সিভিল, কম্পিউটার সায়েন্স, ই.ই.ই., ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল / মেকাট্রনিক্স, মেটালার্জি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ☞ এরপর ২ পাতায়

কলকাতা পুলিশের SI ও সার্জেন্টের ফল

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : কলকাতা পুলিশের ২০২৩ সালের সাব-ইন্সপেক্টর, সাব-ইন্সপেক্ট্রেস ও সার্জেন্ট পদের চূড়ান্ত ফল বেরিয়েছে। সফল হয়েছেন ৩০২ ☞ এরপর ৩ পাতায়

WBP'র SI'এর সংশোধিত শূন্যপদ

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : পশ্চিমবঙ্গ পুলিশে ২০২৪'সালের সাব-ইন্সপেক্টর (আন-আর্মড ও আর্মড ব্রাঞ্চ) পদের মেনস পরীক্ষার ফল খুব শিগগিরই ☞ এরপর ২ পাতায়

রাজ্য ও রেল পুলিশে ড্রাইভার

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : পশ্চিমবঙ্গ পুলিশের চন্দননগর পুলিশ কমিশনারেট ড্রাইভার পদে কিছু ছেলে নিচ্ছে। অন্তত মাধ্যমিক পাশ ছেলেরা ১-১০-২০২৬'এর ☞ এরপর ১২ পাতায়

কর্মসংস্থান
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

স্কুল-কলেজ-শিক্ষা

NIOS রবীন্দ্র BOSSE
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422

R

কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ করুন
✆ : 7890135514

কর্মখালি

হোটেল ম্যানেজমেন্ট কোর্স বিদেশে। মরিশাস, সিঙ্গাপুরে হোটেল ম্যানেজমেন্ট কোর্স করে 50 হাজার- 1 লাখ 20 হাজার earn করার সুযোগ। কোর্স শেষে ওয়ার্ক পারমিটের সুযোগ। যোগাযোগ - 8145273529

D

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

কর্মখালি

Naihati Pvt. ITI, Vill. & P.O. Dogachia, 24 PGS (N). Pin 743130. Recruitment 2026. 1. Electrician instructor (CITS) : With (ITI / Diploma / B.Tech / M.Tech). 2. Fitter instructor (CITS) : With (ITI / Diploma /B.Tech / M.Tech). 3. Accountant com student counselor : (Graduate in commerce) (Must be knowledge Tally & other accounting software). Mob : 8282824274 / 8282983625, E-mail : npiti.recruitment@gmail.com

SU

চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**

বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনো ভাবেইদায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**

বিমা সংস্থায় ৩২১

১ পাতার পর

তঃউঃজাঃ ১৫, ই.ডব্লু.এস ২০)। এর মধ্যে প্রতিবন্ধী ৮টি।

লিগ্যাল : আইন শাখার গ্র্যাজুয়েট বা, পোস্ট-গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ২০টি (জেনাঃ ১০, ও.বি.সি. ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস ২)।

অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং : অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক) কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ২০টি (জেনাঃ ১০, ও.বি.সি. ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস ২)।

ইনফর্মেশন টেকনোলজি : কম্পিউটার সায়েন্স বা, ইনফর্মেশন টেকনোলজির ৪ বছরের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স কিংবা এম.সি.এ. কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৫, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস ১)।

ফিনান্স : মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি বা, কস্ট অ্যাকাউন্ট্যান্সি কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ২০টি (জেনাঃ১০, ও.বি.সি.৫, তঃজাঃ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস২)।

অ্যাগ্রিকালচার : অ্যাগ্রিকালচার, অ্যাগ্রিকালচারাল বায়োটেকনোলজি, অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি বা, পোস্ট-গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : ২০টি (জেনাঃ ৯, ও.বি.সি. ৫, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস ২)।

রিস্ক ইঞ্জিনিয়ার : ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি বা, পোস্ট-গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : ২৮টি (জেনাঃ ১৩, ও.বি.সি. ৭, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস ৩)।

কোম্পানি সেক্রেটারিস : মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আই.সি.এস.আই. থেকে এ.সি.এস. / এফ.সি.এস. কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-১০-২০২৬'র হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-১০-১৯৯৬ থেকে ১-১০-২০০৫'এর মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর আর দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৮২,৪৮৫-১,৫৬,৭৪৫ টাকা। শুরুতে মেট্রো শহরে চাকরি হলে মোট মাইনে মাসে প্রায় ১,১৪,০০০ টাকা। এছাড়াও অন্যান্য ভাতা পাবেন। শুরুতে ১ বছরের প্রবেশন, যা আরো ৬ মাস বাড়তে পারে।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা হবে ১৭ নভেম্বর। এইসব কেন্দ্রে : কলকাতা/ গ্রেটার কলকাতা, শিলিগুড়ি, আসানসোল, আগরতলা, গ্যাংটক, বেরহামপুর, রৌরকেলা, কটক, ভুবনেশ্বর, রাঁচী, জামশেদপুর, ভাগলপুর, গয়া, পটনা, জোড়হাট, শিলচর, ডিব্রুগড়, গুয়াহাটি।

এই পরীক্ষায় ১০০ নম্বরের অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ -৩০ নম্বর, (২) রিজনিং এবিলিটি -৩৫ নম্বর, (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড - ৩৫ নম্বর। সময় থাকবে এক ঘন্টা। সফল হলে মোট শূন্যপদের ১৫ গুণ প্রার্থীকে দ্বিতীয় পার্টের অনলাইন পরীক্ষার জন্য ডাকা হবে। পরীক্ষা হবে ২২ ডিসেম্বর। তখন জেনারেলিস্ট পদের বেলায় এই পরীক্ষায় ২৫০ নম্বরের ২৫০টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) টেস্ট অফ রিজনিং -৫০ নম্বর, (২) টেস্ট অফ কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড -৫০ নম্বর, (৩) টেস্ট অফ জেনারেল অ্যাওয়ারনেস -৫০ নম্বর, (৪) টেস্ট অফ ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ৫০ নম্বর, (৫) টেস্ট অফ কম্পিউটার নলেজ -৫০ নম্বর।

'স্পেশালিস্ট' পদের বেলায় অবজেক্টিভ টাইপের এই পরীক্ষায় ২৫০ নম্বরের ২৫০টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) টেস্ট অফ রিজনিং -৪০ নম্বর, (২) টেস্ট অফ কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড -৪০ নম্বর, (৩) টেস্ট অফ জেনারেল অ্যাওয়ারনেস - ৪০ নম্বর, (৪) টেস্ট অফ ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ৪০ নম্বর, (৫) টেস্ট অফ কম্পিউটার নলেজ -৪০ নম্বর, (৬) সংশ্লিষ্ট বিষয়ের ওপর প্রশ্ন-৫০ নম্বর। এরপর ৩০ নম্বরের ৩০ মিনিটের ডেসক্রিপ্টিভ টাইপের প্রশ্ন হবে ইংলিশ ল্যাঙ্গোয়েজ বিষয়ে (প্রবন্ধ লেখা ১০ নম্বর, প্রেসি লেখা ১০ নম্বর, কমপ্রিহেনশন ১০ নম্বর)। মেনস পরীক্ষা হবে কলকাতায়। প্রিলি ও মেনস সব ক্ষেত্রেই নেগেটিভ মার্কিং আছে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৮ অক্টোবর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.nationalinsurance.nic.co.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (২০-৫০ কে.বি.'র মধ্যে) ও সিগনেচার (১০-২০ কে.বি.'র মধ্যে) স্ক্যান করে নেবেন। তারপর লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। এরপর নিচের এই প্যারাগ্রাফটি নিজের হাতে লিখে স্ক্যান করবেন : "I, ________ (Name of the candidate), hereby declare that all information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required."

অনলাইনে দরখাস্ত করার আগে পরীক্ষা ফী বাবদ ১,০০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ২৫০) টাকা ডেবিট কার্ড (রুপে, ভিসা, মাস্টার কার্ড, ময়েস্ট্রো), ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, আই.এম.পি.এস., ক্যাশ কার্ড, মোবাইল ওয়ালেটের মাধ্যমে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর ই-রিসিপ্ট প্রিন্ট করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর ফী ডিটেলস আপলোড করে ও ফটো আর সিগনেচার আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটেই পাবেন।

৫২ এক্সিকিউটিভ

নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি : গ্রিড কন্ট্রোলার অফ ইন্ডিয়া লিমিটেড এক্সিকিউটিভ ট্রেনি (ইলেক্ট্রিক্যাল) ও এক্সিকিউটিভ ট্রেনি (কম্পিউটার সায়েন্স) পদে ৫২ জন লোক নিচ্ছে।

ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল (পাওয়ার /ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স/ পাওয়ার সিস্টেম ইঞ্জিনিয়ারিং/ পাওয়ার ইঞ্জিনিয়ারিং) ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬৫% নম্বর পেয়ে থাকলে 'এক্সিকিউটিভ ট্রেনি (ইলেক্ট্রিক্যাল)' পদের জন্য যোগ্য। শূন্যপদ : ফ্রেশার ৩৫টি (জেনাঃ ১৬, ও.বি.সি. ৯, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ৩, প্রতিবন্ধী ২)। ব্যাকলগ ২টি(ও.বি.সি. ১, তঃজাঃ ১)।

কম্পিউটার সায়েন্স, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা, ইনফর্মেশন টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা 'এক্সিকিউটিভ ট্রেনি (কম্পিউটার সায়েন্স) পদের জন্য যোগ্য। শূন্যপদ : ১৫টি (জেনাঃ ৭, ও.বি.সি. ৪, তঃজাঃ ২; তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ৩১-৭-২০২৭'এর হিসাবে ২৮ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে 'গেট-২০২৭'এর পরীক্ষায় কোয়ালিফাইং মার্কস দেখে। এরপর ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, এই ওয়েবসাইটে : https://grid-india.in তখন পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

SI'এর সংশোধিত শূন্যপদ

১ পাতার পর

বেরোবে। এরপর হবে পার্সোন্যালিটি টেস্ট। ও.বি.সি. সংরক্ষণ ১৭ শতাংশ থেকে কমিয়ে ৭ শতাংশ করা হয়েছে। তাই শূন্যপদের ক্যাটেগরি ভিত্তিক বিন্যাসও বদল হয়েছে। রিভাইস শূন্যপদ দেওয়া হল। মোট শূন্যপদ: ১,১৩১টি। এর মধ্যে আন-আর্মড ব্রাঞ্চে ছেলেদের জন্য ৩১০টি ও মেয়েদের জন্য ১৩৭টি। ই.ডব্লু.এস. প্রার্থীদের আন-আর্মড ব্র্যাঞ্চে ছেলে ৫৬টি ও মেয়ে ২৫টি। তপশিলী জাতির প্রার্থীদের আন-আর্মড ব্র্যাঞ্চে ছেলে ১২৪টি ও মেয়ে ৫৪টি। তপশিলী উপজাতি প্রার্থীদের আন-আর্মড ব্র্যাঞ্চে ছেলে ৩৪টি ও মেয়ে ১৫টি। ও.বি.সি. প্রার্থীদের আন-আর্মড ব্র্যাঞ্চে ছেলে ৪০টি ও মেয়ে ১৭টি।

আর্মড ব্রাঞ্চে ছেলেদের জন্য ১৭৬টি। ই.ডব্লু.এস. প্রার্থীদের আর্মড ব্র্যাঞ্চে ছেলে ৩২টি। তপশিলী জাতির প্রার্থীদের আর্মড ব্র্যাঞ্চে ছেলে ৭০টি। তপশিলী উপজাতি প্রার্থীদের আর্মড ব্র্যাঞ্চে ছেলে ১৯টি। ও.বি.সি. প্রার্থীদের আর্মড ব্র্যাঞ্চে ছেলে ২২টি।

ভিলাই স্টিল প্লান্টে ৭১০

১ পাতার পর

টেলিকমিউনিকেশন, ইনফর্মেশন টেকনোলজি, অটোমোবাইল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি, বি.এ., বি.এসসি., বি.কম., বি.সি.এ., বি.বি.এ., বি.এসসি নার্সিং, জি.এন.এম., ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি, ডি.এম.এল.টি., ডি.আর.টি., ডি.এক্স.টি., ডি.ও.টি.টি., ডি.ই.ও., ডিপ্লোমা ইন ফার্মাসি কোর্স পাশরা আবেদন করতে পারেন। স্টাইপেন্ড মাসে ১২,৩০০ টাকা। শূন্যপদ : সেরামিক টেকনোলজি-২টি, কেমিক্যাল-২টি, সিভিল-৫টি, কম্পিউটার সায়েন্স-২টি, ই.ই.ই.-২টি, ইলেক্ট্রিক্যাল-২টি, মেকানিক্যাল / মেকাট্রনিক্স-২টি, মেটালার্জি-৫টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন-২টি, ইনফর্মেশন টেকনোলজি-২টি, অটোমোবাইল-২টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন-২টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন-৫টি, প্রোডাকশন-৫টি, বি.এ.-৫টি, বি.এসসি.-৩টি, বি.কম.-৫টি, বি.সি.এ.-৫টি, বি.বি.এ.-৫টি, বি.এসসি নার্সিং-৫টি, ডি.ই.ও.-২টি।

ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস : সেরামিক টেকনোলজি, কেমিক্যাল, সিভিল, কম্পিউটার সায়েন্স, ই.ই.ই., ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল / মেকাট্রনিক্স, মেটালার্জি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইনফর্মেশন টেকনোলজি, অটোমোবাইল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ, জি.এন.এম., ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি, ডি.এম.এল.টি., ডি.আর.টি., ডি.এক্স.টি., ডি.ও.টি.টি., ডিপ্লোমা ইন ফার্মাসি কোর্স পাশরা আবেদন করতে পারেন। স্টাইপেন্ড মাসে ১০,৯০০ টাকা। শূন্যপদ : সেরামিক টেকনোলজি-২টি, কেমিক্যাল-২টি, সিভিল-১০টি, কম্পিউটার সায়েন্স-৫টি, ই.ই.ই.-৫টি, ইলেক্ট্রিক্যাল-১০টি, মেকানিক্যাল / মেকাট্রনিক্স-১০টি, মেটালার্জি-২০টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন-১০টি, ইনফর্মেশন টেকনোলজি-৫টি, অটোমোবাইল-৫টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন-৮টি, জি.এন.এম.-৫টি, ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি-৫টি, ডি.এম.এল.টি.-৫টি, ডি.আর.টি.-৫টি, ডি.এক্স.টি.-৫টি, ডি.ও.টি.টি.-২টি, ডিপ্লোমা ইন ফার্মাসি -৫টি।

ট্রেড অ্যাপ্রেন্টিস : আই.টি.আই. থেকে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, মাল্টিমিডিয়া অ্যান্ড অ্যানিমেশন, টেকনিশিয়ান মেকাট্রনিক্স, ইলেক্ট্রনিক্স মেকানিক, ম্যানুফ্যাকচারিং প্রসেস কন্ট্রোল অ্যান্ড অটোমেশন, ইন্সট্রুমেন্ট মেকানিক, মেশিনিস্ট, টার্নার, ওয়েল্ডার, আই.সি.টি.এস.এম., এ.ও.সি.পি., ডিজেল মেকানিক, টুল অ্যান্ড ডাই মেকার, এল.এ.সি.পি., মেকানিক মোটর ভেহিক্যাল, মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি., সেন্ট্রাল এ.সি. প্ল্যান্ট মেকানিক, উড ওয়ার্ক টেকনিশিয়ান, স্টেনোগ্রাফার অ্যান্ড সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং টেকনিশিয়ান, হসপিটাল হাউস কীপিং, ম্যাসন, ইনফর্মেশন টেকনোলজির সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। স্টাইপেন্ড মাসে ৯,৬০০ টাকা। শূন্যপদ : ফিটার-৮০টি, ইলেক্ট্রিশিয়ান-৯৫টি, মাল্টিমিডিয়া অ্যান্ড অ্যানিমেশন-৯টি, টেকনিশিয়ান মেকাট্রনিক্স-২০টি, ইলেক্ট্রনিক্স মেকানিক-২০টি, ম্যানুফ্যাকচারিং প্রসেস কন্ট্রোল অ্যান্ড অটোমেশন-২৫টি, ইন্সট্রুমেন্ট মেকানিক-৩৫টি, মেশিনিস্ট-২৫টি, টার্নার-১৫টি, ওয়েল্ডার-৫টি, আই.সি.টি.এস.এম.-১৫টি, এ.ও.সি.পি.-১৫টি, ডিজেল মেকানিক-১৫টি, টুল অ্যান্ড ডাই মেকার-১০টি, এল.এ.সি.পি.-১০টি, মেকানিক মোটর ভেহিক্যাল-১০টি, মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি.-২০টি, সেন্ট্রাল এ.সি. প্ল্যান্ট মেকানিক-১৬টি, উড ওয়ার্ক টেকনিশিয়ান-১০টি, স্টেনোগ্রাফার অ্যান্ড সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট-২০টি, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং টেকনিশিয়ান-১০টি, হসপিটাল হাউস কীপিং-৬টি, ম্যাসন-১০টি, ইনফর্মেশন টেকনোলজি-১০টি।

সব ক্ষেত্রে ২০২২ সালের পর পাশ হতে হবে। বয়স হতে হবে ৩১-১০-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে ইন্টারভিউ ও সার্টিফিকেট ভেরিফিকেশনের মাধ্যমে। ইন্টারভিউ হবে ২৭ অক্টোবর থেকে ২১ নভেম্বর। এই ঠিকানায় : রুম নং ১২৩, এইচ.আর.ডি.সি. ভিলাই স্টিল প্ল্যান্ট, ছত্তিশগড়-৪৯০০০১.

দরখাস্ত করবেন অনলাইনে, ২০ অক্টোবরের মধ্যে। এই ওয়েবসাইটে : https://nats.education.gov.in তখন যাবতীয় প্রমাণপত্র, ফটো, সিগনেচার ইত্যাদি স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

কোস্ট গার্ডে নাবিক

১ পাতার পর

চোখে ৬/৯। চশমা থাকলে যোগ্য নন।

01/27 ব্যাচ আর 02/27 ব্যাচের ট্রেনিং হবে, ওড়িশার আই.এন.এস. চিল্কায়। ট্রেনিং চলার সময় যাবতীয় খরচ সরকার বহন করবে। ট্রেনিং-এ বেসিক পে ২১,৭০০ টাকা। শূন্যপদ : CGEPT-01/27 ব্যাচে ২৩০টি। এর মধ্যে ছেলেদের জন্য ১১৭টি (জেনাঃ ৪৪, ই.ডব্লু.এস. ১১, ও.বি.সি. ৩৬, তঃজাঃ ১৪, তঃউঃজাঃ ১২)। মেয়েদের জন্য ১৩টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস, ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ১)। CGEPT-02/27 ব্যাচে ২৩০টি। এর মধ্যে ছেলেদের জন্য ১১৭টি (জেনাঃ ৪৮, ই.ডব্লু.এস. ১১, ও.বি.সি. ৩৬, তঃজাঃ ১৪, তঃউঃজাঃ ৮)। মেয়েদের জন্য ১৩টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)।

নাবিক (ডোমেস্টিক ব্রাঞ্চ) : মাধ্যমিক পাশ ছেলেরা আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ১-১১-২০০৫ থেকে ১-১০-২০০৯'এর মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর আর তপশিলী প্রার্থীরা ৫ বছর বয়সে ছাড় পাবেন। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া ভালো চোখে ৬/৩৬ ও খারাপ চোখে ৬/৩৬। 02/27 ব্যাচের ট্রেনিং চলার সময় যাবতীয় খরচ সরকার বহন করবে। ট্রেনিং-এ বেসিক পে ২১,৭০০ টাকা শূন্যপদ : CGEPT-02/27 ব্যাচে ২৫টি (জেনাঃ ১১, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৭, তঃজাঃ ৫)।

হাইজেনিস্ট : মাধ্যমিক বা, আই.টি.আই. পাশ ছেলেরা আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ১-১১-২০০২ থেকে ১-১০-২০০৯-এর মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর আর তপশিলী প্রার্থীরা ৫ বছর বয়সে ছাড় পাবেন। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া দু'চোখে ৬/৬০, যা চশমা -সহ ভালো চোখে ৬/৯ ও খারাপ চোখে ৬/২৪। ট্রেনিং-এ বেসিক পে ২১,৭০০ টাকা। CGEPT-02/27 ব্যাচে ২০টি (জেনাঃ ৯, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৫, তঃজাঃ ৫)।

যান্ত্রিক : মাধ্যমিক পাশ ছেলেরা এ.আই.সি.টি.ই.'র অনুমোদিত সংস্থা থেকে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স বা, টেলিকমিউনিকেশন (রেডিও / পাওয়ার) ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বা, ৪ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ১-৫-২০০৫ থেকে ১-৫-২০০৯-এর মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর আর তপশিলী প্রার্থীরা ৫ বছর বয়সে ছাড় পাবেন। দৃষ্টিশক্তি হতে হবে দু'চোখে ৬/২৪। ট্রেনিং-এ বেসিক পে ২৯,২০০ টাকা। শূন্যপদ : CGEPT-01/27 ব্যাচে মেকানিক্যালে ২৮টি (জেনাঃ ৯, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৫, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৭)। ইলেক্ট্রিক্যাল ২৩টি (জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৫, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৩)। ইলেক্ট্রনিক্স ৯টি (জেনাঃ ৫, ও.বি.সি. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)।

ওপরের সব পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৫৭ (গোর্খা, নেপালী ও অসমীয়া হলে ১৫২) সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ বুকের ছাতি অন্তত ৭৭ সেমি (অন্তত ৫ সেমি প্রসারণক্ষম) ও স্বাভাবিক ওজন থাকতে হবে। মেয়েদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫২ সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন থাকতে হবে।

স্বাভাবিক শ্রবণশক্তি ও দু'পাটি অক্ষত দাঁত থাকা দরকার। রোগমুক্ত শরীর, শারীরিক ও মানসিকভাবে সুস্থ থাকতে হবে। এছাড়াও রেশন ভাতা, পোশাক ভাতা, ডাক্তারি খরচ, সরকারি আবাসে পরিবার-সহ থাকার সুযোগ, যাতায়াত ভাড়ায় ছাড়, ১০ লাখ টাকা পর্যন্ত গ্রুপ বিমা, পেনশন, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, ক্যান্টিন, ঋণ ইত্যাদির সুযোগ পাবেন। ট্রেনিং-এ বেসিক পে ২১,৭০০ টাকা।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। হবে ৩টি ধাপে। প্রথম ধাপে কম্পিউটার বেসড অনলাইন পরীক্ষা হবে, নভেম্বরের মাঝামাঝি। ১০০ নম্বরের ১০০টি এম.সি.কিউ. টাইপের প্রশ্ন হবে। সময় থাকবে ১ ঘন্টা। নেগেটিভ মার্কিং নেই। দ্বিতীয় ধাপে CGEPT-01/27, CGEPT-02/27-এর পরীক্ষা একই সঙ্গে হবে, আগামী বছর ফেব্রুয়ারিতে।

সফল হলে শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে আগামী বছর মে মাস ও অক্টোবর মাসে। এই পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় সাড়ে ৬ মিনিটে ১.৬ কি.মি. দৌড়, ২০ বার ওঠ-বোস, ১৫ বার পুশ-আপ আর ১৫ বার সিট আপ। মেয়েদের বেলায় ৮ মিনিটে ১.৬ কি.মি. দৌড়, ১৫ বার ওঠ-বোস, ১০ বার পুশ-আপ আর ১০ বার সিট আপ। সব বিষয়ে সফল হলে অ্যাসেসমেন্ট ও অ্যাডপ্টাবিলিটি টেস্ট। শারীরিক সক্ষমতার পরীক্ষা ও সব শেষে ডাক্তারি পরীক্ষা হবে ওড়িশার আই.এন.এস. চিল্কায়। সব ধাপের ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ওয়েবসাইট থেকে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২১ অক্টোবর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ssc.gov.in এজন্য পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, বয়স, শিক্ষাগত যোগ্যতা, ডোমিসাইল সার্টিফিকেট ইত্যাদি প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিতে হবে। তারপর লাইভ ইমেজ ক্যাপচার করা হবে। তখন লাইভ ফটো ও ক্যাপচার করা ফটো একই কিনা দেখা হবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৫৫০ (তপশিলীদের ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওই ওয়েবসাইটে পাবেন।

WBPSC ক্লার্কশিপ থেকে রেলের NTPC সব সরকারি চাকরির প্রস্তুতির সেরা ঠিকানা

নিজস্ব প্রতিনিধি : মাধ্যমিক হোক বা গ্রাজুয়েশন, ভিন্ন স্তরের সরকারি চাকরির প্রার্থীদের জন্য এখন সুবর্ণ সুযোগ। আসন্ন রাজ্যের পিএসসি ক্লার্কশিপ থেকে কেন্দ্রের রেলওয়ে এনটিপিসি পরীক্ষাগুলির মাধ্যমে বিভিন্ন স্তরের বিভিন্ন শূন্য পদে নিয়োগ হতে চলেছে। আর এই সকল কেন্দ্রীয় ও রাজ্য সরকারি চাকরির পরীক্ষাগুলির প্রস্তুতির জন্য কলকাতার অন্যতম সেরা প্রশিক্ষণ কেন্দ্র ICE Academy। প্রতিটি বিষয়ের সেরা শিক্ষক মন্ডলী ও বিজ্ঞানভিত্তিক পঠন-পাঠনের জন্য এই প্রতিষ্ঠান চাকরির প্রার্থীদের কাছে সবথেকে নির্ভরযোগ্য হয়ে উঠেছে। এই প্রতিষ্ঠানের শিক্ষাগত মান এককথায় অতুলনীয়। দক্ষিণ কলকাতার বালিগঞ্জে অবস্থিত এই শিক্ষা প্রতিষ্ঠান এক দশকের উপর সময় ধরে হাজার হাজার ছাত্র-ছাত্রীদের স্বপ্নপূরণে সাহায্য করে চলেছে। বর্তমানে বিভিন্ন চাকরির প্রার্থীদের ও তাদের অভিভাবকদের আবেদনে এই প্রতিষ্ঠানের একটি নতুন প্রশিক্ষণ কেন্দ্র চালু হয়েছে শিয়ালদহ স্টেশনের সন্নিকটে। এর ফলে খুব সহজেই দূর-দূরান্ত থেকে ছাত্র-ছাত্রীরা রেল যোগাযোগের মাধ্যমে এই প্রতিষ্ঠানে প্রশিক্ষণ নেওয়ার সুযোগ পাচ্ছেন। রাজ্যের সেরা সরকারি চাকরির প্রশিক্ষকদের ও বিশিষ্ট সরকারি আধিকারিকদের তত্ত্বাবধানে সাজানো এই প্রশিক্ষণ নিয়ে এবার আপনিও পূরণ করতে পারেন সরকারি চাকরির স্বপ্ন।

ICE একাডেমিতে প্রশিক্ষণের জন্য WBCS, SSC-CGL/CHSL, Rail NTPC, Bank PO/Clerk, TET, WBPSC-Miscellaneous, Clerkship-এর প্রতিটির পৃথক পৃথক কোর্সের পাশাপাশি থাকছে কয়েকটি কম্বাইন্ড কোর্স যেগুলি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের সকল সাধারণ কেন্দ্রীয় ও রাজ্য সরকারি চাকরির জন্য যথাযথ। থাকছে প্রতি সপ্তাহে প্রতিটি বিষয়ের ওপর বিশেষজ্ঞদের অবজেক্টিভ ও ডেস্ক্রিপটিভ ক্লাস ও নিয়মিত পরীক্ষা। পাশাপাশি ইন্টারভিউ পর্বের প্রস্তুতির জন্য চলবে ছাত্রছাত্রীদের গ্রুমিং ও পার্সোনালিটি ডেভেলপমেন্ট। সঙ্গে থাকছে বিশেষজ্ঞদের তৈরি বিশেষ স্টাডি মেটেরিয়াল ও প্র্যাকটিস পেপারের সম্ভার। বর্তমানে রাজ্যের বিভিন্ন সরকারি দপ্তরে কর্মরত প্রাক্তন ছাত্রছাত্রীরা এই প্রতিষ্ঠানের সাফল্যের খতিয়ান বহন করে।

আসন্ন পরীক্ষাগুলিকে লক্ষ্য করে অনলাইন ও ক্লাসরুমের বিভিন্ন ব্যাচগুলিতে ভর্তি চলছে। এছাড়া থাকছে অনলাইনে ফ্রি গাইডেন্স ও ফ্রি কাউন্সেলিং এর সুযোগ। তাই দেরি না করে আজই যোগাযোগ করুন।

বালিগঞ্জ কেন্দ্র 9804412898 / 7044517509. শিয়ালদহ কেন্দ্র 7044981821 / 7278073043.

কয়েকশো অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

১ পাতার পর

বি.এস. (৪ বছর), বি.ই. /বি.টেক./ বি. ফার্মা / এম.বি.বি.এস. / বি.এসসি. (অনার্স) / ইন্টিগ্রেটেড বি.এস.-এম.এস. পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫% (তপশিলী, শারীরিক প্রতিবন্ধী, দৃষ্টিহীন প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ভৌত বিজ্ঞান, জীব বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, গাণিতিক বিজ্ঞান, ইঞ্জিনিয়ারিং সায়েন্স, আর্থ, অ্যাটমোস্ফিয়ারিক, ওশান ও প্ল্যানেটরি সায়েন্স বিষয় নিয়ে এম. এসসি. কোর্স পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫% (তপশিলী, শারীরিক প্রতিবন্ধী, দৃষ্টিহীন প্রতিবন্ধী ও ডক্টরেট ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীরা ১৯-৯-১৯৯১'এর আগে মাস্টার ডিগ্রি করে থাকলে ৫০%) নম্বর থাকলে আবেদন করতে পারেন। যাঁরা এবছর ওইসব শাখার এম.এসসি. বা, সমতুল কোর্সের ফাইনাল পরীক্ষা দিচ্ছেন, তাঁরাও আবেদনের যোগ্য।

জুনিয়র রিসার্চ ফেলোশিপের পরীক্ষার বেলায় বয়স হতে হবে ১-১২-২০২৬'র হিসাবে ৩০ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি., শারীরিক প্রতিবন্ধী ও মেয়েরা বয়সে ৫ বছর ছাড় পাবেন। তবে লেকচারারশিপ / অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ও পিএইচ.ডি. কোর্সে ভরতির জন্য বয়সের কোনো কড়াকড়ি নেই। এই পরীক্ষায় পাশ করলে সরাসরি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের জন্য আবেদন করতে পারবেন বা, মাসিক স্টাইপেন্ড নিয়ে জুনিয়র রিসার্চ ফেলোশিপ নিয়ে পড়াশোনা চালাতে পারবেন। জুনিয়র রিসার্চ ফেলোশিপের বেলায় প্রথম ২ বছর স্টাইপেন্ড পাবেন মাসে ৩১,০০০ টাকা। এছাড়াও বার্ষিক অনুদান পাবেন ২০,০০০ টাকা। ২ বছর পর পিএইচ.ডি. হিসাবে নাম নথিভুক্ত করে থাকলে তখন সিনিয়র রিসার্চ ফেলোশিপ হিসাবে মাসে ৩৫,০০০ টাকা স্টাইপেন্ড পাবেন।

ফেলোশিপের জন্য যাঁরা এই পরীক্ষায় পাশ করবেন, তাঁরা অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের যোগ্যতা পাবেন। আর অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের পরীক্ষায় পাশ করলে জুনিয়র ফেলোশিপের যোগ্যতা পাবেন।

প্রার্থী বাছাই করবে 'ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এন.টি.এ.)'। ২০২৬ সালের এই 'নেট' হবে সি.বি.টি. মোডে। পরীক্ষা হবে ১৯, ২২ ও ২৭ ডিসেম্বর। প্রথম শিফটের পরীক্ষা হবে ৯টা থেকে ১ টা ও দ্বিতীয় শিফটের পরীক্ষা হবে ৩টা থেকে ৬টা। পূর্ব ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা, শিলিগুড়ি, কল্যাণী, হাওড়া, হুগলি, দুর্গাপুর, বর্ধমান, আসানসোল, গুয়াহাটি, জামশেদপুর ও ভুবনেশ্বরে।

এই পরীক্ষায় থাকবে ৩টি পার্ট। ৩ ঘন্টার ২০০ নম্বরের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে (ব্রাকেটে সাবজেক্ট কোড দেওয়া হল) : (১) কেমিক্যাল সায়েন্স (সাবজেক্ট কোড ৭০১), (২) আর্থ, অ্যাটমোস্ফিয়ারিক, ওশান ও প্ল্যানেটরি সায়েন্স (সাবজেক্ট কোড ৭০২), (৩) লাইফ সায়েন্স (সাবজেক্ট কোড ৭০৩), (৪) ম্যাথমেটিক্যাল সায়েন্স (সাবজেক্ট কোড ৭০৪), (৫) ফিজিক্যাল সায়েন্স (সাবজেক্ট কোড ৭০৫)।

প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দি ভাষায়। প্রশ্নপত্র হবে ৩টি পার্টে। পার্ট-এ'তে থাকবে এইসব বিষয় : জেনারেল অ্যাপ্টিটিউড, লজিক্যাল রিজনিং, গ্রাফিক্যাল অ্যানালাইসিস, অ্যানালিটিক্যাল অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, কোয়ান্টিটেটিভ কম্পারিজন, সিরিজ ফর্মেশন, পাজল ইত্যাদি।

পার্ট-বি'তে থাকবে বিষয়ভিত্তিক মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন। পার্ট-সি'তে থাকবে সায়েন্টিফিক কনসেপ্ট বিষয়ের জ্ঞান ও প্রয়োগ।

প্রথম ও দ্বিতীয় পার্টে প্রতিটি প্রশ্নের মান থাকবে ২ নম্বর আর তৃতীয় পার্টে প্রতিটি প্রশ্নের মান থাকবে ৪ নম্বর। প্রথম ও দ্বিতীয় পার্টে প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.৫ নম্বর কাটা যাবে। তৃতীয় পার্টে প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা যাবে।

কেমিক্যাল সায়েন্সের বেলায় প্রথম পার্টে ২০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ১৫টি, দ্বিতীয় পার্টে ৪০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ৩৫টি, তৃতীয় পার্টে ৬০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২৫টি অর্থাৎ, মোট ১২০টি প্রশ্নের মধ্যে ৭৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।

আর্থ, অ্যাটমোস্ফিয়ারিক, ওশান ও প্ল্যানেটরি সায়েন্সের বেলায় প্রথম পার্টে ২০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ১৫টি, দ্বিতীয় পার্টে ৫০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ৩৫টি, তৃতীয় পার্টে ৮০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২৫টি অর্থাৎ, মোট ১৫০টি প্রশ্নের মধ্যে ৭৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।

লাইফ সায়েন্সের বেলায় প্রথম পার্টে ২০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ১৫টি, দ্বিতীয় পার্টে ৫০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ৩৫টি, তৃতীয় পার্টে ৭৫টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২৫টি অর্থাৎ, মোট ১৪৫টি প্রশ্নের মধ্যে ৭৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।

ম্যাথমেটিক্যাল সায়েন্সের বেলায় প্রথম পার্টে ২০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ১৫টি, দ্বিতীয় পার্টে ৪০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২৫টি, তৃতীয় পার্টে ৬০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২০টি অর্থাৎ, মোট ১২০টি প্রশ্নের মধ্যে ৬০টি প্রশ্নের উত্তর দিতে হবে।

ফিজিক্যাল সায়েন্সের বেলায় প্রথম পার্টে ২০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ১৫টি, দ্বিতীয় পার্টে ২৫টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২০টি, তৃতীয় পার্টে ৩০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২০টি অর্থাৎ, মোট ৭৫টি প্রশ্নের মধ্যে ৫৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৫ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.csirnet.nta.ac.in, www.nta.ac.in অনলাইনে দরখাস্ত করার আগে পাশপোর্ট মাপের ফটো (১০ থেকে ২০০ কেবির মধ্যে) ও সিগনেচার (৪ থেকে ৩০ কেবির মধ্যে) 'JPEG Format'এ স্ক্যান করে নেবেন।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন নম্বর নোট করে নেবেন। এবার স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১,১৫০ (ও.বি.সি.'দের বেলায় ৬০০, তপশিলী জাতি, তপশিলী উপজাতি ও তৃতীয় লিঙ্গের বেলায় ৩২৫) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইউ.পি.আই. বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন, ৫ নভেম্বরের মধ্যে। প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। ফর্মে ভুল হয়ে থাকলে অনলাইনে সংশোধন করতে পারবেন ১০ নভেম্বর থেকে ১২নভেম্বরের মধ্যে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

আই.আর.সি.টি.সি-তে২৭ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : ইন্ডিয়ান রেলওয়ে ক্যাটেরিং অ্যান্ড ট্যুরিজম কর্পোরেশন লিমিটেড কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, এক্সিকিউটিভ প্রোকি ওরমেন্ট, এইচ.আর. এক্সিকিউটিভ ও মার্কেটিং অপারেশন অ্যান্ড অ্যানালিটিক্স পদে অ্যাপ্রেন্টিস হিসাবে ২৭ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে 'কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট' ট্রেডের জন্য যোগ্য। ১২ মাসের ট্রেনিং। শূন্যপদ ১২টি।

কমার্স গ্র্যাজুয়েট, সি.এ. ইন্টার, সাপ্লাই চেন-এর গ্র্যাজুয়েটরা 'এক্সিকিউটিভ প্রোকিওরমেন্ট' ট্রেডের জন্য যোগ্য। ১২ মাসের ট্রেনিং। শূন্যপদ : ৬টি।

যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা 'এইচ.আর. এক্সিকিউটিভ' পদের জন্য যোগ্য। ১২ মাসের ট্রেনিং। শূন্যপদ : ৩টি।

যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা 'মার্কেটিং অপারেশন্স অ্যান্ড অ্যানালিটিক্স' ট্রেডের জন্য যোগ্য। ১২ মাসের ট্রেনিং। শূন্যপদ : ৬টি।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ৩০-৯-২০২৬'এর হিসাবে ১৫ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 2026-27/IRCTC/WZ/Apprentice, Dated: 30.09.2026.

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৮ অক্টোবরের মধ্যে। এই ওয়েবসাইটে : https://www.apprenticeshipindia.gov.in আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

কলকাতা পুলিশের SI

১ পাতার পর

জন প্রার্থী। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.wbpolice.gov.in কাট অফ নম্বর হয়েছে জেনারেল ক্যাটেগরিতে সাব-ইন্সপেক্টর (আন-আর্মড) পদে ১৫৯.১৭, সাব-ইন্সপেক্ট্রেস (আনআর্মড) পদে ১৪৪.৩৩, সাব-ইন্সপেক্টর (আর্মড ব্রাঞ্চ) ১৫৪.১৭, সার্জেন্ট ১৫২.৩৩, তপশিলী জাতির ক্যাটেগরিতে সাব-ইন্সপেক্টর (আন-আর্মড) পদে ১৪৮.১৭, সাব-ইন্সপেক্ট্রেস (আনআর্মড) পদে ১৩২.৮৩, সাব-ইন্সপেক্টর (আর্মড ব্রাঞ্চ) ১৪৪.৩৩, সার্জেন্ট ১৪৩.৫০, তপশিলী উপজাতি ক্যাটেগরিতে সাব-ইন্সপেক্টর (আন-আর্মড) পদে ১২৪.১৭, সাব-ইন্সপেক্ট্রেস (আনআর্মড) পদে ১৩০.৫০, সাব-ইন্সপেক্টর (আর্মড ব্রাঞ্চ) ১৪৬.৮৩, সার্জেন্ট ১৩০.৮৩, ও.বি.সি. ক্যাটেগরিতে সাব-ইন্সপেক্টর (আন-আর্মড) পদে ১৫৫.৮৩, সাব-ইন্সপেক্ট্রেস (আনআর্মড) পদে ১৪২.১৭, সাব-ইন্সপেক্টর (আর্মড ব্রাঞ্চ) ১৫০.৬৭, সার্জেন্ট ১৫১, ই.ডব্লু.এস. ক্যাটেগরিতে সাব-ইন্সপেক্টর (আন-আর্মড) পদে ১৫২.৬৭, সাব-ইন্সপেক্ট্রেস (আনআর্মড) পদে ১৪২.৩৩, সাব-ইন্সপেক্টর (আর্মড ব্রাঞ্চ) ১৪৯.৫০, সার্জেন্ট ১৪৬। সফলদের ডাক্তারি পরীক্ষা ও সার্টিফিকেট ভেরিফিকেশন শেষ হলেই এ মাসেই জয়েনিং করানো হবে।

মেগা ভ্যাকেন্সী; মেগা সাফল্য !

কেন্দ্রীয় সরকার : রেল, ব্যাঙ্ক, পুলিশ, SSC, UPSC ইত্যাদি।
রাজ্য সরকার : WBCS, PSC (ক্লার্ক, Misc., IDO, MVI, ICDS, S.I. of School, পঞ্চায়েত ইত্যাদি), Gr. D.
স্কুল সার্ভিস : SLST (IX to XII), TET, Gr. C and D.
WBPRB : SI, কনস্টেবল, লেডি কনস্টেবল, ফায়ার অপারেটর ইত্যাদি।

উভয় সরকারের কয়েক লক্ষ শূন্যপদে নিয়োগ প্রক্রিয়া শুরু হয়ে গেছে। আসন্ন উৎসবের মরসুমে রাজ্যের বেকার যুবক-যুবতীদের কাছে এ' এক অনন্য উপহার। সফল হওয়ার সোনালী শপথ নিয়ে প্রস্তুতি শুরু করুন আজ থেকেই। সর্বোত্তম প্রস্তুতি সহায়তায় আমাদের সকল কোর্সে ভর্তি চলছে।

CACES, শিয়ালদহ (জগৎ সিনেমার পাশে), কলি-৯
9062756906, 9123325910

বিঃ দ্রঃ- কর্মরত নন্-টেট টিচারদের জন্য বিশেষ ক্লাস এবং স্কুল সার্ভিস গ্রুপ 'সি', গ্রুপ 'ডি' মক ইন্টারভিউ ও কম্প্যুটার টেস্টের ব্যবস্থা আছে।

কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆: 9830795430

পুজোর ছুটিতে তৈরি হোন পিএসসি ক্লার্কশিপ পরীক্ষার জন্য

সরকার কথা রাখল। গত সপ্তাহে রাজ্য সরকারের ক্যাবিনেট মন্ত্রক আগামী ৬ মাসের মধ্যে ১ লাখ শূন্যপদ নিয়োগের সিদ্ধান্তের কথা জানিয়েছিল। সেইমতো রাজ্য সরকারের পাব্লিক সার্ভিস কমিশন ৬ অক্টোবর, রাজ্যের সেক্রেটারিয়েট, ডিরেক্টরেট, জেলা অফিস, রিজিওনাল অফিস ও অন্যান্য আঞ্চলিক অফিসে কাজের জন্য লোয়ার ডিভিশন ক্লার্ক (এখনো পর্যন্ত শূন্যপদ ৬,০০০) পদের বিজ্ঞপ্তি (নং ১২/২০২৪) বের করল। আবেদনের শেষ তারিখ ২৬ অক্টোবর। পার্ট-। পরীক্ষা হবে ডিসেম্বর মাস নাগাদ। অর্থাৎ, হাতে আর মাত্র কয়েক মাস। সরকারি চাকরি পাওয়ার এ এক সুবর্ণ সুযোগ। এই অল্প সময়ের মধ্যে, এই অত্যন্ত গুরুত্বপূর্ণ পরীক্ষায় কীভাবে প্রস্তুতি নিলে সফল হবেন, তার টিপস নিয়ে আলোচনা করছেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়।

রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়

পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন ক্লার্কশিপ পরীক্ষা ২০২৪-সালের (Advt No. 12/2024) অফিসিয়াল বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। মাধ্যমিক পাস যোগ্যতায় পশ্চিমবঙ্গের সরকারি চাকরিতে (লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট/ক্লার্ক) প্রবেশের এটি একটি দুর্দান্ত সুযোগ।

উৎসবের আনন্দ ও কেরিয়ারের লক্ষ্য — ২টিকেই ভারসাম্যপূর্ণভাবে বজায় রাখা একটা বড়ো চ্যালেঞ্জ। সামনেই শারদীয় উৎসব ও তারপরই একের পর এক প্রতিযোগিতামূলক পরীক্ষা, তাই এই সময়ে মনোযোগ ধরে রাখা ও সঠিক পরিকল্পনা করা অত্যন্ত জরুরি। উৎসবের আনন্দ উপভোগ করার পাশাপাশি পরীক্ষার প্রস্তুতি বজায় রাখা একটু কঠিন ঠিকই, তবে সঠিক পরিকল্পনা করে, লক্ষ্য স্থির রেখে এগোলে সফল হওয়া অবশ্যই সম্ভব। সম্প্রতি পিএসসি ক্লার্কশিপ পরীক্ষার বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। সে ব্যাপারে বিস্তারিত তথ্য আলোচনা করা হলো।

গুরুত্বপূর্ণ তারিখ :

আবেদনপত্র শুরু : ২০২৬ সালের ৬ অক্টোবর।

আবেদনের জমা দেওয়ার শেষ দিন : ২০২৬ সালের ২৬ অক্টোবর (বিকেল ৩:৩০টা পর্যন্ত)।

অনলাইন ফি জমা দেওয়ার শেষ দিন : ২০২৬ সালের ২৬ অক্টোবর (বিকেল ৩:৩০টা পর্যন্ত)।

এডিট উইন্ডো (ভুল সংশোধনের সময়সীমা) : ২০২৬ সালের ২৮ অক্টোবর থেকে ২০২৬ সালের ১ নভেম্বর।

পার্ট-১ পরীক্ষার সম্ভাব্য সময় : ২০২৬ সালের ডিসেম্বর বা তার কাছাকাছি সময়ে।

বয়স ও শিক্ষাগত যোগ্যতা :

বয়সসীমা : প্রার্থীর বয়স ১৮ - ৪৫ বছরের মধ্যে হতে হবে (২০২৪ সালের ১ জানুয়ারি অনুযায়ী বয়স গণনা করা হবে)।

বয়সের ছাড় : পশ্চিমবঙ্গের সংরক্ষিত শ্রেণীর প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সে ছাড় পাবেন (যেমন - SC/ST প্রার্থীরা ৫ বছর ও OBC প্রার্থীরা ৩ বছরের ছাড় পাবেন)।

শিক্ষাগত যোগ্যতা : যেকোনো স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাস হতে হবে। এছাড়া কম্পিউটারের প্রাথমিক জ্ঞান ও ইংরিজিতে মিনিটে ২০টি শব্দ অথবা বাংলায় মিনিটে ১০টি শব্দ টাইপ করার গতি থাকতে হবে।

ফর্ম ফিলআপ ও ফি :

আবেদন প্রক্রিয়া : কমিশনের অফিসিয়াল ওয়েবসাইট psc.wb.gov.in-এ গিয়ে শুধুমাত্র অনলাইন মোডেই আবেদন করা যাবে। একাধিক আবেদন করলে ফর্ম বাতিল হতে পারে।

আবেদন ফি : জেনারেল (UR) ও OBC প্রার্থীদের জন্য আবেদন ফি ১১০ টাকা (+ অতিরিক্ত অনলাইন সার্ভিস চার্জ)।

ফি মকুব : পশ্চিমবঙ্গের SC, ST ও ৪০% বা তার বেশি প্রতিবন্ধকতাযুক্ত (পিডব্লিউবিডি) প্রার্থীদের কোনো আবেদন ফি লাগবে না। অন্য রাজ্যের সংরক্ষিত প্রার্থীরা সাধারণ প্রার্থী হিসেবেই গণ্য হবেন।

পরীক্ষার প্যাটার্ন :

ক্লার্কশিপ পরীক্ষাটি প্রধানত ৩টি ধাপে সম্পন্ন হয় : পার্ট-১ (এমসিকিউ), পার্ট-২ (ডেসক্রিপটিভ) ও কম্পিউটার টাইপিং টেস্ট।

পার্ট-১ পরীক্ষা (অবজেক্টিভ/এমসিকিউ)

মোট নম্বর : ১০০ (প্রতিটি প্রশ্নের মান ১ নম্বর)।

সময় : ১ ঘণ্টা ৩০ মিনিট (৯০ মিনিট)।

নেগেটিভ মার্কিং : প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।

পার্ট-১ পরীক্ষার সিলেবাস

ইংরিজি (৩০ নম্বর) : Synonyms, Antonyms, Idioms Phrases, Vocabulary, Correct use of words, Sentence structure, Grammar.

পাটিগণিত (৩০ নম্বর) : মাধ্যমিক স্তরের পাটিগণিত যেমন - বিভাজ্যতা, ভগ্নাংশ, দশমিক, লসাগু ও গসাগু, অংশীদারি, গড়, অনুপাত-সমানুপাত, শতকরা, সরল সুদ কষা, লাভ-ক্ষতি, সময় ও দূরত্ব, আয়তক্ষেত্র ও বর্গক্ষেত্র

জেনারেল স্টাডিজ (৪০ নম্বর) : ভারতের ভূগোল, ইতিহাস, প্রতিদিনের বিজ্ঞান, কারেন্ট অ্যাফেয়ার্স (সাম্প্রতিক ঘটনা) ও ভারতের সংবিধান ও অর্থনীতি সম্পর্কিত প্রাথমিক জ্ঞান।

পার্ট -২ পরীক্ষার সিলেবাস

পার্ট-২ পরীক্ষা (কনভেনশনাল/ ডেসক্রিপটিভ)

মোট নম্বর : ১০০।

সময় : ১ ঘণ্টা (৬০ মিনিট)।

গ্রুপ-এ (ইংরিজি - ৫০ নম্বর) : রিপোর্ট লেখা, সারাংশ বা সারসংক্ষেপ বা প্রেসি লেখা, বাংলা/অন্যান্য ভাষা থেকে ইংরিজিতে অনুবাদ।

গ্রুপ-বি (বাংলা/হিন্দি/উর্দু/ নেপালি/সাঁওতালি - ৫০ নম্বর) : রিপোর্ট লিখন, সারাংশ লিখন ও ইংরিজি থেকে সংশ্লিষ্ট আঞ্চলিক ভাষায় অনুবাদ।

কম্পিউটার অপারেশন ও টাইপিং টেস্ট :

পার্ট-১ ও পার্ট-২ পরীক্ষায় পাস করার পর এই টেস্টটি দিতে হবে, যা শুধুমাত্র কোয়ালিফাইং প্রকৃতির (অর্থাৎ এর নম্বর মূল মেধা তালিকায় যোগ হবে না)। এখানে কম্পিউটারে ইংরিজি (20 WPM) বা বাংলা (10 WPM) টাইপিং স্পিড যাচাই করা হবে।

প্রস্তুতির সেরা কৌশল :

যেহেতু পার্ট-১ পরীক্ষাটি চলতি বছরের ডিসেম্বরেই হওয়ার সম্ভাবনা রয়েছে, তাই হাতের সময়কে সঠিকভাবে কাজে লাগাতে হবে :

পাটিগণিতে শতভাগ নির্ভুল উত্তর : ৩০ নম্বরের পাটিগণিত অত্যন্ত স্কোরিং। প্রতিদিন নিয়ম করে সময় ধরে লসাগু-গসাগু, শতকরা, লাভ-ক্ষতি, অনুপাত ও সরল সুদের মতো অধ্যায়গুলি সমাধান করুন, যাতে কম সময়ে বেশি উত্তর করা যায়।

ইংরিজিতে জোর দিন : পার্ট-১ ও পার্ট-২ দুটিতেই ইংরিজি রয়েছে। প্রতিদিন খবরের কাগজ পড়া, ভোকাবুলারি (Synonyms, Antonyms) ডায়েরিতে লিখে রাখা ও বেসিক গ্রামারের নিয়মগুলি রিভিশন দেওয়া শুরু করুন।

কারেন্ট অ্যাফেয়ার্স ও স্ট্যাটিক জিকে : গত ৮-১২ মাসের গুরুত্বপূর্ণ জাতীয় ও আন্তর্জাতিক ঘটনাবলি, খেলাধুলো, পুরস্কার ও পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি প্রকল্প ভালো করে মুখস্থ রাখুন।

মক টেস্ট ও বিগত বছরের প্রশ্ন : বিগত বছরের ক্লার্কশিপ পরীক্ষার প্রশ্নপত্র সমাধান করুন। এতে প্রশ্নের ধরন বোঝা যাবে। সপ্তাহের শেষে অন্তত একটি করে ১০০ নম্বরের মক টেস্ট দিন ও ওএমআর শিট পূরণের অভ্যাস করুন।

ডেসক্রিপটিভের আগাম প্রস্তুতি : পার্ট-১ এর পাশাপাশি সপ্তাহে অন্তত ১-২ দিন বাংলা ও ইংরিজিতে রিপোর্ট লেখা ও অনুবাদ (ট্রান্সলেশন) লেখার অভ্যেস করুন, কারণ পার্ট-২ পরীক্ষায় ৬০ মিনিটে ৬টি রাইটিং লেখা বেশ চ্যালেঞ্জিং। সবশেষে পরামর্শ, উৎসবে আনন্দ করুন, ঠাকুর দেখতে বের হন। তবে প্রাধান্য প্যাক পরীক্ষার প্রস্তুতি।

রেল, পুলিশ, ব্যাঙ্ক, কনস্টেবল, এসএসসি সিজিএল, ডব্লু.বি.সি.এস., এস.এস.সি, ইউ.পি.এস.সি.-সহ রাজ্য ও কেন্দ্রের অন্যান্য চাকরির পরীক্ষাতেও কীভাবে প্রস্তুতি নেবেন তা জানতে নির্দ্বিধায় ফোন করুন এই হেল্প লাইনে : 6292190230.

প্রতি ৩ মাসে কয়েকশো চাকরি দিয়ে অনন্য নজির গড়ল ডিসান অ্যাকাডেমি

পারমিতা মিত্র, সল্টলেক: রাজ্য জুড়ে যেখানে চাকরির উপযোগী ঠিকঠাক শিক্ষার ঘাটতি প্রকট, সেখানে যে সংস্থা গত কয়েক বছর ধরে আইটি বা সফটওয়্যার ক্ষেত্রে কয়েকশো চাকরি দিয়ে এক অনন্য নজির তৈরি করেছে — সেটি হল ডিসান অ্যাকাডেমি (Desun Academy)। সমাজের পিছিয়ে পড়া কিন্তু যোগ্য ছেলেমেয়েদের জন্য আশার আলো জ্বালিয়েছে এই সংস্থা। সাধারণভাবে উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ করা ছেলেমেয়েরা এখান থেকে ট্রেনিং নিয়ে আজকে দেশের নামি দামি আইটি ও সফটওয়্যার সংস্থায় মোটা পে-প্যাকেজে কর্মরত। কিভাবে এই অসম্ভবকে, সম্ভবে পরিণত করা গেল? উত্তরে সংস্থার সিইও অর্ঘ্য দত্ত জানালেন, 'দেখুন আমাদের প্রতিষ্ঠানের একটাই লক্ষ্য। যোগ্য কিন্তু ঠিকঠাক মতো সুযোগ পাচ্ছে না, এমন ছেলেমেয়েদের খুঁজে, তাদের চাকরির উপযোগী ট্রেনিং দিয়ে ভালো মাইনের প্লেসমেন্ট দেওয়া। এই উদ্দেশ্যেই ডিসান টেক ফাউন্ডেশন (Desun Tech Foundation)-এর পথ চলা শুরু। চাকরি মানুষ পায় দক্ষতা, আত্মবিশ্বাস ও ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং-এর মাধ্যমে। আজ এককথা নির্দ্বিধায় বলা যায় যে, এই সবকটি বিভাগেই, আমরা দেশের মধ্যে অন্যতম সেরা। তাই এখান থেকে পাশ করলে কেউ বসে থাকে না। একসঙ্গে ২ থেকে ৩টি অফার লেটার পায়। এটাই এখানকার ট্রেন্ড।' ডিজিটাল মার্কেটিং বিভাগে এখানকার ছেলেমেয়েদের সাফল্য প্রশ্নাতীত। কয়েকটি উদাহরণ দিলেই সহজেই তা বোঝা যাবে। এখানকার ছাত্র **সুমন সাঁফুই**-এর কথাই ধরা যাক। আইটিআই থেকে পাশ করার পর মার্চেন্ট নেভিতে সিলেক্টেড হয়। কিন্তু একটা মেজর অ্যাক্সিডেন্ট- ছেলেটার জীবনের গতিপথ-ই বদলে দেয়। ২ বছর ধরে কোনো দিক থেকে কোনো কিছুই হচ্ছিল না। কেরিয়ার একদম তলানিতে গিয়ে ঠেকেছিল। সব আশার আলো নিভে গিয়ে ঠিক ৯ মাস আগে ডিসানে ভর্তি হয়। **UI/UX designing**-এ ট্রেনিং নেয়। ওই ট্রেনিংই তার জীবন বদলে দেয়। বললে বিশ্বাস করবেন না, এখন সেই ছেলে একটি নামী সফটওয়্যার কোম্পানিতে **Most Attractive Pay Package**-এ চাকরি করছে। আবার এখানকার আরেক ছাত্রী **রিয়া কারক**। ২০২৩ সালে জার্নালিজম ও মাসকমিউনিকেশন-এ গ্র্যাজুয়েশনে পাশ করে দীর্ঘ ২ বছর বেকার ছিল। পরীক্ষা দিচ্ছিল, কিন্তু সিলেক্টেড হচ্ছিল না। ১ বছর আগে সেই মেয়ে ডিসানে ট্রেনিং নিতে আসে। ভর্তি হয় **SEO** কোর্সে। খুব গর্বের সঙ্গে জানাচ্ছি, আর্টস (B.A.) ব্যাকগ্রাউন্ড থাকা সত্ত্বেও আজকে রিয়া একটি খুব নামী বহুজাতিক সংস্থায় হ্যান্ডসাম পে-প্যাকেজ-এ চাকরি করছে। আবার এখানকার ছাত্র **রবিকান্ত সিং** সাধারণভাবে ইতিহাস নিয়ে আর্টস গ্র্যাজুয়েট ছিল। ২ বছর ধরে বিভিন্ন ধরনের কোর্স করে যখন চাকরি পাওয়ার আশা একদম ছেড়েই দিয়েছে তখন ডিসানে আসে। ভর্তি হয় **Digital Marketing**-এ। কোর্স ছিল ৯ মাসের। বললে বিশ্বাস করবেন না, আজকে ছেলেটি একটি বহুজাতিক সংস্থায় বছরে ৩,০০,০০০ টাকা মাইনের চাকরি করছে। অর্থাৎ একটা জিনিস পরিষ্কার আইটিতে চাকরি পেতে গেলে টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ডের কোনো বাধ্যবাধকতা নেই।

সমাজে পিছিয়ে পড়া, কিন্তু যোগ্য ছেলেমেয়েদের নিয়ে অনন্য নজির তৈরি করা এই সংস্থায় ট্রেনিং নিলে চাকরি পাবেনই।

এখানকার ছাত্র **অরূপ্রিয় মণ্ডল**-এর কথাই ধরা যাক। টেকনো ইন্ডিয়া থেকে কম্পিউটার অ্যাপ্লিকেশন নিয়ে গ্র্যাজুয়েশন (বিসিএ) করার পরেও কোথাও কোনো চাকরি পাচ্ছিল না। নিজের ওপর বিশ্বাস হারিয়ে ফেলেছিল। এরকম অবস্থায় ডিসানে ভর্তি হয়। এখানে **MERN Stack** কোর্সে ভর্তি হয়। ৬ মাসের ট্রেনিং শেষে আজকে সে **TCS**-এ কর্মরত। এখন সে যা হ্যান্ডসাম পে-প্যাকেজ পাচ্ছে তা তার ব্যাচমেটদের মধ্যে কেউ পায় না। আবার এখানকার ছাত্রী **সুকন্যা পাল**, হসপিটাল ম্যানেজমেন্টে বিবিএ করার পর এমবিএ ডিগ্রি নিয়েও সবকটি চাকরির ইন্টারভিউতেই ব্যর্থ হয়। তারপর ভর্তি হয় ডিসানে। এখানে **হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (HR)** -এর ওপর ট্রেনিং ও ইন্টার্নশিপের পর আজকে মাসে **হ্যান্ডসাম প্যাকেজ** পাচ্ছে সে। এখানকারই আরেকজন ছাত্রী **কুহেলি দত্ত**। বি.টেক করে HR নিয়ে এমবিএ পাশ করার পরেও কোথাও ইন্টারভিউ ক্র্যাক করতে পারছিল না। তার জীবন তখন দুর্বিষহ হয়ে পড়েছিল। এরকম অবস্থায় ডিসান ইনস্টিটিউটের কথা জানতে পারে। এখানকার **HR** ট্রেনিংয়ে ভর্তি হওয়ার পর আজকে সে একটি বড় কোম্পানিতে ইন্টার্ন হিসাবে কর্মরত। স্টাইপেন্ড হিসাবে সে একটি **হ্যান্ডসাম প্যাকেজ পাচ্ছে**। এখানকারই ছাত্র **সুদীপ্ত পাল** এক অনন্য নজির তৈরি করেছে। এখান থেকে ট্রেনিং নিয়ে, আজকে বেঙ্গালুরুতে **Trainee Developer** হিসাবে বছরে ৬,০০,০০০ টাকার পে প্যাকেজ পাচ্ছে সে। আবার বি.টেক করার পর কোনো চাকরি না পেয়ে আত্মবিশ্বাস হারিয়ে ডিসানে কাউন্সেলিং করাতে এসেছিল **অমিত ব্যানার্জী**। এখান থেকে ট্রেনিং নিয়ে আজ বছরে **৩,৬০,০০০ টাকার প্যাকেজে** কলকাতায় সফটওয়্যার কোম্পানিতে উচ্চ পদে কর্মরত। আবার বিগত কয়েক মাসে **দীপক মজুমদার** (জুনিয়ার UI/UX হিসাবে টেকসফট প্রা. লি. স্যালারি প্যাকেজ : ৩,০০,০০০/-টাকা); **গোপাল বিশ্বাস** (জুনিয়ার ওয়েব ডিজাইনার হিসাবে ওয়ার্ল্ড ওয়াইড ইনফোটেক স্যালারি প্যাকেজ : ৩,৪০,০০০/-টাকা); **অর্ণব রায়** (জুনিয়ার গ্রাফিক্স ডিজাইনার হিসাবে টেকট্রি সিস্টেম প্রা. লি. স্যালারি প্যাকেজ : ৩,০০,০০০/-টাকা); **শ্রেয়া রায়** (জুনিয়ার UI/UX হিসাবে সুইফ্ট প্রা. লি. স্যালারি প্যাকেজ : ৩,০০,০০০/-টাকা)-এর মতো অনেকেই আছে, যাঁরা খুব সাধারণ যোগ্যতায় শুধুমাত্র ডিসানের ঠিকঠাক মত গাইডেন্স ও ট্রেনিংয়ের জোরে এখানে ভরতি হওয়ার ৬ থেকে ৯ মাসের মধ্যে চাকরি পাওয়ার স্বপ্ন সার্থক করে নামী সংস্থায় কর্মরত। ডিসান অ্যাকাডেমির এইরকম অজস্র সাফল্যের রহস্য কী? উত্তরে অর্ঘ্য জানালেন, '(১) এখানে ছেলেমেয়েরা ইন্ডাস্ট্রির সেরা সেরা প্রফেশনালসদের কাছ থেকে সরাসরি ট্রেনিং পায়, (২) প্রতিটি কোর্সের শেষে থাকে পেইড ইন্টার্নশিপ, (৩) এই প্রতিষ্ঠান চাকরির আশ্বাস নয় — গ্যারান্টি দেয়। তাই এখানে ভর্তির সময় সরাসরি বলে দেওয়া হয় আপনার কমিটমেন্ট থাকলে, চাকরি না পেলে মানিব্যাক গ্যারান্টি দেওয়া হবে, (৪) এখানে সমাজের পিছিয়ে পড়া কিন্তু যোগ্য ছেলেমেয়েদের জন্য স্কলারশিপের ব্যবস্থা আছে। এই স্কলারশিপ দেওয়া হয় ডিসান টেক ফাউন্ডেশন (Desun Tech Foundation) এর তরফ থেকে, (৫) AI বেসড আপডেটেড ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড কোর্স কারিকুলাম, (৬) এখানে সফটসস্কিলের ওপর আলাদাভাবে গুরুত্ব দেওয়া হয়। তাই মক ইন্টারভিউ সেশন, প্রফেশনাল CV লেখা ও রিভিউ, Linkedin ও অন্যান্য জব পোর্টাল প্রোফাইল বিল্ডআপ, কমিউনিকেশন স্কিল ও পার্সোনালিটি ডেভেলপমেন্টের ওপর আলাদা আলাদা ক্লাস নেওয়া হয়।' জি২৪ ঘন্টার, 'এক্সিলেন্স ইন হাই পে ইন জব ইন আইটি অ্যাকাডেমি' পুরস্কার বা টিভি৯ বাংলা থেকে 'ব্র্যান্ডস অফ বেঙ্গল এক্সিলেন্স ইন জব ওরিয়েন্টেড স্কিল বেসড এডুকেশন' বা 'বেঙ্গল বিজনেস এক্সিলেন্স অ্যাওয়ার্ড - এক্সিলেন্স ইন ট্রেনিং অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট' এর মতো প্রথম সারির পুরস্কার পাওয়া এই প্রতিষ্ঠান আজ দেশের মধ্যে আইটি ও সফটওয়্যার ক্ষেত্রে ট্রেনিং প্রোভাইডার হিসাবে অন্যতম সেরা। উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ করে যাঁরা বসে আছেন, বা যাঁরা ভাবছেন তাঁদের দ্বারা কিছু হবে না বা পয়সার অভাবে যাঁরা কি করবেন ভেবে পাচ্ছেন না, তাঁরা সময় নষ্ট না করে সুনিশ্চিত চাকরি পেয়ে নিজের পায়ে দাঁড়াতে আজই ডিসান অ্যাকাডেমির সঙ্গে যোগাযোগ করুন এই নম্বরে ফোন করুন : 9429691888.

মাধ্যমিক যোগ্যতায় সরকারি চাকরির পাওয়ার সুবর্ণ সুযোগ !

অভিজিৎ কুণ্ডু
ডিরেক্টর
জর্জ স্কুল অফ কম্পিটিটিভ এক্সামস (GSCE)

পশ্চিমবঙ্গ সরকারের নানান দফতরে ক্লারিকাল পদে চাকরির সুবর্ণ সুযোগ। আপনার শিক্ষাগত যোগ্যতা যদি মাধ্যমিক বা সমতুল্য হয়, তাহলে সরকারি চাকরির প্রস্তুতি শুরু করার এটাই সঠিক সময়। Public Service Commission, West Bengal (WBPSC) পরিচালিত Clerkship Examination, ২০২৪-এর মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের নানান দফতর ও অফিসে ক্লারিকাল পদে চাকরির সুযোগ তৈরি হয়েছে।

সরকারি চাকরির প্রস্তুতির ক্ষেত্রে পরীক্ষার্থীদের সঠিক দিশা, পরিকল্পিত প্রস্তুতি ও নিয়মিত অনুশীলনের দরকার; যেমন Syllabus-oriented Classroom Guidance, অভিজ্ঞ Faculty দিয়ে Concept-based Teaching, Current Affairs & General Studies প্রস্তুতি, ও Mathematics, English ও Bengali-এর নিয়মিত অনুশীলন। এর পাশাপাশি Previous Year Questions ও গুরুত্বপূর্ণ প্রশ্নের Practice, নিয়মিত Mock Test & Model Test, পরীক্ষার Pattern অনুযায়ী Time Management-এর প্রশিক্ষণ, Computer Operation ও Typing Test-এর জন্য প্রয়োজনীয় Guidance, নিয়মিত Doubt Clearing & Performance Analysis, পরীক্ষার আগে Revision ও Final Preparation Strategy, ও Admission থেকে Examination পর্যন্ত Academic Guidance & Support পাওয়া যাবে, কারণ লক্ষ্য একটাই-Government Job! সুযোগ সবার জন্য আসে, তবে প্রস্তুত প্রার্থীরাই সেই সুযোগকে সাফল্যে পরিণত করতে পারে। এখানে Lower Division Assistant (LDA), Lower Division Clerk (LDC) ও অনুরূপ ক্লারিকাল পদে নিয়োগ করা হবে, যেখানে কাজের ক্ষেত্র হতে পারে Secretariat, নানান Directorate, District Office ও Regional Office, যার মধ্যে কলকাতাও অন্তর্ভুক্ত। PSC Clerkship চাকরি পেতে আমরা পরীক্ষা পর্যন্ত একটা প্রস্তুতি পর্ব তৈরি করে নিতে পারি। "চাকরি পেতেই হবে"-এই মানসিকতা নিয়ে যারা পড়াশোনা করছে, তারা চাকরি পাবেই। রাজ্যে নতুন সরকারের ঘোষণা অনুসারে, ২০২৭ সালের ৩১ মার্চের মধ্যে ১.৬১ লাখ ছেলেমেয়ে সরকারি চাকরির সুযোগ পাবেন। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর বক্তব্যেও আমরা এই সুযোগের কথা জানতে পেরেছি। তাই সাফল্যের চাবিকাঠি হিসেবে আমরা কয়েকটি ধাপ ভালো করে বুঝে নিতে পারি:

Competitive Exam = The Application of the short-cut Technique + Time Management + Exam Oriented Proper Guidance = Success

- Lesson Plan : বিগত সালের প্রশ্নগুলি খুব ভালো করে তৈরি করতে হবে; বিষয়ভিত্তিক যত প্রশ্ন থাকে তার অন্তত ১০ গুণ প্রশ্ন খুব ভালো করে তৈরি করতে হবে।
- সময়ের সঠিক ব্যবহার : PSC Clerkship-এর Part-1—এ ১০০ নম্বরের উত্তর থাকে (GK, Math, Eng)। তাহলে বিষয়ভিত্তিক ১ মাস অর্থাৎ ৩০ দিন করে সময় পাবে। GSCE-তে প্রত্যেক ছাত্রকে ইন্ডিভিজুয়াল কেয়ার, নতুন ও পরিচিত শিক্ষক মণ্ডলীর মাধ্যমে short-cut techniques ও Time management শেখানো হয়।
- Exam Hall Planning : পরীক্ষার হলের সঠিক পরিকল্পনা ও প্রয়োগ।
- Daywise Study Plan : প্রতিদিনের সুনির্দিষ্ট সময়সূচি অনুযায়ী পড়াশোনা।
- Time Management : সময় ব্যবস্থাপনা ও সঠিক অনুশীলন।
- Reference Book : উন্নতমানের রেফারেন্স বই অনুসরণ করা।
- Motivation : নিয়মিত মনোবল বজায় রাখা ও সঠিক দিকনির্দেশনা।

পরীক্ষার্থীদের এই সমস্ত কৌশল রপ্ত করার সঠিক পথ দেখাবে GSCE, যাতে সরকারি চাকরির নিয়োগপত্র পেয়ে ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ হয় উজ্জ্বল ও সুনিশ্চিত। তাই সত্বর যোগাযোগ করুন আপনার সরকারি চাকরির নিয়োগ পত্রকে confirm করতে। আসন সংখ্যা অত্যন্ত সীমিত - দ্রুত আপনার নাম রেজিস্টার করুন এই নম্বরে — ৯৮৩০২৭৭১০০/৯৬৭৪০৮৭৪৬৫।

রেলে ৩,৫৪৮ ক্লার্ক, গার্ড

১ পাতার পর

দরকার A-2. বেসিক পে ২৯,২০০ টাকা। শূন্যপদ : ২,৭৫০টি।

ক্যাটেগরি নং ৩ : জুনিয়র অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট : যে কোনো শাখার গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার C-2. বেসিক পে ২৯,২০০ টাকা। শূন্যপদ : ৩০০টি।

ক্যাটেগরি নং ৪ : সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট : যে কোনো শাখার গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার C-2. বেসিক পে ২৯,২০০ টাকা। শূন্যপদ : ৩৭১টি।

ওপরের সব পদের বেলায় বয়স গুণতে হবে ১-১-২০২৭'এর হিসাবে। জন্ম-তারিখ হতে হবে জেনারেল ও ই.ডব্লু.এস. প্রার্থীদের বেলায় ২-১-১৯৯৪ বা, তারপর, ও.বি.সি.'দের বেলায় ২-১-১৯৯১ বা, তারপর, তপশিলীদের বেলায় ২-১-১৯৮৯ বা, তারপর। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি'রা ৩ বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করলে ৩৫ (তপশিলী হলে ৪০, ও.বি.সি. হলে ৩৮) বছর বয়স পর্যন্ত আর রেলের কর্মী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। কোন রেল রিক্রুটমেন্ট বোর্ডে ক'টি শূন্যপদ তা নিচে দেওয়া হল।

প্রার্থী বাছাই পরীক্ষা : সব রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায়ই প্রার্থী বাছাইয়ের জন্য দু'টি পর্যায়ের অনলাইন সি.বি.টি. টেস্ট হবে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট হবে আগামী বছরের প্রথম দিকে।

প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্টে ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস-৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (২) অঙ্ক-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। এই পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৪০%, ও.বি.সি.'রা ৩০%, তপশিলী জাতির প্রার্থীরা ৩০%, তপশিলী উপজাতির প্রার্থীরা ২৫ % নম্বর পেলে দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টের জন্য ডাক পাবেন। মোট শূন্যপদের ১৫ গুণ প্রার্থীকে দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টের জন্য ডাকা হবে।

দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টে ১২০ নম্বরের ১২০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (২) অঙ্ক - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। প্রতিবন্ধী প্রার্থীরা অতিরিক্ত ৩০ মিনিট সময় পাবেন। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের স্থানীয় ভাষায়, ইংরিজি, হিন্দি ও উর্দুতে। কলকাতা, শিলিগুড়ি, মালদা, রাঁচী ও গুয়াহাটি রেল রিক্রুট. বোর্ডের পরীক্ষায় প্রশ্ন হবে বাংলায়।

সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট ও জুনিয়র অ্যাকাউন্ট অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট পদের বেলায় দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় সফল হলে টাইপিং স্কিল টেস্ট হবে। তারপর সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা।

গুডস ট্রেন ম্যানেজার, চিফ কমার্শিয়াল কাম টিকিট সুপারভাইজর পদের বেলায় দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় সফল হলে সার্টিফিকেট ভেরিফিকেশন আর ডাক্তারি পরীক্ষা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৬ নভেম্বর পর্যন্ত। যিনি যে রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করতে চান, সেই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে দরখাস্ত করবেন। এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও সিগনেচার (৩০-৭০ কেবির মধ্যে) আর কাস্ট সার্টিফিকেট (শুধুমাত্র তপশিলীদের জন্য) ৫০০ কেবির মধ্যে স্ক্যান করে নেবেন।

প্রথমে সংশ্লিষ্ট রেল রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে দরখাস্ত করবেন। তখন ইউজার আই.ডি. ও পাশওয়ার্ড পাবেন। তারপর স্ক্যান করা যাবতীয় প্রমাণপত্র আপলোড করবেন। তারপর লাইভ ফটো ক্যাপচার সেশন চলবে। এরপর পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা, প্রাক্তন সমরকর্মী, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীদের বেলায় ২৫০) টাকা অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দেবেন, ৬ নভেম্বরের মধ্যে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। ফর্ম পূরণ করার পর কোনো ভুল হয়ে থাকলে তা এডিট করতে পারবেন ৯ নভেম্বর থেকে ১৮ নভেম্বরের মধ্যে।

সাধারণ প্রার্থীরা 'সি.বি.টি.' পরীক্ষা দিয়ে থাকলে পরীক্ষা ফী থেকে ৪০০ টাকা আর তপশিলী, প্রাক্তন সমরকর্মী, মহিলা, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীরা 'সি.বি.টি.' পরীক্ষা দিয়ে থাকলে ২৫০ টাকা ফেরৎ পেয়ে যাবেন (ব্যাঙ্ক চার্জ কেটে)।

কোন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইট কোনটি : আহমেদাবাদ RRB'র বেলায় www.rrbahmedabad.gov.in, আজমীর RRB'র বেলায় www.rrbajmer.org, এলাহাবাদ RRB'র বেলায় www.rrbald.nic.in, ব্যাঙ্গালোর RRB'র বেলায় www.rrbbnc.gov.in, ভূপাল RRB'র বেলায় www.rrbbhopal.gov.in, ভুবনেশ্বর RRB'র বেলায় www.rrbbbs.gov.in, বিলাসপুর RRB'র বেলায় www.rrbbilaspur.gov.in, চন্ডীগড় RRB'র বেলায় www.rrbcdg.gov.in, চেন্নাই RRB'র বেলায় www.rrbchennai.gov.in, গোরক্ষপুর RRB'র বেলায় www.rrbgkb.gov.in, গুয়াহাটি RRB'র বেলায় www.rrbguwahati.gov.in, জম্মু-শ্রীনগর RRB'র বেলায় www.rrbjammu.nic.in, কলকাতা RRB'র বেলায় www.rrbkolkata.gov.in, মালদা RRB'র বেলায় www.rrbmalda.gov.in, মুম্বাই RRB'র বেলায় www.rrbmumbai.gov.in, মজঃফরপুর RRB'র বেলায় www.rrbmuzaffarpur.gov.in, পটনা RRB'র বেলায় www.rrbpatna.gov.in, রাঁচী RRB'র বেলায় www.rrbranchi.org, সেকেন্দরাবাদ RRB'র বেলায় www.rrbsecunderabad.nic.in, শিলিগুড়ি RRB'র বেলায় www.rrbsiliguri.org, তিরুবনন্তপুরম RRB'র বেলায় www.rrbthiruvananthapuram.gov.in .

কোন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে কোন পদে ক'টি শূন্যপদ :

কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে নেওয়া হবে এইসব পদে:

ক্যাটেগরি নং ১ : চিফ কমার্শিয়াল কাম টিকিট সুপারভাইজর পদে ৭টি। এর মধ্যে পূর্ব রেলে ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি.১)। এর মধ্যে প্রতিবন্ধী ১। দক্ষিণ-পূর্ব রেলে ৩টি (জেনাঃ ২, ও.বি.সি.১)।

ক্যাটেগরি নং ২ : গুডস ট্রেন ম্যানেজার পদে ১৭৭টি। এর মধ্যে পূর্ব রেলে ১৫৭টি (জেনাঃ ৬৩, তঃজাঃ ২৩, তঃউঃজাঃ ১৩, ও.বি.সি. ৪৩, ইডব্লু.এস. ১৫)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১৬। দক্ষিণ-পূর্ব রেলে ২০টি (জেনাঃ ৮, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২।

ক্যাটেগরি নং ৩ : জুনিয়র অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট পদে ৭৬টি। এর মধ্যে পূর্ব রেলে ৬৫টি (জেনাঃ ২৬, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ১৮, ই.ডব্লু.এস. ৬)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৭, প্রতিবন্ধী ৩। চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্ক্সে ৭টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, ও.বি.সি. ২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১। মেট্রো রেলে ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি.১)।

ক্যাটেগরি নং ৪ : সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে ৭২টি। এর মধ্যে পূর্ব রেলে ৩৯টি (জেনাঃ ১৬, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১১, ই.ডব্লু.এস. ৪)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৪, প্রতিবন্ধী ৪। দক্ষিণ-পূর্ব রেলে ২০টি (জেনাঃ ১২, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২, প্রতিবন্ধী ৪। মেট্রো রেলে ৩টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি.১)। চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্ক্সে ১০টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১।

মালদা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে নেওয়া হবে এইসব পদে:

ক্যাটেগরি নং ২ : গুডস ট্রেন ম্যানেজার পদে পূর্ব রেলে ১৭টি (জেনাঃ ২, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৬, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২।

ক্যাটেগরি নং ৪ : সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে ৯টি। এর মধ্যে পূর্ব রেলে ৩টি (জেনাঃ ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। দক্ষিণ-পূর্ব রেলে ৬টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১, প্রতিবন্ধী ১।

শিলিগুড়ি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে নেওয়া হবে এইসব পদে:

ক্যাটেগরি নং ১ : চিফ কমার্শিয়াল কাম টিকিট সুপারভাইজর পদে উত্তর-পূর্ব সীমান্ত রেলে ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ১)।

ক্যাটেগরি নং ২ : গুডস ট্রেন ম্যানেজার পদে উত্তর-পূর্ব সীমান্ত রেলে ২৮১টি (জেনাঃ ১১৪, তঃজাঃ ৪২, তঃউঃজাঃ ২১, ও.বি.সি. ৭৬, ই.ডব্লু.এস. ২৮)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২৯।

ক্যাটেগরি নং ৪ : সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে উত্তর-পূর্ব সীমান্ত রেলে ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। এর মধ্যে প্রতিবন্ধী ১।

রাঁচী রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে নেওয়া হবে এইসব পদে:

ক্যাটেগরি নং ১ : চিফ কমার্শিয়াল কাম টিকিট সুপারভাইজর পদে পূর্ব-মধ্য রেলে ৬টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ২)। এর মধ্যে প্রতিবন্ধী ১।

ক্যাটেগরি নং ২ : গুডস ট্রেন ম্যানেজার পদে ৩৬০টি। এর মধ্যে পূর্ব-মধ্য রেলে ৩২৬টি (জেনাঃ ১২৯, তঃজাঃ ৫০, তঃউঃজাঃ ২৫, ও.বি.সি. ৯০, ই.ডব্লু.এস. ৩২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৩৩। দক্ষিণ-পূর্ব রেলে ৩৪ (জেনাঃ ১৪, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ৩)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৩।

ক্যাটেগরি নং ৪ : সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে ১১টি। এর মধ্যে দক্ষিণ-পূর্ব রেলে ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১। পূর্ব মধ্য রেলে ৬ (জেনাঃ ৪, ও.বি.সি. ২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১।

পটনা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে নেওয়া হবে এইসব পদে:

ক্যাটেগরি নং ২ : গুডস ট্রেন ম্যানেজার পদে পূর্ব মধ্য রেলে ৫টি (জেনাঃ)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১।

ক্যাটেগরি নং ৩ : জুনিয়র অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট পদে পূর্ব-মধ্য রেলে ১৫টি (তঃজাঃ ৫, তঃউঃজাঃ ১০)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২, প্রতিবন্ধী ১।

ক্যাটেগরি নং ৪ : সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে পূর্ব-মধ্য রেলে ৯টি (জেনাঃ ২, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১, প্রতিবন্ধী ১।

গুয়াহাটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে নেওয়া হবে এইসব পদে:

ক্যাটেগরি নং ১ : চিফ কমার্শিয়াল কাম টিকিট সুপারভাইজর পদে উত্তর-সীমান্ত রেলে ১৮টি (জেনাঃ ৮, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১, প্রতিবন্ধী ১।

ক্যাটেগরি নং ২ : গুডস ট্রেন ম্যানেজার পদে উত্তর সীমান্ত রেলে ৪৫টি (জেনাঃ ১৭, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১২, ই.ডব্লু.এস. ৫)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৫।

ক্যাটেগরি নং ৩ : জুনিয়র অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট পদে উত্তর সীমান্ত রেলে ৩০টি (জেনাঃ ১২, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ৩)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৩, প্রতিবন্ধী ২।

ক্যাটেগরি নং ৪ : সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে উত্তর সীমান্ত রেলে ১১টি (জেনাঃ ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)।

ভুবনেশ্বর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে নেওয়া হবে এইসব পদে:

ক্যাটেগরি নং ১ : চিফ কমার্শিয়াল কাম টিকিট সুপারভাইজর পদে পূর্ব উপকূল রেলে ১টি (ও.বি.সি.)।

ক্যাটেগরি নং ২ : গুডস ট্রেন ম্যানেজার পদে পূর্ব-উপকূল রেলে ১২৮টি (জেনাঃ ৭৪, তঃজাঃ ১৪, তঃউঃজাঃ ৮, ও.বি.সি. ৩২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১৩।

ক্যাটেগরি নং ৩ : জুনিয়র অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট পদে পূর্ব উপকূল রেলে ৭টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১।

ক্যাটেগরি নং ৪ : সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে পূর্ব উপকূল রেলে ১০টি (জেনাঃ ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১, প্রতিবন্ধী ১।

মুজফফরপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে নেওয়া হবে এইসব পদে:

ক্যাটেগরি নং ২ : গুডস ট্রেন ম্যানেজার পদে পূর্ব-মধ্য রেলে ৭৩টি (জেনাঃ ৩৩, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ১৮, ইডব্লু.এস. ৭)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৭।

ক্যাটেগরি নং ৪ : সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে পূর্ব মধ্য রেলে ৫টি (জেনাঃ ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১, প্রতিবন্ধী ১।

গত সপ্তাহের পর

সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

১৩ জুলাই : যুক্তরাজ্যের পরবর্তী প্রধানমন্ত্রী হলেন অ্যান্ডি বার্নহাম।

❑ লন্ডনের ঐতিহ্যবাহী ক্রিকেট স্টেডিয়াম লর্ডসে আয়োজিত মহিলাদের প্রথম টেস্টে ইংল্যান্ডকে ২৭০ রানের ব্যবধানে হারাল ভারত। লর্ডসের ১৪২ বছরের সুদীর্ঘ ইতিহাসে এই প্রথমবার আয়োজন করা হয়েছিল কোনো মহিলা টেস্ট ম্যাচ। আর তাতেই মহিলাদের ক্রিকেটের ইতিহাসে জায়গা করে নিল ভারতের মহিলা ক্রিকেট দল। ১৮৮৪ সাল থেকে এই মাঠে টেস্ট ক্রিকেট হচ্ছে। তার ১৪১ বছর পর প্রথমবার আয়োজিত হল মহিলাদের টেস্ট। ভারত ও ইংল্যান্ডের মহিলা টেস্ট লর্ডসে অনুষ্ঠিত ১৫১ তম টেস্ট। সেই ম্যাচেই জয় পেলেন ভারতীয় মহিলা দল। এই ম্যাচে প্রথম ইনিংসে মাত্র ৩৭ রান দিয়ে ৫টি দুর্দান্ত উইকেট (৫/৩৭) শিকার করে লর্ডসের অনার্স বোর্ডে প্রথম মহিলা ক্রিকেটার হিসাবে নিজের নাম লেখালেন ভারতীয় পেসার ক্রান্তি গৌড়। অন্যদিকে, লর্ডসের মাঠে প্রথম ভারতীয় মহিলা ক্রিকেটার হিসাবে টেস্ট শতরান করার গৌরব অর্জন করলেন উইকেটরক্ষক-ব্যাটার যস্তিকা ভাটিয়া। তিন নম্বরে খেলতে নেমে তিনি করেন ১৫৮ বলে ১১৩ রান।

❑ শ্রীলঙ্কান বধির মহিলা ক্রিকেট দলকে ৫-০ ব্যবধানে হারিয়ে, ইতিহাসের প্রথম আন্তর্জাতিক টোয়েন্টি-২০ সিরিজ জিতল ভারতীয় বধির মহিলা ক্রিকেট দল।

১৪ জুলাই : 'ব্র্যান্ড ফাইন্যান্স ইন্ডিয়া ১০০-২০২৬' রিপোর্ট অনুযায়ী, এখন ভারতের সবথেকে মূল্যবান ও শক্তিশালী টায়ার ব্র্যান্ড 'এমআরএফ লিমিটেড'। রিপোর্ট অনুযায়ী, এর বাজার মূল্য প্রায় ৮৬৩ মিলিয়ন মার্কিন ডলারে পৌঁছেছে, যা আগের বছরের তুলনায় প্রায় ২৪% বেশি। এছাড়াও, 'ব্র্যান্ড ফাইন্যান্স টায়ার্স ২৫-২০২৬' র‍্যাঙ্কিংয়ে বিশ্বব্যাপী তৃতীয় শক্তিশালী টায়ার ব্র্যান্ড হিসাবেও স্থান পেয়েছে 'এমআরএফ লিমিটেড'। এমআরএফ ১০০'র মধ্যে ৮৭.৭ ব্র্যান্ড স্ট্রেংথ ইনডেক্স স্কোর অর্জন করেছে। ১৯৪৬ সালে চেন্নাইয়ে প্রতিষ্ঠিত এই কোম্পানিটি শুরু থেকেই পণ্যের উচ্চ মান, বিশাল ডিস্ট্রিবিউশন নেটওয়ার্ক ও গ্রাহকদের গভীর বিশ্বাসের কারণে ভারতের বাজারে নিরঙ্কুশ আধিপত্য বজায় রেখেছে।

'আন্তর্জাতিক মহাকাশ স্টেশন'এর উদ্দেশ্যে যাত্রা শুরু করলেন ভারতীয় বংশোদ্ভূত মার্কিনি মহাকাশচারী অনিল মেনন। কাজাখ-ই-স্তানের বৈকানুর কসমোড্রোম থেকে রাশিয়ার সয়ুজ এমএস-২৯ মহাকাশযানে চেপে আন্তর্জাতিক মহাকাশ স্টেশনের উদ্দেশ্যে রওনা হয়েছেন 'নাসা'র এই মহাকাশচারী। এই অভিযানে আইএসএস'এ তিনি প্রায় ৮ মাস কাটাবেন বলে জানা গেছে। এই দীর্ঘ সময় ধরে তিনি ফ্লাইট ইঞ্জিনিয়ার হিসাবে দায়িত্ব পালন করবেন। মহাকাশ স্টেশনে বৈজ্ঞানিক গবেষণা, প্রযুক্তিগত পরীক্ষা-নিরীক্ষা ও ভবিষ্যতের দীর্ঘমেয়াদী মহাকাশ অভিযানের জন্য প্রয়োজনীয় বিভিন্ন পরীক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন তিনি। এই অভিযানে তাঁর সঙ্গে রয়েছেন রাশিয়ার মহাকাশচারী পিওতর দুব্রভ ও মহিলা মহাকাশচারী আন্না কিকিনা।

❑ ভারতের প্রথম সরকারি কৃত্রিম বুদ্ধিমত্তা বিশ্ববিদ্যালয় স্থাপন করতে চলেছে কর্ণাটক সরকার। বেঙ্গালউরুতে এক অনুষ্ঠানে এই ঐতিহাসিক ঘোষণাটি করেছেন রাজ্যের মুখ্যমন্ত্রী ডি.কে.শিবকুমার। এই উদ্যোগের মূল লক্ষ্য হল, এআই ক্ষেত্রে বিশ্বমানের প্রতিভা তৈরি করা, উন্নত গবেষণায় জোর দেওয়া আর সরকার, শিক্ষা প্রতিষ্ঠান ও শিল্পের মধ্যে সমন্বয় গড়ে তোলা। বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি একটি 'এআই হাব'ও তৈরি করা হচ্ছে রাজ্যে। এছাড়াও, ষষ্ঠ শ্রেণি থেকেই শিক্ষার্থীদের জন্য এআই পাঠ্যক্রম চালু করার একটি যুগান্তকারী পরিকল্পনাও নিয়েছে রাজ্য সরকার।

১৫ জুলাই : 'পিএম স্বানিধি' প্রকল্পের অধীনে, সারা দেশে ৫০টি 'স্ট্রিট ফুড হাব' বা রাস্তার ধারের খাবার কেন্দ্র স্থাপনের প্রথম পর্যায়ে নির্বাচিত হল জম্মু ও কাশ্মীরের কাঠুয়া জেলার লখনপুর শহর। পঞ্জাব আর জম্মু ও কাশ্মীরের সীমান্তে অবস্থিত এই শহরটিকে 'জম্মু ও কাশ্মীরের প্রবেশদ্বার' বলা হয়। হাবটি মূলত লখনপুর বাজারের দু'টি স্থানে (পুরনো বাস স্ট্যান্ডের কাছে ও সেলস ট্যাক্স অফিসের কাছে) তৈরি করা হচ্ছে। এই হাব তৈরির প্রধান উদ্দেশ্য হল, সুস্বাদু ও ঐতিহ্যবাহী স্থানীয় খাবার, বিশেষ করে ডোগরা অঞ্চলের জনপ্রিয় খাবার আর সুস্বাদু 'লখনপুর দে ভাম্নে' পরিষ্কার ও স্বাস্থ্যকর পরিবেশে পর্যটকদের সামনে তুলে ধরা। এই হাবটি পর্যটকদের কাছে একটি দারুণ আকর্ষণের কেন্দ্রবিন্দুতে পরিণত হবে ও স্থানীয় বিক্রেতাদের আয়ের পথ সুগম করবে।

❑ কুষ্ঠরোগকে একটি 'নোটিফায়েবল ডিজিজ' (কর্তৃপক্ষকে জানানো বাধ্যতামূলক এমন রোগ) হিসাবে ঘোষণা করল জম্মু ও কাশ্মীর সরকার। এর ফলে, কেন্দ্রশাসিত অঞ্চলটির সব সরকারি ও বেসরকারি হাসপাতাল, মেডিক্যাল কলেজ ও এনজিও'কে নির্ণয় করা প্রতিটি কুষ্ঠরোগের ঘটনা সরাসরি জেলা মুখ্য স্বাস্থ্য কর্মকর্তার কাছে রিপোর্ট করতে হবে। এই উদ্যোগের উদ্দেশ্য হল, এই রোগের নজরদারি জোরদার করা, দ্রুত রোগ নির্ণয়, সময়মতো চিকিৎসা নিশ্চিত করা ও সংক্রমণ পুরোপুরি রোধ করা।

❑ এবছরের প্রথমার্ধে ভারতে ১২.৭ লাখেরও বেশি সাইবার জালিয়াতির অভিযোগ নথিভুক্ত হয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের তথ্য অনুযায়ী, সাইবার অপরাধের কারণে আর্থিক ক্ষতির পরিমাণ ১০,১৭৮ কোটি টাকা ছাড়িয়ে গেছে। উত্তর প্রদেশে সবথেকে বেশি অভিযোগ নথিভুক্ত হয়েছে - ১.৮৫ লাখ। এক্ষেত্রে দ্বিতীয় স্থানে রয়েছে মহারাষ্ট্র (১.৫৮ লাখ অভিযোগ) ও তৃতীয় স্থানে রয়েছে কর্ণাটক (১.২১ লাখ অভিযোগ)। বড় ধরনের সাইবার জালিয়াতির মধ্যে ছিল ডিজিটাল অ্যারেস্ট স্ক্যাম, ভুয়ো বিনিয়োগ প্রকল্প, ওটিপি জালিয়াতি, ব্যাঙ্কিং জালিয়াতি ও ইউপিআই স্ক্যাম। অন্যান্য সাধারণ প্রতারণার মধ্যে ছিল ভুয়ো কাস্টমার কেয়ার নম্বর, কুরিয়ার সংক্রান্ত প্রতারণা, চাকরি দেওয়ার নামে প্রতারণা ও সোশ্যাল মিডিয়ায় ছদ্মবেশ ধারণ।

❑ সম্প্রতি বিদেশের মাটিতে ১০০ মিটার দৌড়ে দ্রুততম ভারতীয়র খেতাব পেয়েছেন অনিমেষ কুজুর। জার্মানির ওয়েটজলার শহরে আয়োজিত 'পুমা ফাস্ট আর্মস অ্যান্ড ফাস্ট লেগস ২০২৬' মিটে মাত্র ১০.১৪ সেকেন্ড সময় নিয়ে এই রেকর্ড গড়েন তিনি। এই প্রতিযোগিতায় দ্বিতীয় স্থান অর্জন করেন তিনি। এটি বিদেশের মাটিতে কোনো ভারতীয় স্প্রিন্টারের করা দ্রুততম ১০০ মিটারের রেকর্ড ও সবমিলিয়ে ভারতের দ্বিতীয় দ্রুততম টাইমিং। ভারতের মাটিতে বা সবমিলিয়ে দ্রুততম ১০০ মিটারের রেকর্ডটি রয়েছে গুরিন্দরবীর সিং'এর দখলে, যাঁর সময় ১০.০৯ সেকেন্ড। এবছরের শুরুর দিকে রাঁচিতে 'ফেডারেশন কাপ'এ এই রেকর্ড গড়েন গুরিন্দরবীর।

❑ এবছর হাঙ্গেরির বুদাপেস্টে 'পোলিয়াক ইমরে, ভার্গা জানোস অ্যান্ড কোজমা ইস্তভান মেমোরিয়াল' কুস্তি টুর্নামেন্টে পুরুষদের ফ্রিস্টাইল ৫৭ কেজি বিভাগে সোনার পদক পেলেন ভারতের আমন সেহরাওয়াত।

বিশেষ বিজ্ঞপ্তি

কর্মসংস্থান পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

২০২৬ এশিয়ান গেমসে

ভারতীয় পদকজয়ীরা (৪ অক্টোবর ২০২৬ পর্যন্ত)

খেলোয়াড়	খেলা	বিভাগ	পদক
চিকিথা তানিপার্থী, সাহিল যাদব	তিরন্দাজি	মিক্সড কম্পাউন্ড টিম	সোনা
প্রিয়া ঘাঙ্গাস	বক্সিং	মহিলাদের ৬০ কেজি	ব্রঞ্জ
কাইনান চেনাই, নীরু ধান্ডা	শুটিং	মিক্সড ট্র্যাপ	সোনা
কপিল পোখারিয়া	বক্সিং	পুরুষদের ৯০ কেজি	ব্রঞ্জ
সাহিল যাদব, গণেশ মণিরত্নম থিরুমুরু, কুশল দালাল	তিরন্দাজি	পুরুষদের কম্পাউন্ড টিম	সোনা
সুনীল কুমার	কুস্তি	গ্রেকো-রোমান ৮৭ কেজি	ব্রঞ্জ
অনাহাত সিং, জোৎস্না চিনাপ্পা, তানভি খান্না, শমিনা রিয়াজ	স্কোয়াশ	মহিলাদের টিম	ব্রঞ্জ
প্রিন্স কুরিসিঙ্কল নোবেল, মানু ফ্রান্সিস	সেইলিং	পুরুষদের স্কিফ	রুপো
গণেশ মণিরত্নম থিরুমুরু	তিরন্দাজি	পুরুষদের কম্পাউন্ড ব্যক্তিগত	ব্রঞ্জ
নীতেশ কুমার	কুস্তি	গ্রেকো-রোমান ৯৭ কেজি	রুপো
হর্ষিতা তোমর, শীতল ভার্মা	সেইলিং	মহিলাদের স্কিফ	ব্রঞ্জ
অঙ্কিতা ভকত, কুমকুম মোহদ, কীর্তি শর্মা	তিরন্দাজি	মহিলাদের টিম রিকার্ভ	সোনা
কুমকুম মোহদ, ধীরাজ বোম্মাদেভারা	তিরন্দাজি	মিক্সড টিম রিকার্ভ	রুপো
নেত্রা কুমানান	সেইলিং	মহিলাদের ডিঙ্গি	ব্রঞ্জ
লভলিনা বোরগোঁহাই	বক্সিং	মহিলাদের ৭৫ কেজি	সোনা
ভারতীয় দল	সেপাকটাকরো	পুরুষদের কোয়াড্রান্ট	ব্রঞ্জ
পারভিন হুদা	বক্সিং	মহিলাদের ৬৫ কেজি	সোনা
অঙ্কুশ পাঙ্ঘাল	বক্সিং	পুরুষদের ৮০ কেজি	সোনা
সুজিত কালকাল	কুস্তি	পুরুষদের ৬৫ কেজি	সোনা
ভারতীয় দল	হকি	মহিলাদের ইভেন্ট	সোনা
কুমকুম মোহদ	তিরন্দাজি	মহিলাদের ব্যক্তিগত রিকার্ভ	সোনা
প্রণবী উরস	গলফ	মহিলাদের ব্যক্তিগত	সোনা
প্রণবী উরস, অদিতি অশোক, দীক্ষা ডাগর	গলফ	মহিলাদের টিম	রুপো
নীরজ চৌহান	তিরন্দাজি	পুরুষদের ব্যক্তিগত রিকার্ভ	ব্রঞ্জ
ভারতীয় দল	ক্রিকেট	পুরুষদের ইভেন্ট	সোনা
আমন সেহরাওয়াত	কুস্তি	পুরুষদের ৫৭ কেজি	সোনা
দীপক পুনিয়া	কুস্তি	পুরুষদের ৯৭ কেজি	ব্রঞ্জ
অন্তিম পাঙ্ঘাল	কুস্তি	মহিলাদের ৫৩ কেজি	রুপো
ভারতীয় দল	হকি	পুরুষদের ইভেন্ট	সোনা

২০২৬ এশিয়ান গেমসের শীর্ষ ১০ দেশের পদক তালিকা

র‍্যাঙ্ক	দেশ	সোনা	রুপো	ব্রঞ্জ	মোট
১	চিন	১৬৯	৮৯	৮৩	৩৪১
২	জাপান	৮৩	৯৫	৯১	২৬৯
৩	দক্ষিণ কোরিয়া	৩৯	৪৩	৬৮	১৫০
৪	ভারত	২১	২৭	৩৭	৮৫
৫	উজবেক-ই-স্তান	২১	২৫	২৪	৭০
৬	ইরান	১৯	১৮	১৫	৫২
৭	তাইল্যান্ড	১৮	১৩	২১	৫২
৮	কাজাখ-ই-স্তান	১২	২৪	৪৮	৮৪
৯	হং কং চিন	১১	১৯	২৪	৫৪
১০	বাহরাইন	১১	৫	৬	২২

এবছরের এশিয়ান গেমসে ভারতের কৃতিত্ব

❑ জাপানের আইচি-নাগোয়ায় এবছরের 'এশিয়ান গেমস'এ ভারত মোট ৮৫টি পদক পেয়ে পদক তালিকায় চতুর্থ স্থান অধিকার করেছে। এর মধ্যে ২১টি সোনা, ২৭টি রুপো ও ৩৭টি ব্রঞ্জ পদক। এটি 'এশিয়ান গেমস'এর ইতিহাসে ভারতের দ্বিতীয় সর্বোচ্চ পদক জয়ের রেকর্ড।

❑ এর আগে, চিনের হ্যাংঝুতে ২০২৩ সালের 'এশিয়ান গেমস'এ রেকর্ড ভাঙা ১০৬টি পদক জিতেছিল ভারত। যার মধ্যে ছিল ২৮টি সোনা, ৩৮টি রুপো ও ৪০টি ব্রঞ্জ পদক। এটিই ছিল এশিয়াডে ভারতের সেরা পারফরম্যান্স।

❑ এবছর 'এশিয়ান গেমস'এর সমাপ্তি অনুষ্ঠানে ভারতের পতাকাবাহী ছিলেন ট্র্যাপ শুটার নীরু ধান্ডা।

❑ এবারের 'এশিয়ান গেমস'এ কবাডি, ক্রিকেট ও হকিতে পুরুষ ও মহিলা উভয় বিভাগেই সোনার পদক জিতেছে ভারত। ট্র্যাপ-সহ বেশ কিছু ইভেন্টে ভারতীয়রা ঐতিহাসিক সোনার পদক জেতেন।

❑ এবারের 'এশিয়ান গেমস'এ দেশের সবথেকে বেশি সোনার পদক এসেছে তিরন্দাজি থেকে। ৫টি সোনা-সহ মোট ৯টি পদক এবার জাপান এশিয়াডে জিতেছেন ভারতীয়রা।

❑ তবে, টেনিসে এবছর কোনো পদক পায়নি ভারত। গতবার এই টেনিসেই ১টি সোনা ও ১টি রুপোর পদক জিতেছিল ভারত।

❑ গত 'এশিয়ান গেমস'এ মোট ১০টি খেলা থেকে সোনার পদক জিতেছিল ভারত। এবার সেখানে ৮টি খেলা থেকে সোনার পদক এসেছে।

❑ নতুন দুই খেলায় ঐতিহাসিক প্রথম পদক জিতেছে ভারত। মিক্সড মার্শাল আর্টসে সুচিকা তারিয়াল 'এশিয়ান গেমস'এর ইতিহাসে মিক্সড মার্শাল আর্টস ইভেন্টে ভারতের হয়ে প্রথম পদক জিতে ইতিহাস গড়েছেন। অন্যদিকে, জয় মীনা সফট টেনিস ইভেন্টে দেশের জন্য প্রথমবারের মতো পদক এনে রেকর্ড বইয়ে জায়গা পেয়েছেন।

❑ প্রথম ভারতীয় মহিলা গলফার হিসাবে 'এশিয়ান গেমস'এর ব্যক্তিগত ইভেন্টে সোনার পদক জেতার নজির গড়েছেন প্রণবী উরস। এর মাধ্যমে গলফে ভারতের দীর্ঘ ২৪ বছরের ব্যক্তিগত সোনার খরা কেটেছে।

❑ অসুস্থতার সঙ্গে লড়াই করেও এবারের গেমসে ভারতের সবথেকে সফল ক্রীড়াবিদ হয়েছেন নীরু ধান্দা। শুটিংয়ে ২টি সোনা ও ১টি রুপোর পদক জিতে 'এশিয়ান গেমস'এ নতুন রেকর্ড তৈরি করেছেন তিনি।

পক্ষকাল
সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

১৬ জুলাই : ২০২৭ সালকে আনুষ্ঠানিকভাবে 'যুব বর্ষ' হিসাবে পালনের ঘোষণা করলেন মধ্য প্রদেশের মুখ্যমন্ত্রী ড.মোহন যাদব। 'মাই ইউথ, মাই প্রাইড' কনক্লেভে এই ঘোষণা করেন তিনি। এই উদ্যোগের লক্ষ্য হল, রাজ্যের নীতি নির্ধারণ ও উন্নয়ন প্রক্রিয়ায় ২ কোটিরও বেশি তরুণ-তরুণীকে যুক্ত করা। এছাড়াও, যুব সমাজের সৃজনশীলতাকে সম্মান জানাতে নতুন ডিজিটাল কন্টেন্ট পুরস্কার চালুর ঘোষণা করা হয়েছে।

১৭ জুলাই : জম্মু ও কাশ্মীরের রাজৌরির ঐতিহাসিক 'ভৈরব যাত্রা' আনুষ্ঠানিকভাবে ভারতের 'ন্যাশনাল ইনভেন্টরি অফ ইনট্যাঞ্জিবল কালচারাল হেরিটেজ' তালিকায় স্থান পেল। এই স্বীকৃতি আধ্যাত্মিক ঐতিহ্য সংরক্ষণ ও হেরিটেজ পর্যটনে সহায়তা করবে। রাজৌরি ভৈরব যাত্রা হল জম্মু ও কাশ্মীরের রাজৌরি অঞ্চলের শতবর্ষ-প্রাচীন ও অত্যন্ত জনপ্রিয় একটি আধ্যাত্মিক উৎসব, যা মূলত হোলি উৎসবের সময় উদযাপিত হয়। এই যাত্রা তার অনন্য ঐতিহ্য ও ধর্মীয় উদ্দীপনার জন্য পরিচিত। এই যাত্রার সবথেকে বৈশিষ্ট্যপূর্ণ দিকটি হল, একজন ভক্ত বাবা ভৈরব দেবের রূপ ধারণ করেন। তাঁর সারা শরীর কালো রঙে রাঙানো থাকে ও তিনিই এই বিশাল শোভাযাত্রার নেতৃত্ব দেন। যাত্রার সময় তিনি প্রতীকীভাবে এক জোড়া চিমটা দিয়ে ভক্তদের স্পর্শ করেন। স্থানীয়দের বিশ্বাস, এর ফলে সৌভাগ্য ও সুরক্ষা লাভ হয় আর বাবা ভৈরবের আশীর্বাদ পাওয়া যায়।

এবছর মর্যাদাপূর্ণ 'ভারত সম্মান'এ ভূষিত হলেন সমাজকর্মী ড.নন্দিনী আজাদ। নারী ক্ষমতায়ন, আর্থিক অন্তর্ভুক্তি ও প্রাথমিক পর্যায়ে সামাজিক উন্নয়ন ও সুবিধাবঞ্চিত মহিলাদের স্বনির্ভর করে তোলার ক্ষেত্রে আজীবন অবদানের স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি। তাঁর নেতৃত্বে "ওয়ার্কিং উইমেন'স ফোরাম (ইন্ডিয়া)" ও "ইন্ডিয়ান কোঅপারেটিভ নেটওয়ার্ক ফর উইমেন"এর মাধ্যমে ৬.১৫ লাখেরও বেশি মহিলা ক্ষুদ্রঋণ, জীবিকা, নেতৃত্ব প্রশিক্ষণ ও আর্থিক অন্তর্ভুক্তির সুযোগ পেয়েছেন। তাঁর কাজ মহিলা নেতৃত্বাধীন সমবায় আন্দোলনের একটি সফল মডেল হিসাবে স্বীকৃত।

❑ ১১ জুলাই তামিলনাড়ুর চেন্নাইয়ে, ভারতের প্রথম এআই-সমন্বিত ভার্টিক্যাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস হিসাবে পরিকল্পিত 'ভেলস তিরুভানমিয়ুর ক্যাম্পাস'এর উদ্বোধন করলেন 'জোহো কর্পোরেশন'এর প্রধান বিজ্ঞানী তথা সহ-প্রতিষ্ঠাতা 'পদ্মশ্রী' পুরস্কারপ্রাপ্ত শ্রীধর ভেম্বু। ভার্টিক্যাল বিশ্ববিদ্যালয় বা ক্যাম্পাস হল এমন একটি উচ্চশিক্ষা প্রতিষ্ঠান, যা বিশাল জমির ওপর ছড়িয়ে-ছিটিয়ে না থেকে বড় বহুতল ভবনের ভিতরে তৈরি করা হয়। বহু-বিভাগীয় গবেষণার স্থান সংকুলানের পাশাপাশি জায়গা সাশ্রয়ের লক্ষ্যে এই বিশ্ববিদ্যালয়টি একটি ভার্টিক্যাল টাওয়ার হিসাবে তৈরি করা হয়েছে। 'ভেলস ইনস্টিটিউট অফ সায়েন্স, টেকনোলজি অ্যান্ড অ্যাডভান্সড স্টাডিজ' এই নতুন ক্যাম্পাসটি তৈরি করেছে। এই বিশ্ববিদ্যালয়ে রয়েছে এআই-চালিত শ্রেণিকক্ষ, ডিজিটাল শিক্ষার পরিবেশ, যৌথ উদ্ভাবন কেন্দ্র ও শিল্পের সঙ্গে সংযুক্ত গবেষণাগার।

১৯ জুলাই : মলদোভা, নর্থ ম্যাসিডোনিয়া ও রোমানিয়ার উদ্দেশ্যে রাষ্ট্রীয় সফরে রওনা দিলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। এই প্রথম কোনো ভারতীয় রাষ্ট্রপতি মলদোভা ও নর্থ ম্যাসিডোনিয়ায় সফর করছেন। বাণিজ্য, প্রযুক্তি ও সাংস্কৃতিক আদানপ্রদান-সহ বিভিন্ন ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও মজবুত করাই হল এই সফরের মূল উদ্দেশ্য।

❑ এবছর উজবেক-ই-স্তানের তাসখন্দে, ৫৮ তম 'আন্তর্জাতিক রসায়ন অলিম্পিয়াড'এ ইতিহাস গড়ল ভারত। ভারতের প্রতিযোগীদের সবাই সোনার পদক পেলেন এই প্রতিযোগিতায়। প্রথম দেশ হিসাবে এমন কৃতিত্ব অর্জন করল ভারত। মর্যাদাপূর্ণ এই প্রতিযোগিতায় অংশ নিয়ে ৪ জন ভারতীয় তরুণ প্রতিযোগী প্রতিটি বিভাগে অসাধারণ নৈপুণ্য প্রদর্শন করে দেশে নিয়ে এলেন ৪টি সোনার পদক। এঁরা হলেন - দেবদত্ত প্রিয়দর্শী (ওড়িশা), হর্ষিত সিঙ্ঘল (পঞ্জাব), কবীর চিল্লার (দিল্লি) ও সন্দীপ কুচি (তেলেঙ্গানা)। বিশ্বের ৯৩টি দেশের ৩৬৩ জন শিক্ষার্থী এই প্রতিযোগিতায় অংশ নেন। চিন, ভিয়েতনাম ও রাশিয়ার সঙ্গে যৌথভাবে গ্রুপ-বি'তে প্রথম স্থান অধিকার করেছে ভারত।

❑ প্রথম ভারতীয় ব্যাটার হিসাবে লন্ডনের ঐতিহাসিক লর্ডস ক্রিকেট গ্রাউন্ডে একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে শতরান করলেন রোহিত শর্মা। এদিন, ইংল্যান্ডের বিরুদ্ধে তৃতীয় ওয়ানডে ম্যাচে এই কীর্তি গড়েন তিনি। বিশ্বের অসংখ্য কিংবদন্তি ক্রিকেটার এই মাঠে স্মরণীয় ইনিংস খেললেও, এতদিন পর্যন্ত কোনো ভারতীয় ব্যাটার ওয়ানডে ফরম্যাটে এখানে শতরান করতে পারেননি। এই ম্যাচে খেলতে নেমে ১৩৮ রানের এক ঐতিহাসিক ইনিংস খেলেন তিনি। ১১০ বলে খেলা এই ইনিংসে ৫টি ছক্কা ও ১৭টি চার মারেন তিনি। যদিও ভারত এই ম্যাচটি হেরে যায়। ৮৪ বলে শতরান পূর্ণ করে রোহিত শর্মা আন্তর্জাতিক ক্রিকেটে নিজের ৫১ তম শতরান করেন। এই ইনিংসের মাধ্যমে আরেকটি বড় রেকর্ড নিজের নামে করেন রোহিত শর্মা। ৩৯ বছর ৮০ দিন বয়সে ওয়ানডে শতরান করে শচীন তেন্ডুলকরের রেকর্ড ভেঙে তিনি ভারতের হয়ে সবথেকে বেশি বয়সে শতরান করা ব্যাটারে পরিণত হয়েছেন।

❑ এবছর 'মেনুইরেস আন্তর্জাতিক দাবা চ্যাম্পিয়নশিপ'এ সোনার পদক পেলেন ভারতীয় গ্র্যান্ডমাস্টার এস.রোহিত কৃষ্ণ।

❑ প্রথম ভারতীয় শাটলার হিসাবে 'জাপান ওপন' শিরোপা জিতলেন পি.ভি.সিন্ধু। জাপানের আকানে ইয়ামাগুচিকে ২১-১৭ ও ২১-১৭ ব্যবধানে হারিয়ে, মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন তিনি।

২০ জুলাই : দেশের প্রথম সৌরচালিত মোবাইল জল পরিশোধন ভ্যান 'জল-যান' চালু করল ভারত। 'রাইট ওয়াটার সলিউশনস'এর সহযোগিতায়, এটি তৈরি করেছে সিএসআইআর-সেন্ট্রাল সল্ট অ্যান্ড মেরিন কেমিক্যালস রিসার্চ ইনস্টিটিউট। এই যানটির কাজ হল নদীর জল, ভূগর্ভস্থ জল বা জমানো জলকে খাবার উপযোগী নিরাপদ জলে রূপান্তরিত করা। এটি সৌরশক্তি চালিত, তাই বিদ্যুৎ সংযোগ ছাড়াই চলতে পারে। বন্যা, ঘূর্ণিঝড় ও খরার সময় এটি দ্রুত মোতায়েন করা যেতে পারে। যেসব জায়গায় জলের ভালো ব্যবস্থা বা বিদ্যুৎ নেই, সেখানে এটি খুব কাজে লাগবে।

❑ এবছর মর্যাদাপূর্ণ 'লোকমান্য তিলক জাতীয় পুরস্কার'এর জন্য নির্বাচিত হলেন ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল। ভারতের জাতীয় নিরাপত্তা রক্ষা, সীমান্ত সুরক্ষা ও সন্ত্রাসবিরোধী কার্যক্রমে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেয়েছেন তিনি। ১ আগস্ট পুণেতে এক অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ তাঁর হাতে এই পুরস্কার তুলে দিয়েছেন।

❑ দূষণ কমাতে পুরনো বাণিজ্যিক যানবাহন সরাতে কেন্দ্রের 'পরিবর্তন' প্রকল্পে অনুমোদন দিল দিল্লি সরকার। এই প্রকল্পের আওতায় BS-IV ও পুরনো ট্রাক-বাস বদলে BS-VI বা বৈদ্যুতিক গাড়ি আনা হবে। পুরনো গাড়ি বদলালে কর ছাড়, সুদে ভরতুকি ও জ্বালানি ভাউচার পাওয়া যাবে। এর ফলে দিল্লি-এনসিআর এলাকার প্রায় ২.০৭ লাখ গাড়িচালক ও মালিকরা লাভবান হবেন।

❑ রাজ্যের সব সরকারি কাজে বাংলা ভাষা বাধ্যতামূলক করল পশ্চিমবঙ্গ সরকার।

২১ জুলাই : 'জাতীয় সংখ্যালঘু কমিশন'এর চেয়ারম্যান হিসাবে দায়িত্ব নিলেন হরজিৎ সিং গ্রেওয়াল।

❑ ২০৩০ সালের মধ্যে সাপের কামড়ে মৃত্যু ও পঙ্গুত্ব শূন্যের কোঠায় নামিয়ে আনতে, 'SAPSE' নামে একটি ব্যাপক কর্মপরিকল্পনা চালু করল কেরলম সরকার। এই উদ্যোগের আওতায়, বেশি সাপের কামড়ের ঘটনা ঘটে এমন এলাকা চিহ্নিত করে হাসপাতালগুলিকে বিশেষ নজরদারির অধীনে আনা হয়েছে। হাম্প-নোজড পিট ভাইপার ও মালাবার পিট ভাইপারের মতো নির্দিষ্ট সাপের কামড়ের জন্য বিশেষ চিকিৎসা পদ্ধতি চালু করা হয়েছে। রাজ্যের সব সরকারি হাসপাতালে পর্যাপ্ত অ্যান্টি-স্নেক ভেনম বা বিষ প্রতিষেধকের সহজলভ্যতা নিশ্চিত করা হচ্ছে।

❑ পথ দুর্ঘটনায় মারা গেলেন হলিউড অভিনেত্রী কেইলি হটল (১৮ বছর)। 'গডজিলা ভার্সেস কং' ও 'গডজিলা এক্স কং : দ্য নিউ এম্পায়ার' চলচ্চিত্রে জিয়া চরিত্রে অভিনয় করে দর্শকদের মন জয় করেছিলেন তিনি। জন্ম থেকেই মূক ও বধির ছিলেন তিনি ও তাঁর মাতৃভাষা ছিল আমেরিকান সাংকেতিক ভাষা।

❑ এবছর 'গ্লাসগো কমনওয়েলথ গেমস'এর ম্যাসকট হল 'ফিনি'। এটি স্কটল্যান্ডের জাতীয় প্রাণী ইউনিকর্ন।

২২ জুলাই : যুক্তরাজ্যের প্রথম কৃত্রিম বুদ্ধিমত্তা বিষয়ক মন্ত্রী হলেন কণিষ্ক নারায়ণ।

❑ ইউরোপের প্রথম দেশ হিসাবে ১৫ বছরের কম বয়সীদের জন্য সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারে নিষেধাজ্ঞা এনে আইন পাস করল ফ্রান্স। ২০২৭ সালের জানুয়ারি থেকে কার্যকর হতে চলেছে এই আইন। নতুন আইনের আওতায় ফ্রান্সে সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহার করতে হলে সবাইকে বয়স যাচাই করতে হবে। শিশু-কিশোরদের মানসিক স্বাস্থ্য সুরক্ষার লক্ষ্যে এই পদক্ষেপ নেওয়া হয়েছে।

❑ নয়াদিল্লির আয়ুষ ভবনে, 'প্রকৃতি ক্যাফে'র উদ্বোধন করলেন কেন্দ্রীয় আয়ুষ প্রতিমন্ত্রী (স্বতন্ত্র দায়িত্ব) প্রতাপরাও যাদব। এটি আয়ুষ মন্ত্রকের প্রথম কর্মস্থলভিত্তিক ক্যাফে, যার লক্ষ্য হল 'আয়ুশ আহার'এর মাধ্যমে স্বাস্থ্যকর ও পুষ্টিকর খাদ্যাভ্যাসকে উৎসাহিত করা। এই উদ্যোগের মাধ্যমে জনগণের মধ্যে অস্বাস্থ্যকর খাদ্যাভ্যাস ও জাঙ্ক ফুডের কারণে সৃষ্ট রোগগুলির মোকাবিলা করার চেষ্টা করা হবে।

❑ প্রথমবারের মতো দেশীয় প্রযুক্তিতে সফলভাবে ৩৫০ কেজি থ্রাস্ট-ক্ষমতা সম্পন্ন 'এক্সপেন্ডেবল টার্বোজেট ইঞ্জিন' তৈরি করল ভারত। ডিআরডিও'র 'গ্যাস টারবাইন রিসার্চ এস্টাবলিশমেন্ট' এটির নকশা তৈরি করেছে ও ইঞ্জিনটির উৎপাদন ও সংযোজনের দায়িত্বে ছিল হায়দরাবাদের 'আজাদ ইঞ্জিনিয়ারিং'। বিশেষজ্ঞদের মতে, দেশীয় প্রযুক্তিতে তৈরি টার্বোজেট ইঞ্জিনের উন্নয়ন ভারতের প্রতিরক্ষা সক্ষমতাকে আরও জোরদার করবে। ভবিষ্যতে বিভিন্ন প্রতিরক্ষা প্ল্যাটফর্ম ও চালকবিহীন ব্যবস্থা তৈরির ক্ষেত্রে এটি ব্যবহার করা যেতে পারে। এর ফলে বিদেশি প্রযুক্তির ওপর নির্ভরতা কমবে ও দেশীয় প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদনের ক্ষেত্রে নতুন গতি সঞ্চারিত হবে।

❑ ইউপিআই ভিত্তিক পেমেন্ট সুবিধাসম্পন্ন ভারতের প্রথম মিল কার্ড চালু করল 'এনক্যাশ'। এই কার্ডের মাধ্যমে কর্মীরা সরাসরি তাদের মিল কার্ডের ব্যালেন্স থেকে খাবার ও মুদি দোকানে ইউপিআই কিউআর কোড স্ক্যান করে পেমেন্ট করতে পারবেন। কার্ডটি ট্যাপ, সোয়াইপ, স্ক্যান ও অনলাইন অর্ডারের জন্য ব্যবহার করা যেতে পারে। এটি ইউপিআই পরিকাঠামো ও রুপে নেটওয়ার্কের সমন্বয়ে কাজ করে। নতুন আয়কর সংস্কার অনুযায়ী, কর্মচারীরা প্রতি খাবারে ২০০ টাকা পর্যন্ত ও বছরে মোট ১,০৫,৬০০ টাকা পর্যন্ত কর-মুক্ত খাবার সুবিধা পেতে পারেন। কার্ডটি সুইগি, জোম্যাটো, ব্লিঙ্কিটের মতো প্ল্যাটফর্মেও ব্যবহার করা যায়।

২৩ জুলাই : 'নীতি আয়োগ'এর চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন অনুরাগ জৈন।

❑ বিশ্বের বৃহত্তম বৈদ্যুতিক রেল নেটওয়ার্কের অধিকারী দেশে পরিণত হয়েছে ভারত। লোকসভায় এই তথ্য জানিয়েছেন কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব। তিনি বলেছেন যে, ভারতীয় রেলের ব্রডগেজ রেল নেটওয়ার্কের ৯৯.৬% বিদ্যুতায়িত করা হয়েছে। এক্ষেত্রে, সুইৎজারল্যান্ডের (১০০%) থেকে সামান্যই পিছিয়ে আছে ভারত। যদিও, সুইৎজারল্যান্ডের রেল নেটওয়ার্ক ভারতের তুলনায় অনেক ছোট। রেলমন্ত্রী আরও জানিয়েছেন, রেলপথ বিদ্যুতায়নের ক্ষেত্রে চিন (৮২%), স্পেন (৬৭%), জাপান (৬৪%), ফ্রান্স (৬০%) ও যুক্তরাজ্যের (৩৯%) মতো দেশগুলিকে ছাড়িয়ে গেছে ভারত।

❑ ওড়িশা উপকূলের এপিজে আব্দুল কালাম দ্বীপ থেকে, পুরোপুরি দেশীয় প্রযুক্তিতে তৈরি দূরপাল্লার ভূমি থেকে আকাশে নিক্ষেপযোগ্য ক্ষেপণাস্ত্র 'কুশা'র সফলভাবে প্রথম উড়ান পরীক্ষা সম্পন্ন করল ডিআরডিও। 'কুশা' এমন একটি অত্যাধুনিক দীর্ঘ পাল্লার আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা, যা বিভিন্ন ধরনের আকাশপথের হুমকি মোকাবিলায় সক্ষম। যুদ্ধবিমান, শত্রুপক্ষের ক্ষেপণাস্ত্র, মানববিহীন ড্রোন ও বড় আকারের নজরদারি বা সামরিক বিমান - সব ধরনের লক্ষ্যবস্তুকে বিস্তৃত দূরত্ব ও বিভিন্ন উচ্চতায় সফলভাবে ধ্বংস করতে পারবে এই ক্ষেপণাস্ত্র ব্যবস্থা।

২৪ জুলাই : 'ইনফোসিস'এর পরবর্তী চিফ এক্সিকিউটিভ অফিসার ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন আশিস কুমার ড্যাশ। ২০২৭ সালের ১ এপ্রিল থেকে দায়িত্ব নেবেন তিনি।

❑ 'আন্তর্জাতিক দাবা ফেডারেশন'এর অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট হিসাবে দায়িত্ব নিলেন পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়ন বিশ্বনাথন আনন্দ।

❑ মুখের ক্যান্সার প্রাথমিক পর্যায়ে শনাক্ত করার জন্য কৃত্রিম বুদ্ধিমত্তা-ভিত্তিক একটি নতুন প্রযুক্তি উদ্ভাবন করেছে মধ্য প্রদেশের রাজধানী শহর ভোপালের 'গান্ধী মেডিক্যাল কলেজ'। এই প্রযুক্তিটির নকশার জন্য পেটেন্ট দিয়েছে কেন্দ্রীয় সরকার। এছাড়াও, কলেজের ডেন্টাল সার্জারি বিভাগ 'মুখ আরোগ্য' নামে একটি কৃত্রিম বুদ্ধিমত্তা-ভিত্তিক মোবাইল অ্যাপও তৈরি করেছে। এই অ্যাপটি মুখের ক্যান্সারের প্রাথমিক স্ক্রিনিংয়ে সহায়তা করবে। এটি আশা কর্মী, কমিউনিটি হেলথ অফিসার ও প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের কর্মীরা ব্যবহার করতে পারবেন। গ্রামীণ ও প্রত্যন্ত অঞ্চলে বসবাসকারী মানুষরা এর ফলে বিশেষভাবে উপকৃত হবেন বলে মনে করা হচ্ছে।

❑ 'গ্লাসগো কমনওয়েলথ গেমস'এ প্রথম পদক পেল ভারত। এদিন, পুরুষদের হেভিওয়েট প্যারা-পাওয়ারলিফটিং ইভেন্টে ঐতিহাসিক ব্রঞ্জ পদক পেলেন বিহারের ঝান্ডু কুমার। ১৯০ কেজি ওজন তুলে তৃতীয় স্থান অর্জন করেন তিনি।

☞এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

হিন্দুস্তান অ্যারোনটিক্সে ১৫০ এক্সিকিউটিভ

নিজস্ব সংবাদদাতা, হায়দরাবাদ : হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেড 'জুনিয়র এক্সিকিউটিভ' পদে ১৫০ জন লোক নিচ্ছে।

অ্যারোনটিক্যাল, কেমিক্যাল, সিভিল, কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল, মেটালার্জি, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা মোট অন্তত ৬০ শতাংশ (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০ শতাংশ) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : অ্যারোনটিক্যাল ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। কেমিক্যাল ২টি (জেনা ঃ ১, ও.বি.সি. ১)। সিভিল ৭টি (জেনাঃ ৫, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। কম্পিউটার সায়েন্স ৬টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। ইলেক্ট্রিক্যাল ২৫টি (জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৬, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২)। ইলেক্ট্রনিক্স ২১টি (জেনাঃ ৯, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৫, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২)। মেকানিক্যাল ৭৮টি (জেনাঃ ২৭, ই.ডব্লু.এস. ৮, ও.বি.সি. ২১, তঃজাঃ ১৫, তঃউঃজাঃ ৭)। মেটালার্জি ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)। প্রোডাকশন ৬টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১)।

বয়স হতে হবে ১৭-১০-২০২৬'র হিসাবে ২৮ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৩০,০০০-১,২০,০০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং : HAL/CHRC-TAR/RECT-03/2026.

প্রার্থী বাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৭ অক্টোবর পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://hal-india.co.in অনলাইনে দরখাস্ত করার আগে বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো স্ক্যান করে নিয়ে যাবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন প্রিন্ট করে নেবেন।

জিজ্ঞাসা

সাম্প্রতিক তথ্যে ভরা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

স্কুল সার্ভিসের

■ *'কর্মসংস্থান'এর গত সংখ্যায় দিয়েছেন, আগামী ৬ মাসের মধ্যে দেড় লাখ শূন্যপদ পূরণ হবে ও কোন দফতরে ক'টি শূন্যপদে নিয়োগ হবে তার তালিকাও দেওয়া হয়েছে। স্কুল সার্ভিসের মাধ্যমে নবম-দশম ও একাদশ-দ্বাদশে যাঁদের নিয়োগ প্রক্রিয়া চলছে, সেগুলি নেওয়ার পর কি নতুন বিজ্ঞপ্তি বেরোবে না? যেখানে ফ্রেশাররা পরীক্ষা দিতে পারবে? — পৌলমী সেনগুপ্ত, কৃষ্ণনগর, নদিয়া।*

■■ স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে নবম-দশম ও একাদশ-দ্বাদশ শ্রেণির যে নিয়োগ প্রক্রিয়া চলছে, সেগুলি আগে সম্পূর্ণ করা হবে। তারপর নতুন বিজ্ঞপ্তি বেরোবে। তবে আগামী বছর মার্চের মধ্যে এস.এল.এস.টি.'র বিজ্ঞপ্তি না বেরোলেও 'টেট'এর বিজ্ঞপ্তি বেরোনোর সম্ভাবনা আছে।

■ *মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন, মার্চের মধ্যে প্রায় দেড় লাখ শূন্যপদ পূরণ করা হবে। এই নিয়োগ কি নতুন করে বিজ্ঞপ্তি দিয়ে হবে, না যে সব নিয়োগ হতে বাকি আছে, সেগুলি থেকে? — বিশাল খামরুই, কুমারিয়া, রসপুর, আমতা, হাওড়া।*

■■ কোন দফতরে ক'টি শূন্যপদ পূরণ হবে ও কোন কোন পদের বিজ্ঞপ্তি বেরোবে তা বিস্তারিত তথ্য গত সংখ্যার 'কর্মসংস্থান'এ দেওয়া হয়েছে। (১) ২০২৪ সালের পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল ১২,০০০ (মেধা তালিকা প্রকাশ), (২) ২০২৪ সালের কলকাতা পুলিশের কনস্টেবল ৪,০০০ (নিয়োগ প্রক্রিয়া চলছে), (৩) ২০২৪ সালের পশ্চিমবঙ্গ পুলিশের সাব-ইন্সপেক্টর ১,১৩১ (নিয়োগ প্রক্রিয়া চলছে), (৪) ২০২৩ সালের কলকাতা পুলিশের সাব-ইন্সপেক্টর ও সার্জেন্ট (নিয়োগ প্রক্রিয়া চলছে) ৩০৯, (৫) স্কুল সার্ভিসের গ্রুপ-সি ও গ্রুপ-ডি (নিয়োগ প্রক্রিয়া চলছে) ৮,৪৭৭, (৬) স্কুল সার্ভিসের নবম-দশম (নিয়োগ প্রক্রিয়া চলছে) ২৩,২০৯, (৭) স্কুল সার্ভিসের একাদশ-দ্বাদশ (নিয়োগ প্রক্রিয়া চলছে) ১২,৪৪৫, (৮) ২০২৪ সালের পি.এস.সি. ক্লার্কশিপ (নিয়োগ প্রক্রিয়া চলছে) ১২,৩৭৬, (৯) ২০২৩ সালের ডব্লু.বি.সি.এস., জুডিশিয়াল সার্ভিস, অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস, লিগ্যাল সার্ভিস, ইঞ্জিনিয়ার (নিয়োগ প্রক্রিয়া চলছে) ২,৪৯০, (১০) ২০২৪ সালের মিসলেনিয়াস সার্ভিসেস ও অন্যান্য পদ মিলিয়ে সার্ভিস, ২,৮৪৮, (১১) পি.এস.সি.'র ক্লার্কশিপ, ডব্লু.বি.সি.এস., এম.ভি.আই.-সহ অন্যান্য পদে (বিজ্ঞপ্তি বেরোবে) ৮,০০০, (১২) পঞ্চায়েত দফতরে (বিজ্ঞপ্তি বেরোবে) ১২,০০০, (১৩) পশ্চিমবঙ্গ পুলিশ ও কলকাতা পুলিশের কনস্টেবল, সাব-ইন্সপেক্টর ও সার্জেন্ট ২০,০০০, (১৪) বন দফতর, দমকল বিভাগ (বিজ্ঞপ্তি বেরোবে) ৩,০০০, (১৫) গ্রুপ-ডি-সহ অন্যান্য পদে (বিজ্ঞপ্তি বেরোবে) ২৯,০০০।

■ *স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদের লিখিত পরীক্ষার ফল কবে বেরোবে? — চয়ন সাহানা। তপন মল্লিক, নৈহাটী, উত্তর ২৪ পরগনা।*

■■ ফল এ সপ্তাহেই যে কোনো দিনে বেরোবে।

পুলিশে চাকরির

■ *আবগারি দফতরের কনস্টেবল ও লেডি কনস্টেবল পদের বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? — শুভঙ্কর পাল, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।*

■■ হ্যাঁ, এই অর্থবর্ষে বিজ্ঞপ্তি বেরোবে।

■ *পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? আগে কলকাতা পুলিশ বেরোবে না, পশ্চিমবঙ্গ পুলিশ বেরোবে? — অয়ন জানা, আমডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।*

■■ পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের বিজ্ঞপ্তি আগে বেরোবে ও শিগগিরই বিজ্ঞপ্তি বেরোবে।

রেলে চাকরির

■ *রেলের এন.টি.পি.সি. আন্ডার গ্র্যাজুয়েট ক্যাটেগরির নতুন বিজ্ঞপ্তি কবে বেরোবে? — সৌরভ চক্রবর্তী, দক্ষিণ ২৪ পরগনা। পলাশ বিশ্বাস, হুগলি।*

■■ রেলের বিভিন্ন ডিভিশন ও জোনে কাজের জন্য নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরিতে (NTPC-Under Graduate) উচ্চমাধ্যমিক যোগ্যতায় কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক, অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট, জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট ও ট্রেন্স ক্লার্ক পদে ১,৬৮৮টি শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া শুরু হবে ১৫ অক্টোবর থেকে, চলবে ১৩ নভেম্বর পর্যন্ত। বিস্তারিত তথ্য-সহ মূল বিজ্ঞপ্তি পাবেন ১৫ অক্টোবর সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইটে।

পাব্লিক সার্ভিসের

■ *পি.এস.সি.'র ক্লার্কশিপ পরীক্ষার বিজ্ঞপ্তি কি বেরিয়েছে? না বেরোলে কবে বেরোবে? — সপ্না দত্ত, হুগলি। বিক্রম দাস, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ পি.এস.সি.'র ২০২৪ সালের ক্লার্কশিপ পরীক্ষার বিজ্ঞপ্তি বেরিয়েছে। অনলাইনে দরখাস্ত করতে পারবেন ২৬ অক্টোবর পর্যন্ত।

■ *ক্লার্কশিপের যে বিজ্ঞপ্তি বেরিয়েছে, তাতে শূন্যপদ কত থাকবে? প্রিলিমিনারি পরীক্ষা কবে হবে? — প্রিয়াঙ্কা চক্রবর্তী, ডাকবাংলো মোড়, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ ২০২৪ সালের ক্লার্কশিপ পরীক্ষার যে বিজ্ঞপ্তি বেরিয়েছে, তাতে শূন্যপদের সংখ্যা পরে জানানো হবে। তবে এই পদে প্রায় ৬-৭ হাজার শূন্যপদ আছে। এই পদের পার্ট-। পরীক্ষা হবে ডিসেম্বর মাসের দ্বিতীয় সপ্তাহে। সম্ভবত পরীক্ষা হতে পারে ১৩ বা, ২০ ডিসেম্বর।

■ *এবছর কি আই.সি.ডি.এস.'এর সুপারভাইজর পদের বিজ্ঞপ্তি বেরোবে? যোগ্যতা ও বয়স কেমন লাগে? প্রশ্ন কেমন হয়? সিলেবাস জানতে চাই? — মনিরুজ্জামান, কলসুর, উত্তর ২৪ পরগনা।*

■■ যে কোনো শাখার গ্র্যাজুয়েট তরুণীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩৯ বছরের মধ্যে। তবে বয়স ৫ বছর বেড়ে ৪৪ বছর হবে। প্রার্থী বাছাই করে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন। এবছর বিজ্ঞপ্তি বেরোনোর সম্ভাবনা কম। তবে আগামী বছর বিজ্ঞপ্তি বেরোবে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে ১০০ নম্বরের প্রিলিমিনারি পরীক্ষা হবে। এই পরীক্ষায় কোয়ালিফাইং নম্বর পেলে ৪০০ নম্বরের মেন পরীক্ষা। তারপর হবে ৫০ নম্বরের ইন্টারভিউ। ১০০ নম্বরের প্রিলিমিনারি পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল নলেজ, (খ) অ্যারিথমেটিক, (গ) টেস্ট অফ রিজনিং (ভার্বাল ও নন-ভার্বাল)। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। সময় থাকবে ১ ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। মেন পরীক্ষায় ৪০০ নম্বরের ডেসক্রিপ্টিভ টাইপের এই ৪টি পেপার থাকবে : (ক) ইংরিজি - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট। (খ) বাংলা - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট। (গ) জেনারেল স্টাডিজ ও কারেন্ট অ্যাফেয়ার্স - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট। (ঘ) অ্যারিথমেটিক - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট।

■ *২০২৩ সালের ক্লার্কশিপ পার্ট-।।'এর ফল কবে বেরোবে? টাইপিং টেস্ট কবে হবে? — চয়ন সাহানা।*

■■ ফল পুজোর মধ্যেই বেরোবে। টাইপিং টেস্ট ডিসেম্বর-জানুয়ারিতে হবে।

■ *২০২৪ সালের ফুডের সাব-ইন্সপেক্টর পদের যে পরীক্ষা কয়েক বছর আগে হয়েছিল, তার ফল কি আদৌ বেরোবে? না ওই পরীক্ষা বাতিল হয়েছে? বিস্তারিত জানাবেন। — সন্তু বিশ্বাস, চাকদহ, নদিয়া। অনিমেষ ত্রিবেদী, বহরা, কান্দি, মুর্শিদাবাদ।*

■■ এই পদের পরীক্ষার ওপর আদালতে মামলা চলছে। সম্প্রতি আদালত রাজ্য সরকারের কাছে জানতে চেয়েছে সরকার কী করতে চাইছে। নতুন করে এই পরীক্ষা নিতে চায় রাজ্য সরকার। আদালতের পরবর্তী রায়ের ওপর নির্ভর করছে, নতুন করে পরীক্ষা হবে না, ওই পরীক্ষা আবার নেওয়া হবে।

অন্যান্য চাকরির

■ *ডাক বিভাগের নতুন বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? — আনন্দ সাহা।*

■■ এবছর বেরোনোর সম্ভাবনা নেই। তবে আগামী বছর বেরোবে।

ব্যবসা

শালপাতার থালা ও বাটি তৈরির ব্যবসা

নিজস্ব প্রতিনিধি : গ্রাম ও মফঃস্বল শহরের ছেলেমেয়েরা আড়াই লাখ টাকা পুঁজি নিয়ে শালপাতার থালা ও বাটি তৈরির ব্যবসা করে মাসে অন্তত ১০ হাজার টাকা আয় করতে পারেন। ১০×১০ ফুটের একটি ঘরে এই ব্যবসা করা যায়। শুধুমাত্র বিদ্যুৎ লাগবেই।

যন্ত্রপাতি : মেশিন বলতে লাগবে শুধুমাত্র একটি শালপাতার কাপ প্লেট তৈরির মেশিন। পায়ে চালানো এই মেশিনের দাম ৬৫,০০০ টাকা। আর সেমি অটোমেটিক এই মেশিনের দাম প্রায় ১,১০,০০০ টাকা। এছাড়া লাগবে থালা ও বাটি তৈরির ছাঁচ। সাড়ে ১১ ইঞ্চি (থালার) মাপের একটি সাধারণ ছাঁচের দাম ১২,২০০ টাকা ও বিশেষ চারখানা ছাঁচের দাম ৬০,০০০ টাকা। এছাড়া হাতে চালানো ম্যানুয়াল প্রেসের ছাঁচের দাম ১৫,০০০ টাকা। আর সেমি অটোমেটিক মেশিনের ১টি ও ২টি ছাঁচের দাম ৫৫,০০০ টাকা থেকে ৬৮,২০০ টাকা। এছাড়া ব্লো ল্যাম্প অন্যান্য সরঞ্জাম-সহ দাম প্রায় ২,৫০০ টাকা। একেকটি ছাঁচ ৫-৬ বছর চলে।

কাঁচামাল : কাঁচামাল বলতে লাগবে শালপাতা ও পলিথিন শীট। শালপাতা পাবেন কলকাতার শিয়ালদহের কাছে বৈঠকখানা বাজারে, ভবানীপুরের জগুবাবুর বাজারে আর কলকাতার বাইরে মেদিনীপুরের খড়গপুর ও ঝাড়গ্রামের পাইকারি বাজারে।

কোথায় কী পাবেন : পায়ে চালানো ওই মেশিন ও ছাঁচ পাবেন এই ঠিকানায় : (১) স্মল মেশিনারিজ ম্যানুফ্যাকচারিং কোম্পানি, ২২, আর. জি. কর. রোড, শ্যামবাজার, কলকাতা - ৪, (২) বর্ধমান মেশিনারি অ্যান্ড ইঞ্জিনিয়ারিং কোম্পানি, ২৬০ বোরহাট, বর্ধমান, (৩) পি.কে. ট্রেডিং কোম্পানি, রাধানগর রোড, বার্ণপুর, বর্ধমান, (৪) ওরিয়েন্টাল মেশিনারিজ প্রা: লি:, ২৫, আর.এন. মুখার্জী রোড, কলকাতা-১। মোটরে চালানো মেশিন কিনতে পাবেন এই ঠিকানায় : মানেকলাল অ্যান্ড সন্স, ২৩, গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলকাতা - ১৩।

কীভাবে তৈরি করবেন : শাল পাতার থালা ও বাটি তৈরির মেশিনের ওপরের দিকে থাকে একটি মেল ডাইস। আর তার কিছুটা নিচে থাকে ফিমেল ডাইস। মেল ডাইসের ভেতরে থাকে একটি হিটার। ফিমেল ডাইসের ভেতরের দিকে থাকে একটি ধারালো ছুরি।

প্রথমে দুটি গোলাকার শালপাতার মাঝখানে একটি পলিথিন শীট ঢুকিয়ে ফিমেল ডাইসে বসিয়ে দিতে হবে। এবার মেশিনের প্লাগটি নিয়ে ইলেকট্রিকের প্লাগ পয়েন্টে ঢুকিয়ে সুইচ টিপে দিন। সুইচ দেওয়ার সঙ্গে সঙ্গে মেল ডাইসের ভেতরে থাকা হিটারটি জ্বলে উঠবে ও মেল ডাইসটি গরম হবে। এরপর মেশিনের একেবারে নিচের দিকে যে পাদানি আছে ওই পাদানিতে পা দিয়ে চাপ দিন। সঙ্গে সঙ্গেই শালপাতা-সহ ফিমেল ডাইসটি ওপরে উঠে মেল ডাইসে আটকে যাবে। এই আটকানো অবস্থায় ২-৩ সেকেন্ড ধরে থাকুন। হিটারে গরম হওয়া মেল ডাইসের

উত্তাপে দুটি পাতার মধ্যে থাকা পলিথিন শীট গলে পাতা দুটিকে টাইট করে আটকে দেবে। তাছাড়া এই শীট থাকায় শালপাতার মধ্যে কোনো ফুটো থাকলে ওই ফুটো দিয়েও তরল পদার্থ চুঁইয়ে পড়বে না। শালপাতা দুটি ওইভাবে জুড়ে যাওয়ার পরে কানার বাড়তি অংশ ফিমেল ডাইসের ভেতরে থাকা ছুরিতে কেটে যাবে। থালা ও বাটির জন্য আলাদা ডাইস থাকে। এই মেশিনে মিনিটে প্রথম প্রথম ১-২টি করতে পারবেন। পরে হাত-পা সড়গড় হয়ে গেলে ঘন্টায় ২০০ পিস করা যাবে।

এই পায়ে চালানো মেশিন ছাড়া সেমি অটোমেটিক মেশিন বেরিয়েছে। এই মেশিনে উৎপাদন প্রায় দ্বিগুণ হবে। মেশিনের গায়েই লোহার স্ট্যান্ডের ওপর সানমাইকা লাগানো একটি ক্যাবিনেট থাকে।

শালপাতার থালা ও বাটি তৈরির স্কিম

ক। স্থায়ী মূলধন :	টাকা
১। জমি ও বাড়ি	ভাড়ায়
২। যন্ত্রপাতি :	
(ক) একটি লীফ কাপ প্লেট মেকিং মেশিন	৬৫,০০০/-
৩। সাজ-সরঞ্জাম :	
(ক) তিনটি বিভিন্ন মাপের ছাঁচ	৪৫,০০০/-
(খ) বর্গাকার, গোলাকার ও ষড়ভুজাকার ৩টি কাটোরি	১৪,৮৫০
(গ) একটি ব্লো ল্যাম্প	২,৫০০/-
৪। অন্যান্য প্রাক-উৎপাদন ব্যয় :	
(ক) মেশিন আনার জন্য পরিবহণ	১,০০০/-
(খ) বৈদ্যুতিকরণ ও অন্যান্য ব্যয়	৫,০০০/-
	১,৩৩,৩৫০/-
খ। আবর্তক ব্যয় (মাসিক) :	
১। কাঁচামাল	
(ক) শালপাতা	৫০,০০০/-
(খ) পলিথিন শীট	৫,০০০/-
২। মাইনে :	
(ক) ১ জন দক্ষ কর্মী	৩,৫০০/-
৩। অন্যান্য ব্যয়	
(ক) বৈদ্যুতিক ব্যয়	১,০০০/-
(খ) ঘরভাড়া	৮০০/-
(গ) পরিবহণ ব্যয়	১,০০০/-
	৬১,৩০০/-
গ। মোট বিনিয়োগ :	
১। স্থায়ী মূলধন	১,৩৩,৩৫০/-
২। চলতি মূলধন (২ মাসের আবর্তক ব্যয়)	১,২২,৬০০/-
	২,৫৫,৯৫০/-

সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।

সাধারণ বিজ্ঞান

১। নাসা'র সঙ্গে যৌথভাবে 'ক্রু-১৩' মিশন চালু করেছে কোন সংস্থা — স্পেসএক্স।

২। আর্মেনিয়ার পর, সম্প্রতি আনুষ্ঠানিকভাবে নিজেদের তৈরি দেশীয় 'আকাশ' মধ্যম পাল্লার প্রতিরক্ষা ক্ষেপণাস্ত্র ব্যবস্থা তাজিক-ই-স্তান ও তুর্কমেন-ই-স্তানে রফতানি করল ভারত। কোন সংস্থা এই প্রতিরক্ষা ব্যবস্থাটি তৈরি করেছে — ডিআরডিও।

৩। 'পিচব্লেন্ড' কোন মৌলের আকরিক — তেজস্ক্রিয় মৌল ইউরেনিয়াম (ফর্মুলা - U, পারমাণবিক সংখ্যা - 92)।

৪। অ্যামাইনো অ্যাসিডের মিশ্রণকে উত্তপ্ত করলে বিভিন্ন প্রকার প্রোটিন তৈরি হয়, এদেরকে কী বলে — প্রোটিনয়েড।

৫। নির্দিষ্ট সময়ে প্রাপ্ত অথবা কোনো সুনির্দিষ্ট জনুর পপুলেশনে প্রাপ্ত সামগ্রিক জিনসমূহকে কী বলে - জিন পুল।

৬। বয়েলের পরীক্ষার জন্য প্রয়োজনীয় বায়ু-পাম্প কে তৈরি করেন — রবার্ট হুক।

৭। আপেক্ষিক তত্ত্ব কে দিয়েছেন — অ্যালবার্ট আইনস্টাইন (১৯০৫ সালে)।

৮। মোলার আয়তনের মান কীসের ওপর নির্ভরশীল — গ্যাসের চাপ ও উষ্ণতার ওপর।

ইতিহাস

৯। ভারতের প্রথম 'ইন্ডিয়ান সিভিল সার্ভিসেস' অফিসার ছিলেন — সত্যেন্দ্রনাথ ঠাকুর (১৮৬৩ সালে ইন্ডিয়ান সিভিল সার্ভিসেসে যোগ দেন তিনি)।

১০। পুণেতে, 'সার্ভেন্টস অফ ইন্ডিয়া সোসাইটি'র (১৯০৫ সাল) প্রতিষ্ঠাতা ছিলেন — গোপাল কৃষ্ণ গোখলে।

১১। রানি ভিক্টোরিয়াকে কত সালে ভারতের সম্রাজ্ঞী ঘোষণা করা হয়— ১৮৭৭।

১২। উত্তর পাঞ্চালের রাজধানী ছিল — অহিচ্ছত্র।

১৩। সাঁচি স্তূপের রেলিংগুলি কোন সময়ে তৈরি করা হয়েছিল — শুঙ্গ যুগে।

১৪। জুনাগড়ের শিলালিপিতে, কোন শাসকের কৃতিত্বগুলি তুলে ধরা হয়েছে — রুদ্রদামন (১৫০ খ্রিস্টাব্দে লেখা এই শিলালিপিটি, সংস্কৃত ভাষায় লেখা প্রথম প্রধান শিলালিপি)।

১৫। 'নাই ভয়' ও 'লাঠৌষধি' নামে ২টি প্রবন্ধ কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল — যুগান্তর।

১৬। ভারতের প্রথম মহিলা বিপ্লবী শহিদ

— প্রীতিলতা ওয়াদ্দেদার।

ভূগোল

১৭। প্রতিটি অক্ষরেখাকে প্রতিটি দ্রাঘিমারেখা কীভাবে ছেদ করেছে — লম্বভাবে।

১৮। অক্ষরেখার অন্য নাম — সমাক্ষরেখা।

১৯। তির্যক বালিয়াড়ির মধ্যে যেসব বালিয়াড়ি আধখানা চাঁদের মতো দেখতে হয়, তাদের বলে — বার্খান।

২০। প্রশস্ত নদীর মোহনাকে বলে — খাঁড়ি।

২১। প্রবল বায়ুপ্রবাহ মরুভূমির বালিকে এক জায়গা থেকে অন্য জায়গায় উড়িয়ে নিয়ে যায়। একে বলে — অপসারণ পদ্ধতি।

২২। পর্বতের যে রেখার ওপর বরফ আর গলে না, তাকে বলে — হিমরেখা।

২৩। তামাক বোর্ডের সদরদফতর কোথায় অবস্থিত — গুন্টুর (আন্ধ্রা প্রদেশ)।

২৪। ভারতের প্রাচীনতম পর্বতের নাম — আরাবল্লী (উচ্চতা ১,৭২২ মিটার)।

সাম্প্রতিক ঘটনা

২৫। তামিলনাড়ু সশস্ত্র পুলিশের অ্যাডিশনাল ডিরেক্টর জেনারেল অফ পুলিশ হিসাবে নিযুক্ত হলেন কে — ড.আর.ধিনাকরণ।

২৬। কাবো ভার্দে প্রজাতন্ত্রে, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন কে — প্রেম চাঁদ।

২৭। ভারতের প্রথম অফশোর (উপকূল থেকে দূরে সমুদ্রের মাঝে কৃত্রিম দ্বীপে) বিমানবন্দর নির্মাণের অনুমোদন দেওয়া হয়েছে কোন রাজ্যে — মহারাষ্ট্র।

২৮। ভারতীয় সেনাবাহিনীর ৩১তম সেনাপ্রধান হিসাবে দায়িত্ব নিলেন কে — জেনারেল ধীরাজ শেঠ।

২৯। অস্ট্রেলিয়ায় 'গ্লোবাল স্কিলস চ্যালেঞ্জ'এ ভারত মোট ক'টি পদক পেয়েছে — ৫টি (৩টি সোনা, ১টি রুপো ও ১টি ব্রঞ্জ)।

৩০। 'বিশ্ব সোশ্যাল মিডিয়া দিবস' কবে পালিত হয় — ৩০ জুন।

৩১। 'জাতীয় পরিসংখ্যান দিবস' কবে পালিত হয় — ২৯ জুন।

৩২। ভারতের প্রথম যাত্রীবাহী জেট হিসাবে ইতিহাস গড়ে সম্পূর্ণ দেশীয় প্রযুক্তির নেভিগেশন সিস্টেম 'গগন'এর সাহায্যে উদয়পুর বিমানবন্দরের রানওয়েতে সফলভাবে অবতরণ করল কোন বিমান — 'ইন্ডিগো'র এয়ারবাস এ৩২০ বিমান।

৩৩। 'বিশ্বসেরা স্কুলের পুরস্কার ২০২৬'এর সংক্ষিপ্ত তালিকায় এবার ইতিহাস গড়ে সর্বোচ্চ ক'টি স্কুল নিয়ে আধিপত্য বিস্তার করেছে ভারত — ৭টি।

৩৪। কাকে ভারতের জন্য ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত করল 'ওপেনএআই' — প্রভজিৎ সিং।

৩৫। বিশ্বে সবথেকে বেশি ইউনেস্কো ওয়ার্ল্ড হেরিটেজ সাইটের অধিকারী হয়ে 'ইউনেস্কো বিশ্ব ঐতিহ্য রাজধানী' হিসাবে আত্মপ্রকাশ করল কোন দেশ — ইতালি (দেশটিতে মোট ৬১টি ইউনেস্কো সুরক্ষিত স্থান রয়েছে, যার মধ্যে ৫৫টি সাংস্কৃতিক ও ৬টি প্রাকৃতিক)।

৩৬। 'বিশ্ব আবহাওয়া সংস্থা'র সর্বোচ্চ সম্মান 'আইএমও পুরস্কার'এ ভূষিত হলেন কে — ফরাসি আবহাওয়াবিদ ড.ফ্লোরেন্স র‍্যাবিয়ার (সংখ্যাভিত্তিক আবহাওয়া পূর্বাভাস আর আবহাওয়া সংক্রান্ত পরিষেবার উন্নয়নে অসামান্য অবদানের জন্য এই পুরস্কার পেলেন তিনি)।

৩৭। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর রেডিও অনুষ্ঠান 'মন কি বাত'এর ১৩৫ তম পর্বে কোন রাজ্যের বিপন্ন পাখি 'হারগিলা'র (গ্রেটার অ্যাডজুট্যান্ট স্টার্ক) কথা উল্লেখ করেছেন — অসম।

৩৮। পরিবেশ সংরক্ষণ ও টেকসই উন্নয়নের ক্ষেত্রে নেতৃত্বের স্বীকৃতি হিসাবে, সেশেলসের সর্বোচ্চ সম্মান 'গার্ডিয়ান অফ দ্য ব্লু হরাইজন' পেলেন কে — ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

৩৯। ২৭ তম সদস্য দেশ হিসাবে আনুষ্ঠানিকভাবে 'আন্তর্জাতিক বিগ ক্যাট অ্যালায়েন্স'এ যোগ দিল কারা — বাংলাদেশ।

৪০। ২০২৬-'২৭ সালের বাজেটে কতগুলি নতুন জেলা গঠনের প্রস্তাব দিয়েছে পশ্চিমবঙ্গ সরকার — ৫টি (কলকাতা, বসিরহাট, সুন্দরবন, জঙ্গিপুর ও আরামবাগ)।

৪১। বিশাখাপত্তনমে, 'হিন্দুস্তান শিপইয়ার্ড লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে দায়িত্ব নিলেন কে — রিয়ার অ্যাডমিরাল (অবসরপ্রাপ্ত) চন্দ্রশেখরন রঘুরাম।

৪২। দেশের প্রথম রাজ্য হিসাবে তাদের ওয়াকফ বোর্ডে দু'জন অ-মুসলিম বা হিন্দু সদস্যকে অন্তর্ভুক্ত করেছে কারা — মধ্য প্রদেশ।

৪৩। তিরুবনন্তপুরমে 'বিক্রম সারাভাই স্পেস সেন্টার'এর ডিরেক্টর হিসাবে

দায়িত্ব নিলেন কে — ড. ইউ.পি.রাজীব।

৪৪। কোন রাজ্যে ২,৫০০ কোটি টাকা বিনিয়োগে দক্ষিণ এশিয়ার অন্যতম বৃহৎ বেসরকারি ক্ষেপণাস্ত্র উৎপাদন কেন্দ্র গড়ে তুলছে আদানি গোষ্ঠী। — মধ্য প্রদেশ।

৪৫। উত্তর কোরিয়ায়, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন কে — সঞ্জীব জৈন।

৪৬। 'ব্যুরো অফ পুলিশ রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট'এর ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন কে — অলোক কুমার মিত্তল।

৪৭। জল সঞ্চয়, সেচ ও বন্যা নিয়ন্ত্রণের জন্য দক্ষিণ কোরিয়ার রাবার ব্লাডার প্রযুক্তি ব্যবহার করে, প্রথম বায়ু-পূর্ণ রাবার বাঁধ তৈরি করছে কোন রাজ্য — গুজরাত।

৪৮। উত্তর প্রদেশের জালালাবাদ শহরের নতুন নাম কী — পরশুরামপুরী।

৪৯। কোথায় ভারতের প্রথম গ্রিনফিল্ড রিফাইনারি পেট্রোকেমিক্যাল হাবের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী — রাজস্থানের বালোত্রা জেলার পচপদ্রা।

৫০। ২০২৭ সাল থেকে 'আন্তর্জাতিক বুকার পুরস্কার'এর নাম বদল করে কী রাখা হচ্ছে — বুখমান আন্তর্জাতিক বুকার পুরস্কার ('বুখমান ফিলানথ্রপিস'এর সঙ্গে এক দশকব্যাপী নতুন অর্থায়ন চুক্তির ফলে এই পরিবর্তন আসছে)।

৫১। সরকারি স্কুলগুলির পরিকাঠামো উন্নত ও আধুনিকীকরণ করতে 'মিশন কায়কল্প' চালু করল কোন রাজ্য/ কেন্দ্রশাসিত অঞ্চল — দিল্লি।

৫২। ভারতে প্রথম বাণিজ্যিকভাবে জাপানি কায়দায় 'মাচা চা' উৎপাদনে ইতিহাস গড়ল কোন রাজ্য — অসম (তিনসুকিয়া জেলার 'ছোটা টিংরাই টি এস্টেট' দেশের প্রথম চা বাগান হিসাবে বাণিজ্যিকভাবে 'মাচা চা' উৎপাদন ও বিক্রি করে এই নজির গড়েছে)।

৫৩। মহিলা ও ছাত্রীদের তাৎক্ষণিক নিরাপত্তা দিতে প্রতিটি জেলা ও পুলিশ কমিশনারেটে বিশেষ বাহিনী 'দুর্গা সুরক্ষা স্কোয়াড' চালু করল কোন রাজ্য — পশ্চিমবঙ্গ।

৫৪। দেশের প্রথম বেসরকারি পয়েন্ট-ইন-স্পেস ইন্সট্রুমেন্ট অ্যাপ্রোচ প্রসিডিওর'এর অনুমোদন দিল ভারতের অসামরিক বিমান চলাচল মন্ত্রক। এই পদ্ধতি কোন হেলিপোর্টে হেলিকপ্টার পরিচালনার জন্য ব্যবহার করা হবে — আন্ধ্রা প্রদেশের উন্ডাভল্লি হেলিপোর্ট।

৫৫। 'হিন্দুস্তান কপার লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে দায়িত্ব নিলেন কে — অনুপম মিশ্র।

৫৬। পদাতিক, ট্যাঙ্ক গোলন্দাজ বাহিনীকে একজায়গায় নিয়ে এসে ছোট ছোট কয়েকটি স্বয়ংসম্পূর্ণ ইউনিট তৈরি করল ভারতীয় সেনাবাহিনী। সামরিক পরিভাষায় এর নাম কী — ইন্টিগ্রেটেড ব্যাটল গ্রুপ।

৫৭। কোন দেশে নিজেদের প্রথম আন্তর্জাতিক ক্যাম্পাস স্থাপন করছে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট বেঙ্গালউরু — ইন্দোনেশিয়া (দেশটির পূর্ব জাভার মালাংয়ে অবস্থিত 'সিংঘাসারি স্পেশাল ইকোনমিক জোন'এ এই ক্যাম্পাসটি গড়ে তোলা হবে)।

৫৮। সব সরকারি, সরকারি সাহায্যপ্রাপ্ত ও বেসরকারি বিদ্যালয়ে প্রতিদিনের শিক্ষা কার্যক্রম শুরু হওয়ার আগে জাতীয় স্তোত্র 'বন্দে মাতরম' ও জাতীয় সঙ্গীত 'জনগণমন' গাওয়া বাধ্যতামূলক করল কোন রাজ্য — ত্রিপুরা।

৫৯। ১৮ মিটার অপারেশনাল ড্রাফট ক্ষমতাসম্পন্ন ভারতের দ্বিতীয় বন্দর কোনটি — তামিলনাড়ুর কামারাজার বন্দর (বিশাখাপত্তনমের পর)।

৬০। মিজোরাম বিশ্ববিদ্যালয়ের 'ন্যাচারাল হিস্ট্রি মিউজিয়াম'কে ভারতের কত তম মনোনীত জীববৈচিত্র্য সংরক্ষণাগার হিসাবে স্বীকৃতি দিল কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রক — ২১ তম।

৬১। ফ্লোরিডার টাম্পায়, 'আমেরিকান অ্যাসোসিয়েশন অফ ফিজিশিয়ানস অফ ইন্ডিয়ান অরিজিন'এর তরফ থেকে 'এএপিআই হিউম্যানিটারিয়ান পুরস্কার' পেলেন কে — 'রিলায়েন্স ফাউন্ডেশন'এর প্রতিষ্ঠাতা ও চেয়ারপার্সন নীতা আম্বানি।

৬২। কোন বিমানবন্দরকে সম্প্রতি ওষুধ আমদানির অনুমোদিত প্রবেশপথ হিসাবে ঘোষণা করল কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক — নভি মুম্বই আন্তর্জাতিক বিমানবন্দর।

৬৩। জাতীয় শিক্ষা নীতি ২০২০ ও 'উল্লাস' কর্মসূচির আওতায় দেশের ষষ্ঠ পূর্ণ সাক্ষর রাজ্যের স্বীকৃতি পেল কারা — উত্তরাখণ্ড।

৬৪। ২০২৫ সালের জন্য, 'সঙ্গীত নাটক আকাদেমি'র তরফ থেকে মর্যাদাপূর্ণ 'উস্তাদ বিসমিল্লাহ খান যুব পুরস্কার'এর জন্য নির্বাচিত হলেন কে — আহমেদাবাদের ঐতিহাসিক গোস্বামী হাভেলির ১৬শ আচার্য 'আচার্য রণছোড়লাল গোস্বামী (৫৫০ বছরের প্রাচীন ঐতিহ্যবাহী ভক্তি সঙ্গীত ধারা 'হাভেলি সঙ্গীত' সংরক্ষণ ও প্রসারে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পাচ্ছেন তিনি)।

৬৫। ওড়িশার চাঁদিপুরে অবস্থিত ইন্টিগ্রেটেড টেস্ট রেঞ্জে পিনাকা লং রেঞ্জ গাইডেড রকেটের সফল উড়ান পরীক্ষা সম্পন্ন করল কোন সংস্থা —

খেলাধূলা

৬৬। ২০২৮ সালে 'এশিয়ান ইন্ডোর অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ' আয়োজন করবে কোন দেশ — ভারত।

৬৭। মিউনিখে, 'আইএসএসএফ বিশ্বকাপ'এ মহিলাদের ২৫ মিটার পিস্তল ইভেন্টে বিশ্ব রেকর্ড ভেঙে সোনার পদক পেলেন কে — ভারতীয় শুটার ইশা সিং (ফাইনালে ৫০'এর মধ্যে ৪৩ স্কোর করে দক্ষিণ কোরিয়ার কিম ইয়েজি'র আগের ৪২ পয়েন্টের রেকর্ড ভেঙে সোনার পদক জিতলেন তিনি)।

৬৮। সম্প্রতি প্রয়াত রাজা রণধীর সিং (৭৯ বছর) কে ছিলেন — প্রখ্যাত শুটার ও ক্রীড়া প্রশাসক (২৭ মে মারা যান তিনি)।

৬৯। জাপানে, 'ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ আল্ট্রা রানার্স'এর ২৪ ঘন্টা এশিয়া ও ওশেনিয়া চ্যাম্পিয়নশিপে ভারত মোট ক'টি পদক পেয়েছে — ৫টি।

৭০। এবছর প্রথম 'বিশ্ব যোগাসন চ্যাম্পিয়নশিপ'এর আয়োজন করেছে কোন শহর — আহমেদাবাদ (৪ জুন থেকে ৮ জুন)।

৭১। গ্লাসগোতে, 'কমনওয়েলথ গেমস'এ ভারতের 'শেফ ডি মিশন' হিসাবে নিযুক্ত হন কে — রোহিত রাজপাল।

৭২। সম্প্রতি অবসর ঘোষণা করা বিজয় শঙ্কর কোন খেলার সঙ্গে যুক্ত — ক্রিকেট।

৭৩। কর্ণাটকের দ্বিতীয় তথা বেঙ্গালউরুর প্রথম দাবাড়ু হিসাবে 'উইমেনস ইন্টারন্যাশনাল মাস্টার' খেতাব অর্জন করলেন কে — স্বরা লক্ষ্মী নায়ার।

৭৪। প্রথম ভারতীয় দাবাড়ু হিসাবে একই 'নরওয়ে চেস' আসরে বিশ্বের এক নম্বর ম্যাগনাস কার্লসেনকে দু'বার ক্লাসিক্যাল ফরম্যাটে হারালেন কে — রমেশবাবু প্রজ্ঞানন্ধা।

৭৫। ২০২৫-'২৬ সালে এফআইএইচ 'হকি উইমেনস নেশনস কাপ'এ ভারতীয় দলের নেতৃত্ব দিয়েছেন কে — সালিমা তেতে।

৭৬। এবছর ২২ তম 'এশিয়ান অনূর্ধ্ব-২০ অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ'এ পদক তালিকায় সামগ্রিকভাবে কততম স্থান অধিকার করেছে ভারত — দ্বিতীয় (১০টি সোনা, ৫টি রুপো ও ৪টি ব্রঞ্জ পদক-সহ মোট ১৯টি পদক পেয়েছে ভারত)।

৭৭। এবছর 'অনূর্ধ্ব-১৭ এশিয়ান কুস্তি চ্যাম্পিয়নশিপ'এ ভারতীয় মহিলা কুস্তিগীররা মোট ক'টি পদক পেয়েছেন — ১০টি (২টি সোনা, ৩টি রুপো ও ৫টি ব্রঞ্জ পদক)।

৭৮। হংকংয়ে, 'এশিয়ান অনূর্ধ্ব-২০ অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ'এ পুরুষদের ৮০০ মিটার দৌড়ে সোনার পদক পেলেন কে — ভারতের মোগলি ভেঙ্কটরাম।

৭৯। এবছর 'ইন্ডিয়ান প্রিমিয়র লিগ' জিতল কোন দল — রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালউরু (গুজরাত টাইটানস'কে ৫ উইকেটে হারিয়ে)।

সঙ্কলক : পলি দেওয়ান

UI/UX ডিজাইনার ও প্রোডাক্ট ডিজাইনার

১ পাতার পর

কম্পিউটারের অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ১২,০০০/- - ১৫,০০০/- টাকা।

পদ : GenAI বেসড প্রোডাক্ট ডিজাইনার।

বিজ্ঞান শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও, সায়েন্স গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে কম্পিউটারের অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ৩৩,০০০/- - ৬৫,০০০/- টাকা।

উভয় পদে আবেদনের জন্য টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ডের কোনো প্রয়োজন নেই। বয়স হতে হবে ৩১.১০.২০২৬ এর হিসাবে ৩০ বছরের মধ্যে।

ট্রেনিং কত দিনের ও কোথা থেকে নেবেন : এই বিপুল সংখ্যক পোস্টে আবেদনের জন্য ঠিক কীভাবে নিজেকে তৈরি করলে, সামনের ৯ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেনই, তা জানতে আমরা কথা বলেছিলাম এই নিয়োগের দায়িত্বে থাকা রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার সিইও ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, 'আমাদের রাজ্যে একমাত্র তথ্যপ্রযুক্তি (IT) ক্ষেত্রেই সারা বছর ধরে নিয়োগ চলে। শুধুমাত্র শেষ ৯ মাসেই (জানুয়ারি-সেপ্টেম্বর) রাজ্যের সিলিকন ভ্যালি তথা কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় কমবেশি ৮২,০০০ নিয়োগ হয়েছে। আর এই নিয়োগের বেশিরভাগটাই হয়েছে **GenAI based UI/UX Designer** ও **GenAI based Product Designer** এই ২ পদে।' এর কারণ কি? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'আজকের প্রযুক্তি নির্ভর দুনিয়ায় সবচেয়ে গুরুত্ব দেওয়া হয় ডিজাইনিংয়ের ক্ষেত্রে — তা সে অ্যাপই হোক বা ওয়েবসাইট। কথায় বলে, 'প্যাহলে দর্শনধারী, বাদ মে গুণ বিচারি'। অর্থাৎ ওয়েবসাইট বা অ্যাপ দেখে সাধারণ মানুষ যাতে আকৃষ্ট হয়, ডিজাইনারকে সবচেয়ে আগে সেটাই মাথায় রাখতে হবে। তবেই বাড়বে ইউজারের সংখ্যা। আর তবেই বাড়বে অ্যাপটির ডাউনলোডিং ট্র্যাফিকের পরিমাণ — যা অ্যাপটিকে গুগল প্লে স্টোর বা অ্যাপেল প্লে স্টোরে পপুলার করবে।

শুধুমাত্র উচ্চমাধ্যমিক যোগ্যতায় কোনো টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই ৯ মাসের মধ্যে বছরে ৩,০০,০০০ টাকা থেকে ৪,৮০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি সপ্তাহে ৭০টি থেকে ৮০টি কোম্পানিতে এই ২ পদে কয়েকশো চাকরি

আর এই খানেই লাগবে **UI/UX Designer.** অ্যাপের এই দেখনদারি কেমন হবে তা ঠিক করে দেবে ইউজার ইন্টারফেজ ডিজাইনার। অর্থাৎ অ্যাপ বা ওয়েবসাইটটি কেমন দেখতে হবে, কোথায় কোন রঙ থাকবে, কেমন হবে ডিজাইন, লেখায় কোন হরফ ব্যবহার করলে তা ডিজিটালি মানুষকে আকৃষ্ট করবে (অর্থাৎ পেজে বেশি সময় ধরে ইউজার থাকবে) — এই সব ধরনের টেকনিক্যাল ইনপুটস, পরিকল্পনাই করবে **UI/UX Designer.** অন্যদিকে আজকের যুগে দাঁড়িয়ে, এমন কোনো কোম্পানি নেই যেখানে **UI/UX Designer** লাগে না। একটা উদাহরণ দিলে ব্যাপারটা সহজেই বোঝা যাবে। আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে ৪০টি থেকে ৫০টি কোম্পানিতে কয়েকশো চাকরি হয়। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। **UI (User Interface) / UX (User Experience)** ডিজাইন জিনিসটা ঠিক কী? UI ডিজাইন, অ্যাপ / ওয়েবসাইটের চেহারা (যেমন রঙ, ফন্ট, লেআউট) নিয়ে কাজ করে। আর UX ডিজাইন, ইউজার বা ব্যবহারকারীর অভিজ্ঞতাকে সহজ ও কার্যকর করে তোলে — যা Figma, Adobe XD-এর মত সফটওয়্যার বা ট্যুলস ব্যবহার করে ওয়্যারফ্রেমিং, প্রোটোটাইপিং ও ইউজার টেস্টিং শেখানো হয়। আবার এখনকার AI যুগে শুধুমাত্র UI/UX Designer থাকলেই হবে না — আবার ওই টিমে Product Designer ও থাকতে হবে। এখন এই **Product Designer**-এর কাজটা কি? একটা উদাহরণ দিলে ব্যাপারটা সহজেই বোঝা যাবে। ভাবুন, আপনাকে একটা ফুড ডেলিভারি অ্যাপ ডিজাইন করার কথা বলা হল। **UI/UX Designer**-রা ওই অ্যাপের আউটলুক অর্থাৎ রঙ, ফন্ট, লেআউট ইত্যাদি এমনভাবে তৈরি করল, যাতে সেটা খুবই আকর্ষনীয় হয়। কিন্তু এখানেই কাজ শেষ হয় না। অ্যাপটিকে কিভাবে জনপ্রিয় করা যায় — সেই গুরুত্বপূর্ণ ধাপটাই নির্ভর করে **Product Designer**-এর কাজের ওপর। **Product Designer** মূলত অ্যাপটির সর্বগ্রহণযোগ্যতা, জনপ্রিয়তা ও ইউজার ফ্রেন্ডলিনেস নিয়ে কাজ করে। সোজা বাংলায় বলতে গেলে Product Designer অ্যাপটি ব্যবহারের ক্ষেত্রে ইউজারের সমস্যা মেটাতে বা অ্যাপটির ফিচার কিরকম হবে বা অ্যাপটির ইউজার ফ্লো ও ওয়্যার ফ্রেমস, ইন্টারফেস ডিজাইন ও সর্বোপরি ডেভেলপার ও প্রোডাক্ট ম্যানেজারের সাথে সংযোগ স্থাপন করে অ্যাপটিকে সর্বাধিক জনপ্রিয় করার ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অর্থাৎ এক কথায় এই ট্রেনিংয়ের মাধ্যমে ওয়েব ও মোবাইল অ্যাপ ডিজাইন করার দক্ষতা অর্জন করা যায়। সোজা কথায় বলতে গেলে ডিজিটাল পণ্যের মার্কেটিং এই ট্রেনিং ছাড়া সম্ভব নয় — তাই দেশ বিদেশের প্রতিটি কোম্পানিতে এই বিশেষ ধরণের স্কিলড প্রফেশনালসদের চাহিদা এত বেশি। সেইজন্য সারাবছর ধরে এই বিশেষ সেকশানের জন্য এত বেশি সংখ্যক লোক লাগে। naukri.com এর গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে গ্রাফিক্স ডিজাইনিংয়ের ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৬ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।'

এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে?

উত্তরে অর্ঘ্যবাবু বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ — (১) একমাত্র এখানেই GenAI বেসড UI/UX Designer ও Product Designer-এর ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। **শুধুমাত্র উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়ে অথবা কমার্স / আর্টস / বিজ্ঞান / বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা অন্য যেকোনো বিষয়ের নন-টেকনিক্যাল গ্র্যাজুয়েটরাও এই ট্রেনিং নিতে** পারবেন। সঙ্গে শুধুমাত্র কম্পিউটারের ওপর অ্যাডভান্সড কোর্স করা থাকলেই **কোনো ধরনের টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই,** যেকোনো মধ্য মেধার ছেলেমেয়ে আবেদনের জন্য যোগ্য। (২) এখানে ডিজাইনিংয়ের মধ্যে সবথেকে গুরুত্বপূর্ণ সেকশন অর্থাৎ 'ইউজার ইন্টারফেজ (**UI**)' (যে বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয়) এর ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। কোনো দ্রব্যের প্যাকেজিং-ই বলুন কিংবা যেকোনো ব্যানার, লিফলেটের ডিজাইন অথবা লোগো ডিজাইন — সব ব্যাপারেই লাগবে এই ধরনের প্রফেশনালসদের। অর্থাৎ ডিজিটালি যা কিছু কনটেন্ট লাগবে তা ডেভেলপ করতে হলে, বা প্রোডাক্টের ওপর লেখা কীরকম দেখতে হবে বা ডিজাইন কেমন হলে তা সহজেই সবার চোখ টানবে — তা শেখানো হয় এই ট্রেনিংয়ের মাধ্যমে। যা অন্য কোথাও আলাদাভাবে শেখানো হয় না। (৩) একমাত্র এখানেই **GenAI based UI/UX Designer** ও **GenAI based Product Designer** এর ওপর ৬ - ৯ মাসের অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এছাড়াও একমাত্র এখানেই GenAI বেসড ওয়েব ডিজাইনিংয়ের অন্যতম গুরুত্বপূর্ণ টুলস ChatGPT, Gemini, Claude মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৫) একমাত্র এই প্রতিষ্ঠানেই UI / UX ডিজাইনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন **'Interactive Element', 'Minimalistic & Clean Design', 'Customised Mobile Friendly Design', 'Contrasting Colour'**-এর ব্যবহার আলাদাভাবে শেখানো হয়। আবার প্রোডাক্ট ডিজাইনিংয়ের ক্ষেত্রে এই ইন্ডাস্ট্রির সবচেয়ে গুরুত্বপূর্ণ ফিচার যেমন **'Understand the problem', 'Research Users', 'Create User Flows', 'Develop Wireframes', 'Design UI', 'Build Prototypes', 'Launch', 'Measure & Improve'** এর ব্যবহার বিশেষভাবে শেখানো হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজাইনিং কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৬) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা, যেখানে ওয়েব ডিজাইনিংয়ের ওপর AI Prompting Tools (Figma AI, Galileo AI, FramerAI, Notion AI, MiroAI) এর ব্যবহার দেশের সেরা সেরা AI Modulator-দের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ওয়েব ডিজাইনিংয়ের জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয়, যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) আমাদের ট্রেনিংয়ে Figma, Sketch, Adobe PS, Squarespace, Adobe Dreamweaver, Adobe Illustrator, Canva, Adobe XD, Adobe Primier Pro, Adobe After Effects, Relume, Midjourney, Uizard এর মতো অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারে কাজ শেখানো হয়। এছাড়াও, এই কোর্সের মধ্যে এই ট্রেন্ডের সবচেয়ে মডিফায়েড মডিউল যেমন, Shopify, Wix বা Webflow-র মতো আইটি ইন্ডাস্ট্রির সবচেয়ে চালু ও উন্নত Drag & Drop HTML builder-এ কাজ শেখানো হয় — যা আমাদের রাজ্যে আর কোথাও ভাবাই যায় না। (৮) এছাড়াও এখানে ইন্ডাস্ট্রির সবচেয়ে উন্নত ১০টির ওপর AI বেসড **Prompt Command Tools** শেখানো হয়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (৯) একমাত্র এখানেই GenAI বেসড UI / UX ডিজাইনিং ও প্রোডাক্ট ডিজাইনিং একসঙ্গে শিখে 'কেরিয়ার এনহ্যান্সমেন্টে'র অভিনব সুযোগ আছে। অর্থাৎ, এখানে যাঁরা **UI / UX** ডিজাইনিং (শুরুতে মাইনে ১২,০০০/- - ১৫,০০০/- টাকা) ট্রেনিং-এর থেকে আরো ভালো প্যাকেজের চাকরি চান, তাঁরা প্রোডাক্ট ডিজাইনিং ট্রেনিংও নিতে পারেন (তখন মাইনে হবে ৩৩,০০০/- - ৬৫,০০০/- টাকা) — এই সুযোগ অন্য কোথাও পাবেন না। এছাড়াও এই ট্রেনিং নেওয়া থাকলে ইন্ডাস্ট্রিতে আপনার কদর অনেকটাই বেড়ে যাবে। কারণ আপনি তখন, 'UI / UX ডিজাইনার' অথবা 'প্রোডাক্ট ডিজাইনার' দু'ভাবেই, যেকোনো বড় কর্পোরেট বা আইটি সংস্থায় উঁচু পদের জন্য সহজেই আবেদন করতে পারবেন। (১০) এখানে টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড নেই অর্থাৎ শুধুমাত্র উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েদের জন্য আলাদাভাবে প্রশিক্ষণ দেওয়া হয়। তাদের জন্য **'No Code, Low Code'** এর মতো অভিনব কারিকুলাম করা আছে, যাতে তারা খুব সহজেই এই ট্রেনিং নিতে পারে। (১১) আমাদের সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা। (১২) আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায় যদি প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকে। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সাথে গ্লোবাল টেক জায়েন্ট Shopify এর মতো কোম্পানি স্ট্র্যাটেজিক পার্টনারশিপ টাই আপ থাকায় এখান থেকে, পাশ করলে Shopify Global Partnership Certification এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানকার ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালউরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায় তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (১৩) আমাদের এখানে সেরা সেরা **GenAI based UI/UX Designer** ও **GenAI based Product Designer**'রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (১৪) এই ট্রেনিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেইন্ড করে এখানকার ছেলেমেয়েরা UI/UX ডিজাইনার ও প্রোডাক্ট ডিজাইনার হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে পারে। (১৫) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১৬) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১৭) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' (১৮) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) স্কলারশিপের ব্যবস্থা আছে — যা অন্য কোথাও নেই। তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ভালো পে-প্যাকেজ অর্থাৎ ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ থেকে ৯ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 অথবা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

রাজ্যে ৬,০০০ ক্লার্ক

১ পাতার পর

বলতে ও পড়তে পারা দরকার। তবে যাঁদের মাতৃভাষা নেপালী, তাঁদের বেলায় বাংলা ভাষা না জানলেও হবে। প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন'। ২০২৪ সালের ক্লার্কশিপ' পরীক্ষার মাধ্যমে। প্রথমে পার্ট-। পরীক্ষা, তারপর পার্ট-।। পরীক্ষা। তারপর কম্পিউটার টেস্ট হবে।

প্রথম পার্টের লিখিত পরীক্ষা হবে দু'টি ব্যাচে, দু'টি হাফে। পরীক্ষা হবে এবছর ডিসেম্বর মাস নাগাদ (সম্ভবত পরীক্ষা ১৩ ডিসেম্বর হতে পারে)। এইসব কেন্দ্রে (ব্রাকেটে কোড নং দেওয়া হল) : কলকাতা (১১), বারুইপুর (১২), ডায়মন্ডহারবার (১৩), ব্যারাকপুর (১৪), বারাসাত (১৫), কৃষ্ণনগর (২৬), হাওড়া (১৬), চুঁচুড়া (১৭), বর্ধমান (১৮), দুর্গাপুর (১৯), পুরুলিয়া (২৩), মেদিনীপুর (২০), তমলুক (২১), ঝাড়গ্রাম (২৪), বাঁকুড়া (২২), সিউড়ি (২৫), বহরমপুর (২৭), মালদা (২৮), বালুরঘাট (২৯), রায়গঞ্জ (৩০), জলপাইগুড়ি (৩১), আলিপুরদুয়ার (৩২), কোচবিহার (৩৩), শিলিগুড়ি (৩৪), কালিম্পং (৩৫), দার্জিলিং (৩৬)। দার্জিলিং কেন্দ্রটি একমাত্র দার্জিলিং জেলার পার্বত্য আদিবাসী ও দার্জিলিং সদর, কার্শিয়াঙ আর কালিম্পং মহকুমার প্রার্থীদের জন্য প্রযোজ্য।

প্রথম পার্টের লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) ইংরিজি - ৩০ নম্বর, (খ) জেনারেল স্টাডিজ - ৪০ নম্বর, (গ) অ্যারিথমেটিক - ৩০ নম্বর। সময় থাকবে দেড় ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। প্রথম পার্টের পরীক্ষায় সফল হলে তবেই দ্বিতীয় পার্টের পরীক্ষার জন্য ডাকা হবে।

দ্বিতীয় পার্টে প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের। এইসব বিষয়ে : (ক) ইংরিজি -৫০ নম্বর। এই পেপারে থাকবে রিপোর্ট লেখা, সামারি বা, প্রেসি লেখা, বাংলা থেকে ইংরিজিতে অনুবাদ করা। (খ) বাংলা/হিন্দি / নেপালী / উর্দু / সাঁওতাড়-৫০ নম্বর। সময় থাকবে ১ ঘন্টা। এই পেপারে থাকবে রিপোর্ট লেখা, সামারি বা, প্রেসি লেখা, ইংরিজি থেকে বাংলায় অনুবাদ করা।

প্রথম ও দ্বিতীয় পার্টে কোয়ালিফাই করলে এরপর কম্পিউটার টেস্টের জন্য ডাকা হবে। প্রতিটি গ্রুপ / পেপারে থাকবে আলাদা কোয়ালিফাইং নম্বর। কোনোটিতে কোয়ালিফাইং নম্বর না পেলে সফল হতে পারবেন না। তপশিলী, ও.বি.সি.'দের জন্য কোয়ালিফাইং নম্বরে ছাড় আছে। পার্ট-। ও পার্ট-।। মিলিয়ে কোয়ালিফাইং নম্বর পেতে হবে জেনারেলদের বেলায় ৪০%, ই.ডব্লু.এস. ৪০%, ও.বি.সি. ৩৮%, তঃজাঃ ৩৫%, তঃউঃজাঃ, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মেধাবী খেলোয়াড়দের বেলায় ৩০%।

প্রথম পার্টের পরীক্ষায় ইংরিজি বিষয়ে থাকবে ভোকাবুলারি, গ্রামার, বাক্য গঠন, সিনোনিম, অ্যান্টোনিম ও শব্দের সঠিক ব্যবহার। জেনারেল স্টাডিজ পেপারে ভারতীয় ইতিহাস, ভূগোল, দৈনন্দিন বিজ্ঞান ও ভারত-সহ সাম্প্রতিক ঘটনা ও সমস্যা বিষয়ে প্রশ্ন থাকবে আর অ্যারিথমেটিকের প্রশ্ন হবে মাধ্যমিক পরীক্ষার অঙ্কের সিলেবাস অনুযায়ী। প্রশ্ন হবে বাংলা ও ইংরিজিতে।

চূড়ান্ত তালিকা তৈরির সময় পার্ট-ওয়ান, পার্ট-টু ও কম্পিউটার টেস্টের নম্বর ধরা হবে। ইন্টারভিউ নেই। এই পরীক্ষা যতবার খুশি দিতে পারবেন। দার্জিলিং জেলা-সহ অন্যান্য যে কোনো জেলার দৃষ্টিহীন প্রতিবন্ধীরা অন্য কারোর সাহায্যে পরীক্ষা দিতে চাইলে শুধুমাত্র দক্ষিণ কলকাতা কেন্দ্রে পরীক্ষা দিতে পারবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 12/2024, Date: 06.10.2026.

দরখাস্ত করবেন অনলাইনে, ২৬ অক্টোবর পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://psc.wb.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে।

যাঁরা প্রথমবার পি.এস.সি.'র পরীক্ষার জন্য দরখাস্ত করবেন, তাঁরা One time Registration-এ গিয়ে যাবতীয় তথ্য দিয়ে নাম রেজিস্ট্রেশন করবেন ধাপে ধাপে।

প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে পরীক্ষার নাম সিলেক্ট করে মোবাইল নম্বর দিয়ে 'সেভ' করলে লগ-ইন ডিটেলস-এ যাওয়া যাবে। তখন একটি স্ট্রং পাশওয়ার্ড তৈরি করবেন ও ই-মেল আই.ডি. দেবেন। তারপর পার্সোন্যাল ডিটেলস-এ যেতে হবে।

এরপর ১২ পাতায়

29 বছর ধরে সাফল্যের সাথে - শঙ্কর দার কোচিং

PSC Clerkship
এর ফর্ম ফিল-আপ চলছে

Weekly 6 Days Class

ক্লাস চলছে

WBP, KP, SSC GD, SLST, TET, Railway, Panchyet, WBCS, PSC Clerkship, SI etc.

PSC Clerkship Prelims ও Main ● Army Agnibir, TA Army

পশ্চিমবঙ্গ পুলিশ ২০২৪-এ কয়েকশো সফল ছাত্র-ছাত্রীদের মধ্যে কয়েকজনের নাম ও ঠিকানা দেওয়া হল।

স্থানাভাবে যাদের ছবি প্রকাশ হল না, পরবর্তীতে তাদের ছবি প্রকাশ করা হবে।



SUKANTA HANSDA Bankura	SUSHANTA MUDIKORA Bankura	SAGEN TUDU Bankura	BISWAJIT MARANDI Purulia	MINTU MONDAL North 24 Pgs.	SADHAN TUDU Purulia	PRIYA MAJHI North 24 Pgs.	LITON PAHAN Dinajpur	SANDIP KUMAR KUNDU Purba Burdwan	SOURAV GHOSH Bankura
ANKITA SAMANTA South 24 Pgs.	PATHIK PAL Bankura	MITHUN CHAKRABORTY Nadia	PAYEL BISWAS Nadia	SUBHO MAL Birbhum	AYAN SIKDER North 24 Pgs.	ASHIM PAL Paschim Medinipur	SANJOY MAHATA Bankura	JAYANTA DAS North 24 Pgs.	MOHINKA ROY Howrah
NIBEDITA GAYEN South 24 Pgs.	PRITAM BISWAS North 24 Pgs.	SAMARESH SANTRA Nadia	SATYAJIT HALDER North 24 Pgs.	SACHIN ROY Purulia	AVIJIT MAITY Bankura	JAYANTA SARDAR South 24 Pgs.	TAPES MANDAL Malda	UTTAM KUMAR BISWAS North 24 Pgs.	NITAI JANA Paschim Medinipur
SAFIUL SHAIKH Birbhum	SAKIB GAZI North 24 Pgs.	BHASKAR SARKAR Nadia	BILTU MAITY Bankura	SAILEN NAYAK Bankura	DIPAYAN BAITALIK Howrah	MINTU BISWAS Murshidabad	AKASH DAS Purba Medinipur	SUDAM BHAKTA Purba Medinipur	MD KHALID HASAN North 24 Pgs.
SANTANU BALA Nadia	BABUSWAR SAREN Bankura	SOURAV KUMAR Purulia	CHANDAN MANNA Purba Medinipur	BARNALI ROY Bankura	JOY MONDAL Bankura	SANJIT DAS North 24 Pgs.	APURBA MANDAL Nadia	PRITAM HALDER North 24 Pgs.	KAJARI GHOSH North 24 Pgs.
SONIA KHATUN North 24 Pgs.	RAJA KAR North 24 Pgs.	RAMIZ SK Murshidabad	ELORA BAIN North 24 Pgs.	PUSPENDU MONDAL Nadia	SADHANA DAS North 24 Pgs.	RAJ MANDAL Nadia	AKSHAY ADHIKARY North 24 Pgs.	SUMAN DAS North 24 Pgs.	BABUA PYNE Nadia
RITA PATRA South 24 Pgs.	SOUVIK DASMAHANTA Bankura	RATMONI HANSDA Paschim Medinipur	SAGARIKA MATIA Purba Medinipur	DIPRAJ MALLICK North 24 Pgs.	SOURAV BASKEY Paschim Medinipur	AMIT CHAKRABORTY North 24 Pgs.	SUPARNA SARKAR North 24 Pgs.	SUBHADIP SING Paschim Medinipur	KABARI BALA Paschim Medinipur
BIDISHA BISWAS North 24 Pgs.	SOUMEN MAITY Paschim Medinipur	HEMANTA DHARA Bankura	SADDAM HOSSAIN Birbhum	DIPANKAR AHIR Paschim Medinipur	KAUSHIK GHOSH North 24 Pgs.	RITIKA DHAR Kolkata	RAJESH ATA Paschim Medinipur	PRITHWIRAJ PAL Birbhum	PAYEL MAHLI North 24 Pgs.

নীচের স্থানগুলিতে শংকর দার কোচিংয়ের নতুন Franchisee দেওয়া হবে। Call : 9733814088 Franchisee এর জন্য ফোন করার সময় : 11 A.M. to 3 P.M.

● শিলিগুড়ি ● কুচবিহার ● উত্তর দিনাজপুর ● দক্ষিণ দিনাজপুর ● বালুরঘাট ● ইসলামপুর ● জলপাইগুড়ি ● আলিপুরদুয়ার ● রায়গঞ্জ ● মালদা রথবাড়ি ● রসানবাগ-মুর্শিদাবাদ ● পলাশী- নদিয়া ● বেথুয়াডহরি-নদিয়া ● করিমপুর-নদিয়া ● রানাঘাট ● কল্যাণী ● কৃষ্ণনগর ● আসানসোল ● দুর্গাপুর ● কালনা ● পশ্চিম বর্ধমান ● আরামবাগ ● বিষ্ণুপুর ● তমলুক ● গড়বেতা ● ঝাড়গ্রাম ● পশ্চিম মেদিনীপুর ● কাঁথি-পূর্ব মেদিনীপুর ● শ্যামপুর-হাওড়া ● ডায়মন্ডহারবার ● বেহালা ● বসিরহাট ● আদ্রা-পুরুলিয়া ● ব্যারাকপুর

মছলন্দপুর বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার, মছলন্দপুর, উত্তর ২৪ পরগনা ✆ 9733894444

Experienced GI Teacher চাই

রাজ্যে ৬,০০০ ক্লার্ক

১০ পাতার পর

তারপর নাম ও মোবাইল নম্বর দিলে OTP আসবে। তারপর স্টেপ বাই স্টেপ তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে।

যাঁরা পি.এস.সি.'র কোনো পরীক্ষার জন্য আগে নাম রেজিস্ট্রেশন করেছিলেন, তাঁদের বেলায় Login to your Account (Starting with PSC)-তে গিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে।

পি.এস.সি.'র কোনো পরীক্ষায় যাঁদের নাম আগে রেজিস্ট্রেশন করা আছে, তাঁরা নতুন করে নাম রেজিস্ট্রেশন করলে দরখাস্ত বাতিল হওয়ার সম্ভাবনা থাকবে। আগের রেজিস্ট্রেশনে পাশওয়ার্ড নম্বর ভুলে গেলে তা বৈধ মোবাইল নম্বর থেকে রিকভারি করতে পারবেন।

এবার পরীক্ষা ফী বাবদ ১১০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা অনলাইনে দিতে পারবেন, ২৬ অক্টোবরের মধ্যে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। ফর্ম পূরণ করতে কোনো অসুবিধা হলে ই-মেল করুন এই মেল আই.ডি.-তে : pscwbit01@gmail.com

২০২৩ সালের ক্লার্কশিপ পার্ট-।। পরীক্ষার ফল এ মাসেই বেরোবে। টাইপিং টেস্ট ডিসেম্বরে হওয়ার সম্ভাবনা আছে।

ফর্ম পূরণের আগে এইসব প্রমাণপত্র সঙ্গে রাখবেন —

(১) স্ক্যান করা পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার।
(২) ফটো আইডি কার্ড হিসাবে ভোটার কার্ড/ আধার কার্ড / পাসপোর্ট / প্যান কার্ড ইত্যাদির প্রমাণপত্রের আই.ডি. নম্বর।
(৩) মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও ডিগ্রি কোর্সে পাওয়া মোট নম্বর, গড় নম্বর ও পাশ করার বছর।
(৪) কাস্ট সার্টিফিকেটের নম্বর, ইস্যুয়িং অথরিটি ও তারিখ।
(৫) বৈধ মোবাইল নম্বর ও ই-মেল আইডি
(৬) টাকা জমা দেওয়ার জন্য ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইউ.পি.আই বা, নেট ব্যাঙ্কিং তথ্য।

প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। প্রথমে মোবাইল নম্বর ও ই-মেল আইডি দিতে হবে। তারপর OTP দিয়ে পাশওয়ার্ড সেভ করতে হবে। প্রাথমিকভাবে নাম রেজিস্ট্রেশন হওয়ার পর ৭টি ধাপে দরখাস্ত করতে হবে। প্রতিটি ধাপ পরপর পূরণ করে যেতে হবে। দরখাস্ত করার সময় প্রতিটি কলম পূরণ করার আগে ভালো করে দেখে নেবেন। প্রতিটি ধাপেই এডিট করার সুযোগ আছে। তাই খুব সতর্ক হয়েই ফর্ম পূরণ করবেন।

তুলসীর সরকারি চাকরির সেরা বই
- TULSHIR SSC TET HANDBOOK (Social Studies / Social Science) ₹ : 890
- TULSHIR UPPER PRIMARY TET PRACTICE SET (Arts) ₹ : 500
- TULSHIR SSC TET HANDBOOK (Science / Mathematics) ₹ : 890
- TULSHIR PRIMARY TET HANDBOOK ₹ : 700
- TULSHIR PRIMARY TET PRACTICE SET ₹ : 500
- তুলসীর পরিবেশবিদ্যা (পেডাগজি-সহ) ₹ : 400

Tulshi Publishing
9903210844 /8100480354

রাজ্য ও রেল পুলিশের ড্রাইভার

১ পাতার পর

হিসাবে ২১ থেকে ৪০ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। হাল্কা গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে ও অন্তত ৩ বছর গাড়ি চালানোর অভিজ্ঞতা থাকতে হবে। পারিশ্রমিক মাসে ১৬,০০০ টাকা।

প্রার্থী বাছাই হবে ড্রাইভিং টেস্ট ও ইন্টারভিউয়ের মাধ্যমে। তারপর হবে ডাক্তারি পরীক্ষা। ইন্টারভিউয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূল সঙ্গে নিয়ে যাবেন।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম পাবেন এই ওয়েবসাইটে : www.wbpolice.gov.in পূরণ-করা দরখাস্তের সঙ্গে দেবেন : (১) বয়স, শিক্ষাগত যোগ্যতা ও আধার কার্ডের স্ব-প্রত্যয়িত নকল, (২) ড্রাইভিং লাইসেন্স ও অভিজ্ঞতার সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (৩) মোটর রিপেয়ারিং সংক্রান্ত কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল (যদি থাকে)। দরখাস্ত সরাসরি হাতে -হাতে জমা দিতে হবে ১৭ অক্টোবরের মধ্যে। এই ঠিকানায় : The Commissioner of Police, Chandannagar Police Commissionerate, Chinsurah Police Lines, Chinsurah, Hooghly.

হাওড়া রেল পুলিশে ড্রাইভার

হাওড়া রেল পুলিশ (জি.আর.পি.) ড্রাইভার পদে ৫ জন ছেলে নিচ্ছে। ক্লাস এইট পাশ ছেলেরা ৭-১০-২০২৬'এর হিসাবে ২১ থেকে ৪০ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। ৪ চাকার গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে ও অন্তত ৩ বছর গাড়ি চালানোর অভিজ্ঞতা থাকতে হবে। পারিশ্রমিক মাসে ১৬,০০০ টাকা। চাকরি হবে চুক্তিতে।

প্রার্থী বাছাই হবে ড্রাইভিং টেস্ট (২০ নম্বর) ও ইন্টারভিউ (২০ নম্বর)-এর মাধ্যমে। তারপর হবে ডাক্তারি পরীক্ষা। ইন্টারভিউয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূল সঙ্গে নিয়ে যাবেন।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম পাবেন এই ওয়েবসাইটে : www.wbpolice.gov.in পূরণ-করা দরখাস্তের সঙ্গে দেবেন : (১) বয়স, শিক্ষাগত যোগ্যতা ও আধার কার্ডের স্ব-প্রত্যয়িত নকল, (২) ড্রাইভিং লাইসেন্স ও অভিজ্ঞতার সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (৩) এখনকার তোলা ১ কপি পাশপোর্ট মাপের ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে)। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for the post of Driver (Contractual), 2026'. দরখাস্ত পৌঁছনো চাই ২১ অক্টোবরের মধ্যে। এই ঠিকানায় : Office of the Superintendent of Railway Police, Howrah, 2nd Floor Yatri Niwas, New Complex, Howrah Railway Station, Howrah-711101. দরখাস্ত হাতে-হাতেও ওই ঠিকানায় জমা দিতে পারবেন।

Join BNG
Hotel Management Institute, Kolkata
World's Most Popular and Job Oriented Course
100% PLACEMENT ASSURED

HOTEL, HOSPITALITY & TOURISM MANAGEMENT COURSES

PROGRAM DURATION	TOTAL FEE	FEE AFTER SCHOLARSHIP
1 Year (Learn & Earn From Day 1)	₹ 50,000/-	Pay ONLY ₹ 5,000/-

BARBEQUE NATION Direct Job
BNG
আসন সীমিত, আজই যোগাযোগ করুন:
96740 62259 / 98307 96307
ক্যাম্পাস : সেক্টর V সল্টলেক ও নিউ টাউন ব্রিজের কাছে, বাস স্টপ - কোল ভবন।
W : www.bngkolkata.com | E : admin@bngkolkata.com
| P : +9198307 96307 | Toll Free : 1800 891 1508

RICE ADAMAS GROUP
রাজ্যে শূন্যপদে লক্ষাধিক নিয়োগ—আপনি তৈরি তো?
RICE EDUCATION
চলতি অর্থবর্ষের মধ্যে রাজ্য সরকারের ৫৪টি প্রশাসনিক দপ্তরে এক লক্ষেরও বেশি শূন্যপদে কর্মী নিয়োগের প্রক্রিয়া শুরু হয়ে গেছে।
দীর্ঘ ৪১ বছরের অভিজ্ঞতাসম্পন্ন প্রতিষ্ঠানের সঠিক দিশা ও পরিকল্পিত প্রশিক্ষণে আজ থেকেই শুরু হোক সাফল্যের প্রস্তুতি।
PSC CLERKSHIP 2024 পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশিত।
Kolkata Police SI 2023 ও WB Police Constable 2024-এ সাফল্যের নিরিখে আবারও RICE-এর ছাত্রছাত্রীদের জয়জয়কার!
১৫০+ সাফল্য

PSC Clerkship, Police ও TET-এর চাকরির লক্ষ্যে প্রস্তুতি শুরু হোক সঠিক দিশায়।
PSC Clerkship Pro (Online)
Police Combined (Offline I Online)
TET (Online)
RICE Education-এর সব শাখায় ভর্তি চলছে

Classroom I Residential | IAS I WBCS I PSC I SSC I Rail I Police I Bank I Insurance
Head Office - Belgharia (Dishari House) 84799 02085 / 84799 18026 | Sealdah (City Office) 84799 17959 / 84799 18013
Bardhaman : 84799 00575 |Berhampore : 84799 17952 |Behala : 84799 17961 |Coochbehar : 84799 00576 |Durgapur : 84799 00578 | Jalpaiguri : 73648 82509 |Malda : 84799 17953 |Midnapore : 84799 17954 |Siliguri : 84799 17965 |Sonarpur. 84799 17962 |Tamluk : 84799 17957
Helpline 62921 90230
riceeducation.in

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com